WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__ WBTET
TET__ পর্যালোচনা
GK+GI+GS+CA

কাজের খবরে সেরা
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

বর্ষ ৪০ সংখ্যা ৩১ কলকাতা বুধবার, ২৬ ফেব্রুয়ারি ২০২০ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৩ ফাল্গুন ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

মিসলেনিয়াস প্রিলিমিনারি
পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ১০

## কেন্দ্রীয় সরকারে ১৩৫৫ চাকরি

বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রক, দপ্তর ও সংস্থায় ১,৩৫৫ জন কর্মী নিয়োগ করা হবে। দেশের বিভিন্ন রিজিয়নে নিয়োগ করা হবে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, টেকনিক্যাল অপারেটর, গার্ল ক্যাডেট ইনস্ট্রাক্টর-সহ বিবিধ পদে। যে-কোনও রিজিয়নের শূন্যপদেই আবেদন করতে পারেন। এখানে ইস্টার্ন রিজিয়নের জন্য নির্দিষ্ট ৩২৯টি শূন্যপদের বিষয়ে জানানো হল। প্রার্থী বাছাইয়ের দায়িত্বে রয়েছে স্টাফ সিলেকশন কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Phase-VIII/ 2020/Selection Posts

**শূন্যপদের বিন্যাস:** ইস্টার্ন রিজিয়ন: পোস্ট কোড ER10120: **লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট (জেনারেল):** শূন্যপদ ১৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। **বয়স:** ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার ন্যাশনাল লাইব্রেরিতে।

পোস্ট কোড ER10320: **লাইব্রেরি ক্লার্ক (জেনারেল):** শূন্যপদ ২৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার ন্যাশনাল লাইব্রেরিতে।

পোস্ট কোড ER10520: **জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওলজি):** শূন্যপদ ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER10820: **জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওলজি):** শূন্যপদ ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার সল্ট লেকের জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER10920: **জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওফিজিক্স):** শূন্যপদ ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার সল্ট লেকের জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER11420: **টেকনিক্যাল অপারেটর (ড্রিলিং):** শূন্যপদ ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার সল্ট লেকের জিওলজিক্যাল

এরপর পনেরোর পাতায়

## রাজ্যে ২০২১ গ্রামীণ ডাক সেবক

পশ্চিমবঙ্গ জুড়ে ২,০২১ জন গ্রামীণ ডাক সেবক নিয়োগ করবে ভারতীয় ডাক বিভাগ। পুরুষ-মহিলা উভয়ই আবেদন করতে পারেন। নিয়োগ হবে ওয়েস্ট বেঙ্গল পোস্টাল সার্কেলের বিভিন্ন ডিভিশনে— ব্রাঞ্চ পোস্টমাস্টার এবং অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্টমাস্টার পদে। দেশের প্রত্যন্ত অঞ্চলগুলিতেও ডাক পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে গ্রামীণ ডাক সেবক নিয়োগের এই সিদ্ধান্ত নিয়েছে ভারতীয় ডাক বিভাগ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর Rectt/R-100/ ONLINE/GDS/CYCLE-II/VOL-I.

**মোট শূন্যপদ:** ২,০২১টি (সাধারণ ৮৮২, তফসিলি জাতি ৪২৯, তফসিলি উপজাতি ৯৪, ও বি সি ৪০৮, আর্থিকভাবে অনগ্রসর ১৪৪, প্রতিবন্ধী ৬৪)।

এরপর পনেরোর পাতায়

## ব্যুরো অব ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডসে ১৪৮

সায়েন্টিস্ট 'বি' পদে ১৪৮ জনকে নেবে ব্যুরো অব ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস। নিয়োগ করা হবে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফুড টেকনোলজি-সহ বিভিন্ন শাখায়।

শাখানুসারে শূন্যপদের বিন্যাস: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৪৮টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫, আর্থিকভাবে অনগ্রসর ৫)। মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং: ২৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিকভাবে অনগ্রসর ৩)। সিভিল ইঞ্জিনিয়ারিং: ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ২)। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস ইঞ্জিনিয়ারিং: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। কম্পিউটার ইঞ্জিনিয়ারিং: ১১টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। ফুড টেকনোলজি: ১৪টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি

এরপর সাতের পাতায়

## ন্যাশনাল ইনফর্মেটিক্সে ৪৯৫

৪৯৫জন সায়েন্টিস্ট (বি) এবং সায়েন্টিফিক/টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (এ) নিয়োগ করবে ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টার। এটি ভারত সরকারের ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি মন্ত্রকের একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NIELIT/NIC/2020/1.

**সায়েন্টিস্ট-বি:** শূন্যপদ ২৮৮ (সাধারণ ১১৯, তফসিলি জাতি ৪৩, তফসিলি উপজাতি ২১, ও বি সি ৭৭, আর্থিকভাবে অনগ্রসর ২৮)। এর মধ্যে ১২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** নির্দিষ্ট বিভিন্ন বিষয়ের মধ্যে যে কোনওটিতে বি ই বা বি টেক বা ডোয়েক বি-লেভেল বা এ এম আই ই বা এম এসসি বা এম সি এ অথবা এম ই বা এম টেক অথবা এম ফিল বা জি আই ই টি ই। বিষয়গুলি হল: ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, কমিউনিকেশন, কম্পিউটার অ্যান্ড নেটওয়ার্কিং সিকিউরিটি, কম্পিউটার অ্যাপ্লিকেশন, সফটওয়্যার সিস্টেম, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি ম্যানেজমেন্ট, ইনফর্মেটিক্স, কম্পিউটার ম্যানেজমেন্ট, সাইবার ল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন।

**বেতনক্রম:** ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

এরপর পনেরোর পাতায়

## নর্দার্ন কোলফিল্ডসে ৩০৯

৩০৯ জন ট্রেনি নেবে সিংগ্রৌলির নর্দার্ন কোলফিল্ডস। নিয়োগ হবে ডাম্পার অপারেটর, ডোজার অপারেটর, ড্রিল অপারেটর-সহ বিভিন্ন পদে। এটি কয়লা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NCL/HQ/ PD/Manpower/DR/2019-20/187.

**শূন্যপদের বিবরণ:** ড্র্যাগলাইন অপারেটর ট্রেনি: ৯টি। ডোজার অপারেটর ট্রেনি: ৪৮টি। গ্রেডার অপারেটর ট্রেনি: ১১টি। ডাম্পার অপারেটর ট্রেনি: ১৬৭টি। শোভেল অপারেটর ট্রেনি: ২৮টি। পে লোডার অপারেটর ট্রেনি: ৬টি। ক্রেন অপারেটর ট্রেনি: ২১টি। ড্রিল অপারেটর ট্রেনি: ১৭টি।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** ড্র্যাগলাইন অপারেটর ট্রেনি পদের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে ফিটার বা ডিজেল মেকানিক বা মোটর মেকানিক ট্রেডে আই টি আই পাশ। সংশ্লিষ্ট ট্রেডে বৈধ এন সি ভি টি বা এস সি ভি টি সার্টিফিকেট থাকতে হবে। পাশাপাশি বৈধ হেভি মোটর ভেহিক্যাল লাইসেন্স থাকতে হবে।

ড্রিল অপারেটর ট্রেনি পদের ক্ষেত্রে মাধ্যমিক পাশ হলেই আবেদন করা যাবে। অন্যান্য ট্রেনি পদের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে বৈধ হেভি মোটর

এরপর পনেরোর পাতায়

## রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে ১১৬

বিভিন্ন পদে ১১৬ জন কর্মী নেবে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়। নিয়োগ করা হবে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র অ্যাটেন্ড্যান্ট, জুনিয়র ফরাস, জুনিয়র সুইপার-সহ বিবিধ পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর Estt./7129/2020.

**শূন্যপদের বিন্যাস: গ্রেড ওয়ান: জুনিয়র অ্যাসিস্ট্যান্ট:** ৪১টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৩, ও বি সি-এ ৬, ও বি সি-বি ৩)। **গ্রেড টু: জুনিয়র অ্যাটেন্ড্যান্ট:** ২৭টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ৩)। **জুনিয়র গার্ড:** ১১টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ৩, ও বি সি-বি ১)। **জুনিয়র সিকিউরিটি নায়েক:** ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। **জুনিয়র ফরাস:** ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি ১)। **জুনিয়র সুইপার:** ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩, ও বি সি-এ ১, ও বি সি-বি ১)। **প্লাম্বার হেল্পার:** ১টি (তফসিলি উপজাতি)। **জুনিয়র ড্রাইভার:** ১টি (সাধারণ)। **লিফটম্যান:** ১টি (সাধারণ)। **জুনিয়র ইলেক্ট্রিশিয়ান:** ১টি (সাধারণ)।

**শিক্ষাগত যোগ্যতা:** জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক বা সমতুল। বাকি সব ক'টি পদের ক্ষেত্রে ক্লাস এইট পাশ। এ ছাড়া প্লাম্বার হেল্পার, লিফটম্যান ও জুনিয়র

এরপর সাতের পাতায়

## সরকারি প্রতিরক্ষা সংস্থায় ১০৮ অ্যাপ্রেন্টিস

আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে ১০৮ জনকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে কমব্যাট ভেহিক্যালস রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট এস্টাব্লিশমেন্ট। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। ১ বছরের প্রশিক্ষণ। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর CVRDE/ ADMIN/2020.

ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ২৩টি, ড্রাফটসম্যান (মেকানিক্যাল): ৫টি, ইলেক্ট্রিশিয়ান: ২০টি, ফিটার: ৩৩টি, মেশিনিস্ট: ১১টি, মেকানিক (মোটর ভেহিক্যাল): ৫টি, টার্নার: ৫টি,

এরপর সাতের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




## দক্ষিণ দিনাজপুরে ২০৪ ভিলেজ রিসোর্স পার্সন

২০৪ জন ভিলেজ রিসোর্স পার্সন নেবে ওয়েস্ট বেঙ্গল স্টেট রুর্যাল ডেভেলপমেন্ট এজেন্সি। নিয়োগ করা হবে দক্ষিণ দিনাজপুরের প্রতিটি ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে। যে ব্লকের যে গ্রাম পঞ্চায়েতের শূন্যপদে আবেদন করবেন, প্রার্থীকে সেখানকার স্থায়ী বাসিন্দা হতে হবে। সেল্ফ হেল্প গ্রুপে কর্মরত তফসিলি মহিলারা অগ্রাধিকার পাবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত মাধ্যমিক।

**ব্লক ও গ্রাম পঞ্চায়েত অনুসারে শূন্যপদের বিন্যাস:** বালুরঘাট ৩১টি (অমৃতখণ্ড ৩, বোল্লার ৪, বোয়ালা ৩, চকভৃগু ৪, দাঙ্গা ২, গোপালবাটী ১, জলঘর ৫, ভাতপাড়া ৫)। হিলি ১২টি (বিনশিরা ২, ঢালপাড়া ৩, হিলি ২, জামালপুর ৩, পুঞ্জাল ২)। তপন ২৬টি (আজমতপুর ২, আউটিনা ৩, দ্বীপখণ্ড ৪, গোফানগর ৩, গুরিয়াল ২, হাজতপুর ২, হরসুরা ২, মালঞ্চ ২, রামচন্দ্রপুর ২, রামচন্দ্রপুর ২, তপনচণ্ডিপুর ২)। কুমারগঞ্জ ৩০টি (বটুন ৭, ভোর ১, দেওর ৩, ঝাকিরপুর ২, মোহনা ৪, রামকৃষ্ণপুর ৩, সাফানগর ৮, সমঝিয়া ২)। গঙ্গারামপুর ৪৪টি (অশোকগ্রাম ৬, বাগুরিয়া ৫, বেলবাড়ি ২, চালুন ৬, দমদমা ৭, গঙ্গারামপুর ২, নন্দনপুর ৩, শুকদেবপুর ৬, উদয় ৭)। বংশীহারী ১৪টি (ব্রজবল্লভপুর ২, ইলাহাবাদ ৪, গাঙ্গুরিয়া ৩, মহাবাড়ি ৩)। হরিরামপুর ২৩টি (বাগিচাপুর ৪, বাইরহাট্টা ৫, গোকর্ণ ৩, পুন্ডরি ৪, সৈয়দপুর ৩, শিবর্শে ৪)। কুশমণ্ডি ২৪টি (আকচা ৩, বেরোইল ২, দেউল ২, কালিকামরা ৪, করণজি ৪, কুশিণ্ডি ৪, মালিগাঁও ২, উদয়পুর ৩)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। উচ্চতর যোগ্যতা থাকলেও আবেদন করা যাবে। প্রার্থীকে বা তাঁর পরিবারের কোনও সদস্যকে মহাত্মা গান্ধী ন্যাশনাল রুর্যাল এমপ্লয়মেন্ট গ্যারেন্টি স্কিম (এম জি এন আর ই জি এস)-এ কাজ করে থাকতে হবে। **বয়স:** অন্তত ১৮ বছর হতে হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.ddinajpur.nic.in দরখাস্ত ভরা খামের উপর লিখবেন 'Application for selection to the post of VRP' যথাযথভাবে পূরণ করা দরখাস্ত ৪ মার্চের মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টে সংশ্লিষ্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসারের কাছে দরখাস্ত জমা দিতে হবে। অথবা সরাসরি গিয়েও (দুপুর ১১টা থেকে বিকেল সাড়ে ৪টের মধ্যে) দরখাস্ত জমা দিতে পারেন। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৪০ সংখ্যা ৩১ □ ২৬ ফেব্রুয়ারি ২০২০

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**SBI/ UCO/ HDFC/ YES BANK/** ব্যাংক অফিস ও MNC Co.-তে সরাসরি অফিসিয়াল / স্থায়ীপদে/ 327 জন স্মার্ট বাংলাভাষী (18-36) M/F শীঘ্রই নিয়োগ। বেতন: 11,754/- – 34,850/- (PF + ESI + Inc) W2C, Kol-56. বেলঘরিয়া/ ব্যারাকপুর: 83348-59516, বেহালা/ ধর্মতলা: 62892-51870, বিধাননগর/ হাওড়া: 90513-83837, গড়িয়া/ টালিগঞ্জ: 62911-81432.

□

**পঃ বঃ ২৩টি জেলায়, Pvt নার্সিং হোম,** হসপিটালে স্থায়ী কাজের জন্য কর্মী নিয়োগ চলছে। বেতন: 11,400/- – 19,500/-, R. L., Kol-9. (M): 78726-66501.

□

**SBI / Amazon / Vodafone কাস্টঃ** কেয়ারে বাংলা ভাষী M/F নিয়োগ চলছে। যোগ্যতা: MP-Graduate, বেতন: INC + OT-সহ 12,800/-, Z.M.S, Salt Lake, Sec-V, Kol-91. M: 70440-49492/ 62912-62546.

□

### ADAT ACADEMY

**Training Instructor** চাই। বেতন: 8,000/- – 25,000/-, + Incentive, যোগ্যতা: NCC 'B' অথবা 'C' Certificate Holder. Helpline: 85095-53432, Arambag, Hooghly-712601.

□

### হোটেল ম্যানেজমেন্ট

**কেন্দ্র-রাজ্য সরকার ISO স্বীকৃত সংস্থায়** কম সময়ে কম খরচে কোর্স করে ভবিষ্যৎ গড়ুন। ৮,০০০/- + থাকা, খাওয়া, উন্নতি। bshm.co.in / 92316-80651.

□

**Jio / Naptol / SBI কাস্টঃ** কেয়ারে বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 12,800/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 62912-62546/98301-20692.

□

### Airport ও Metro-তে ২১৫ জন মহিলা ও পুরুষ চাই

**লাইসেন্স নং: WB/829/SI** বেতন: 16,500/- – 38,200/-. Tag বয়, ট্রলি বয়, SV, চেকিং, লোডার, Cargo, ড্রাইভার, Road কন্ট্রাকশন, ইলেক্ট্রিক্যাল, মেন্টেন্যান্স পদে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে নিয়োগ। ESI, PF-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। M.C, শিয়ালদহ, Kol-10. (M): 90880-98682.

□

### সরাসরি 7 দিনে চাকরি

**গভঃ রেজি নং: 254/01** কোনও ডোনেশন লাগে না। যোগ্যতা: নামসই-স্নাতক সরাসরি জো: পেরোলে দ্য-সহ উঃ বঙ্গে স্থায়ী চাকুরি। বেতন: 16,900/- – 37,500/-. পদ: ম্যানেজার, ক্লার্ক, SV, ASV, ইনচার্জ, পিওন ATM টাওয়ার ব্যাঙ্ক, (DSA) Ex. ম্যান গানম্যান গার্ড ও অন্যান্য। এছাড়া কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট মেট্রো মার্কেট নেভি জাহাজে বন্দরে চাকরি। OT, ছুটি, P.F, বোনাস অন্যান্য সুবিধা। ST, OBC, SC খাওয়া থাকার ব্যবস্থা। G. C. A. B. B. N 24 Pgs. 99335-27495, 80136-07954.

□

### GUARANTED JOB

**সরাসরি Pvt. ব্যাঙ্কে Payroll ও DSA-**তে ব্যাঙ্ক অফিস ও Operation-এ Urgent প্রার্থী চাই। (MP-MA) PF + ESI. হাওড়া/ হুগলি: 70443-81672 শ্রীরামপুর/ ব্যান্ডেল: 86976-16060 ব্যারাকপুর/ ডানলপ: 74497-02185 নৈহাটি/ কল্যাণী: 86975-95918 বনগাঁ ও দমদম: 84208-88113.

□

### Airport, মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে পার্মানেন্ট জব

**Govt. R/L-3293** সম্পূর্ণ বিনা ডোনেশনে এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে (DSA)-তে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 47,700/-. S. C, বিধাননগর রোড, Kol-64. (M): 95644-96362.

□

### VACANCY

**কলকাতা Airport ও মেট্রোতে** কন্ট্রাক্টরের অধীনে 182 জনকে চেকিং, ট্রলিবয়, ইনচার্জ, প্যাকিং-এ অন্যান্য পদে (৮ম-স্নাতক) নিয়োগ। বেতন: 16,200/- – 36,700/-, ESI, PF-সহ থাকা খাওয়া ফ্রি। A. J, বাগুইআটি রোড, Kol-59. (M): 83348-10073.

□

### 3-5 স্টার হোটেলে স্থায়ী কাজ

**Salary 10,700-19,900/-** থাকা খাওয়া Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 086977-55628.

□

### মহিলা ও পুরুষ (২১৩)

**শূন্যপদ-২১৩ জন।** সম্পূর্ণ গ্যারান্টি-সহকারে দমদম Airport ও Metro-তে সরাসরি কন্ট্রাক্টরের অধীনে (৮ম/স্নাতক) নিয়োগ চলছে। বেতন: 16,700/- – 32,200/- থাকা খাওয়া ফ্রী-তে। পদ: SV, ট্রলিবয়, Food প্যাকিং, চেকিং, Driver ও অন্যান্য। R. C, দমদম, Pin-59. 96742-79270.

□

### URGENT REQUIREMENT
### GOVT. R. G. No.: 42646

**স্ট্যাম্প পেপারে লিখিত-সহ Airport** কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। আপনার সাক্ষাতের মাধ্যমে জানতে পারবেন কাজের বিভিন্ন বিষয়। শীঘ্রই যোগাযোগ করুন: Power Circle-Jaan Mon Rd. North 24 Pgs. (M): 62913-46325.

□

### JIO, Voda এবং SBI Banking

**বাংলা কাস্টঃ কেয়ারে MP-Graduate** (18-35) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F স্পট জয়েনিং চলছে। বেতন: 12,850/- + থাকার সুব্যবস্থা। প্রয়োজনে অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং, হেড অফিস: 73658-34373, দমদম: 84206-66060. IIFA, Kol-28.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

**সম্পূর্ণ গ্যারান্টি সহকারে Airport ও** ব্যাঙ্কে (DSA)-তে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 45,300/-, থাকা খাওয়া ফ্রী। BPL, P. K. Rd, Kol-97. (M): 74780-76419.

□

**Bank / Non-Banking-এ Collection** -এর জন্য Team Leader ও প্রচুর ছেলে মেয়ে চাই। বেতন: যোগ্যতা অনুযায়ী, M: 96796-55606 / 89101-81980.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

**সম্পূর্ণ গ্যারান্টি সহকারে দমদম** Airport-এ সরকারি কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 42,700/-, থাকা খাওয়া ফ্রী। দমদম রোড, Kol-74, P. C. D. (M): 97499-88784.

□

### বিবিধ শূন্যপদ- জব গ্যারান্টি

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও** ব্যাঙ্কে (DSA)-তে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক, বেতন: 17,600/- – 48,300/-, থাকা খাওয়া ফ্রী-তে। F. G. মানিকতলা রোড, Kol: 54. (M): 94337-27137.

□

### জাহাজে চাকরি

**G/I/No-W-359, পঃ বাংলায় M/F-দের** যোগ্যতানুযায়ী বিভিন্ন পোস্টে ও পঃ বাংলায় বিভিন্ন প্রান্তে কর্মপ্রার্থী নিয়োগ করানো হচ্ছে। বয়স: 18-42, বেতন: 19,500/- – 47,000/- থাকা খাওয়া-সহ অন্যান্য সুবিধা কোম্পানীর, S.J.S. বিধাননগর, কলি-64, M: 7586022298.

□

### সরাসরি কর্মী নিয়োগ

**প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co,** নার্সিং হোম, Pvt. হাসপাতাল, Co-তে কর্মী নিয়োগ চলছে। বেতন: (12,500/- – 18,500/-). M.J.S., Kol-9. (M): 89728-69872.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

**23 জেলায় Pvt. নার্সিং হোম, টাওয়ার** Co, ATM গার্ড ও ব্যাঙ্ক (DSA)-তে কাজের কর্মী চাই। বেতন: 12,500/- – 18,900/-) MEGHDOOT, R. M. Lane, Kol-09, (M): 83369-73383.

□

**প্রতিটি জেলায় Pvt হসপিটাল, নার্সিং** হোম, শপিং মলে কাজের জন্য M/F চাই। বেতন: 11,500/- – 18,500/-. (M): 78727-52502, M.J.S., Kol-9.

□

### সরাসরি স্থায়ী নিয়োগ
### Pvt. Bank, টাওয়ার, MNC

**বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে** স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে প্রতিটি জেলায় 147 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: 16,700/- – 29,200/-, ঠিকানা: R. J. বেলেঘাটা, কলি-১০। (M): 83348-10437.

□

### সরাসরি নিয়োগ

**জেলাভিত্তিক চাকরি।** নামসই-স্নাতক। বেতন: 16,500/-.– 24,500/- অফিস স্টাফ, S/V, স্টোরকিপার, ব্যাঙ্ক (DSA)-তে, লেবার পিওন, ATM-এ M/F চাই। D. J. S: 18/1, ব্র্যাবোর্ন Rd, Kol-01. M: 91634-49760.

□

### Airport মেট্রো ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 7 দিনে স্পট জয়েনিং

**স্ট্যাম্প পেপারে লিখিত-সহ Airport** মেট্রো ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 17,400/- – 45,700/- থাকা খাওয়া ফ্রী। K. E. R, P. K. Rd, Kol-56. M: 81019-85587.

## স্কুল-কলেজ শিক্ষা

### নার্সিং ট্রেনিং

**ভর্তি চলছে। ANM Nursing Training** (2 Yrs). Approved by BSS / NCVT/ NSDC (Govt. of India), Installment ও Hostel-এর সুবিধা এবং চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 92301-13485 / 92315-51285.

□

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স** ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Installment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারী, প্রাইমারী ও মন্তেশ্বরী** টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। Approved by B.S.S Govt. of India & IAO (USA). Placement Assistance. কবিগুরুপাঠভবন, শ্যামবাজার, টালিগঞ্জ, হাওড়া: 98308-15220 / 90510-74736.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার
জন্য বিজ্ঞাপন নেওয়া হবে
২৯ ফেব্রুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

১১ মার্চ কর্মক্ষেত্রর
জন্য বিজ্ঞাপন নেওয়া হবে
৭ মার্চ দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

**কর্মক্ষেত্র**
কার্যালয়ে যোগাযোগের ঠিকানা:
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৩

**কর্মক্ষেত্র কারা পড়েন?**

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ৩০০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in

**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

**স্বর্ণাক্ষরে বাংলা বই**

শঙ্খ ঘোষের
ইছামতীর মশা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০
বেড়াতে যাবার সিঁড়ি
আরও একগুচ্ছ ভ্রমণকথা ₹১২০

নবনীতা দেব সেনের
ভ্রমণের নবনীতা
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে। ৩য় মুদ্রণ ₹১২৫

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
দুচাকায় দুনিয়া
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
৭ম মুদ্রণ ₹৩০০

অমরেন্দ্র চক্রবর্তীর
বন্ধুভরা বসুন্ধরা
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
বাঁধা পথের বাঁধন ছেড়ে
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
দ্বিতীয় সংস্করণ ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
চিন তিব্বত মোঙ্গোলিয়া
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। দ্বিতীয় মুদ্রণ ₹৯০

সেরা ভ্রমণের কাহিনি
১ম খণ্ড ... ₹৩০০

মহাশ্বেতা দেবীর
বিস্ময়কর বই
তুতুল তৃতীয় মুদ্রণ ₹৬০

সুভাষ মুখোপাধ্যায়ের
ছড়ার বই বকবকম ₹১৫

কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য বই
চলো দেখে আসি
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹৫০
চড়ুইয়ের সঙ্গে ₹১৫
কুমির হয়ে জলে গেল ₹৩০

মৈত্রেয়ী নাগের
বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০
আষাঢ়ে গল্প ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
চোখে দেখা গল্প ₹১৫০
মাতলাগাঙের ভূত ₹৭৫
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
গরিলার চোখ ₹৮০
লিচুবাগানের চৌকিদার ₹৮০
বরফের বাগান ₹১২০
ছেঁড়াকাঁথার গল্প ₹৭৫
আমাজনের জঙ্গলে
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৩য় মুদ্রণ ₹৭০
হীরু ডাকাত
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে ... MP3 সিডি
শাদা ঘোড়া ৭ম মুদ্রণ ₹৭৩
যাযাবর
...
পাখির গাড়ি ₹৫০
ভূতের বাঁশি ...

প্রাপ্তিস্থান
শিশু সাহিত্য সংসদ প্রাঃ লিঃ, ৩২এ, আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা-৯ ...

অনলাইন কিনতে হলে: www.readbengalibooks.com

সব বই এখান থেকেও কেনা যাবে
স্বর্ণাক্ষর
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ফোন: ৯৮৩৩৩-০৯১৭০ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
ই-মেল: swarnakshar.books@gmail.com

WhatsApp Group
STUDY MATERIALS LINK
PSC_GROUP D_RAIL
TARGET_WBTET
TET শর্টকাট
GK+GI+GS+CA

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# গাঠিয়া, ভুজিয়া, ঝুরিভাজা তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** গাঠিয়া, ভুজিয়া, ঝুরি-ভাজা প্রভৃতি খাদ্যগুলি ছোট-বড় সকলের কাছেই অত্যন্ত মুখরোচক। ফলে চাহিদা থাকে সারাবছর।

**কীভাবে করবেন:** গাঠিয়া, ভুজিয়া, ঝুরিভাজা প্রভৃতি খাদ্যদ্রব্য তৈরির প্রধান কাঁচামাল হল বেসন। উৎপাদিত খাদ্যবস্তুর প্রকারভেদ অনুযায়ী প্রথমে পরিমাণমতো বেসন দিয়ে অর্ধতরল মিশ্রণ বানাতে হবে। বিভিন্ন ধরনের গাঠিয়া, ভুজিয়া, ঝুরিভাজা তৈরি করতে প্রয়োজনমতো ডাইসের পরিবর্তন করতে হবে। এবার সেই মিশ্রণ মেশিনের হপারে ঢেলে, মেশিন চালু করলে মিশ্রণটি গাঠিয়া, ভুজিয়ার আকার নেবে। এরপর সেগুলি ভাজার কড়াইতে দিতে হবে। ভাজা হয়ে গেলে অয়েল এক্সট্রাক্টর মেশিনের সাহায্যে অতিরিক্ত তেল বের করে নিতে হবে। মিক্সিং মেশিনে প্রয়োজনীয় মশলা গুঁড়ো করে তা গাঠিয়া, ভুজিয়া ও ঝুরিভাজার ওপর ছড়িয়ে দিন। সবশেষে সেগুলি প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন। মেশিনটির জন্য মোটর লাগবে ১ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ থেকে ৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** ১ হর্স-পাওয়ার মোটরযুক্ত এই মেশিনের দাম ৩২,০০০ টাকা। অয়েল এক্সট্রাক্টর মেশিনের দাম পড়বে ২৫,০০০ টাকা এবং মিক্সিং মেশিনের দাম পড়বে ২৫,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236 8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *হস্তচালিত তাঁত বয়ন শিল্পে আধুনিক ডিজাইন নিয়ে কাজ করার ব্যাপারে সহায়তা পেলে উপকৃত হব। কোথাও থেকে সহায়তা পাওয়ার সুযোগ আছে কি? —নাম প্রকাশে অনিচ্ছুক, শান্তিপুর, নদিয়া।*

□□ সরকারি ডিজাইন ফেসিলিটেশন সেন্টারে যোগাযোগ করতে পারেন। যোগাযোগের ঠিকানা: ডিজাইন ফেসিলি-টেশন সেন্টার, তন্তুজ ভবন, ১৮/৪, ডি ডি ব্লক, সেক্টর-১, সল্টলেক, কলকাতা-৬৪। কেন্দ্রের অফিসার-ইন-চার্জের সঙ্গে যোগাযোগের নম্বর: ৯৪৩৩১ ৪৪২৯০।

□ *রাজ্যের প্রাণিসম্পদ বিভাগ কর্তৃক উৎপাদিত মাংসজাত খাদ্যপণ্য বিক্রি করার জন্য কোথায় যোগাযোগ করতে হবে? কত পুঁজির দরকার হয়? —রানা দাশ, নিউটাউন, কলকাতা।*

□□ এখন অনলাইনেই পশ্চিমবঙ্গ প্রাণিসম্পদ উন্নয়ন নিগম কর্তৃক হরিণঘাটায় উৎপাদিত মাংস ও মাংসজাত বিভিন্ন খাদ্যপণ্য বিপণনের জন্য ডিলারশিপ চেয়ে আবেদন করা যায়। গোল্ড ক্যাটেগরির ডিলারশিপের জন্য ২৫ হাজার টাকা এবং সিলভার ক্যাটেগরির ডিলারশিপের জন্য ৫ হাজার টাকা নিগমকে দিতে হয়। আবেদনের জন্য অনলাইন ফর্ম পাবেন এই ওয়েবসাইটে: www.wbldc.in প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এল বি-২, সেক্টর-থ্রি, গ্রাউন্ড ফ্লোর, সল্টলেক, কলকাতা-১০৬। ফোন: ২৩৩৫-৫২৯৮।

□ *ছোট একটি হস্তশিল্প সামগ্রী তৈরির ইউনিট তৈরি করতে চাই। এ ব্যাপারে কিছু তথ্যের প্রয়োজন। সরকারি কোনও দপ্তর থেকে তথ্য পাওয়া যেতে পারে কি? কোথায় যোগাযোগ করতে পারি? —গোপাল সামন্ত, ইটাহার, উত্তর দিনাজপুর।*

□□ তথ্যের জন্য আপনি উত্তর দিনাজপুর জেলা শিল্পকেন্দ্রে যোগাযোগ করতে পারেন। ঠিকানা: জেলা শিল্পকেন্দ্র, কমার্শিয়াল এস্টেট, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর। ফোন: (০৩৫২৩) ২৫২১৪১/২৫২০৪৩।

□ *কোন কোন সরকারি প্রকল্প থেকে ব্যবসার জন্য আর্থিক সহায়তা পাওয়া যায়? ঋণ প্রকল্পগুলির নাম জানালে প্রকল্প অনুসারে তথ্যগুলি জেনে নেওয়ার চেষ্টা করতে পারি। —সন্দিত মুখোপাধ্যায়, দুর্গানগর, উত্তর ২৪ পরগনা।*

□□ ব্যবসার জন্য আর্থিক সহায়তা পাওয়া যেতে পারে এইসব ঋণপ্রকল্প থেকে: (১) এম এস এম ই গভর্নমেন্ট বিজনেস লোন স্কিম, (২) মুদ্রা বিজনেস লোন, (৩) ক্রেডিট গ্যারান্টি ফান্ড গভর্নমেন্ট বিজনেস লোন স্কিম, (৪) ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন সাবসিডি, (৫) ক্রেডিট লিঙ্ক ক্যাপিটাল সাবসিডি স্কিম, (৬) প্রাইম মিনিস্টারস এমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম।

□ *সফ্ট টয় তৈরি শিখতে চাই। ভালো কোনও প্রতিষ্ঠানের নাম-ঠিকানা ও ফি সম্পর্কে জানাবেন। —শিউলি ভুঁইয়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

□□ ইনস্টিটিউট অব টয় মেকিং টেকনোলজিতে আধুনিক পদ্ধতিতে সফট টয় তৈরি শেখানো হয়। এটি পশ্চিমবঙ্গ সরকারের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগ কর্তৃক স্বীকৃত। কোর্সটি তিনটি স্তরে বিভক্ত। প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং। তারপর অ্যাডভান্সড ট্রেনিং। প্রতি স্তরের ট্রেনিংয়ের ফি ৭,৫০০ টাকা। অর্থাৎ মোট ফি ১৫,০০০ টাকা। অ্যাডভান্সড ট্রেনিংয়ের পরে ইন্ডাস্ট্রিয়াল ইন্টার্নশিপে পাঠানো হয় বিভিন্ন খেলনা প্রস্তুতকারক সংস্থায়। আরও তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ইনস্টিটিউট অব টয় মেকিং টেকনোলজি, ডি এন-থ্রি, সেক্টর ফাইভ, সল্টলেক, কলকাতা-৯১। ফোন: ৯৮৩৬০-৬২৩৩৭।

□ *ছোট আকারের বায়োগ্যাস প্ল্যান্ট বসানোর ব্যাপারে কোন সংস্থার সঙ্গে যোগাযোগ করা যেতে পারে? —প্রবাল মাইতি, ভদ্রেশ্বর, হুগলি।*

□□ ভারত সরকারের নিউ অ্যান্ড রিনিউয়েবল এনার্জির বায়োগ্যাস টেকনোলজি ডেভেলপমেন্ট বোর্ড ছোট আকারের বায়োগ্যাসপ্ল্যান্ট তৈরি করে। বিশদে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: http://mnre.gov.in/biogas

□ *ফুড লাইসেন্স সংগ্রহের জন্য কোথায় যোগাযোগ করতে হবে? —প্রবীর মান্না, উলুবেড়িয়া, হাওড়া।*

□□ যোগাযোগ করবেন এই ঠিকানায়: কমিশনার অব ফুড সেফটি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ভবন, চতুর্থ তল, উইং 'বি', জি এন-২৯, সেক্টর-ফাইভ, সল্টলেক, কলকাতা-৯১। ফোন: ২৩৩৩-০৩০১। ই-মেল: cfswb10@gmail.com

কেন্দ্রীয় সরকারের লাইসেন্স পেতে চাইলে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://foodlicensing.fssai.gov.in

# কোস্টগার্ডে যান্ত্রিক

ট্রেনিং দিয়ে কিছু যান্ত্রিক নিয়োগ করবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। শুধুমাত্র ছেলেরা আবেদন করতে পারবেন। ট্রেনিং হবে ০২/২০২০ ব্যাচে। প্রশিক্ষণ শুরু হবে ২০২০-র অগস্টে। প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা নেওয়া হবে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**মোট শূন্যপদ ৩৭টি। শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সঙ্গে অল ইন্ডিয়া কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন (রেডিও/পাওয়ার) ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। তফসিলি জাতিভুক্ত প্রার্থী এবং জাতীয় স্তরের প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় বা তৃতীয় স্থানাধিকারী খেলোয়াড়রা নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫৭ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। পার্বত্য এবং উপজাতি অধ্যুষিত অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে ছাড় পাবেন। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া ৬/২৪ এবং চশমা-সহ ভালো ও খারাপ চোখে যথাক্রমে ৬/৯ এবং ৬/১২ হতে হবে। স্বাভাবিক শ্রবণক্ষমতা থাকা চাই।

প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি থাকলে চলবে না।

**বয়স:** ১৮ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৮-১৯৯৮ থেকে ৩১-৭-২০০২-এর মধ্যে। বয়সে তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের জন্য ডাকা হবে। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ৯ এপ্রিল থেকে ১৬ এপ্রিল পর্যন্ত এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in পশ্চিমবঙ্গের লিখিত পরীক্ষাকেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে সংশ্লিষ্ট বিষয়, ইংরেজি, জেনারেল নলেজ, রিজনিং এবং অ্যাপ্টিটিউড বিষয়ে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠ-বোস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২-৩ দিন ধরে।

ট্রেনিং শুরু হবে অগস্টে আই এন এস চিলকায়। প্রথমে বেসিক ট্রেনিং হবে। তার পর সি ট্রেনিং ও প্রফেশনাল ট্রেনিং হবে। প্রশিক্ষণে সফল হলে নিয়োগ হবে যান্ত্রিক পদে।

মূল বেতন ২৯,২০০ টাকা। সঙ্গে যান্ত্রিক পে ৬,২০০ টাকা এবং অন্যান্য সুযোগ-সুবিধা। ধাপে ধাপে প্রধান সহায়ক ইঞ্জিনিয়ার র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন মূল বেতন ৪৭,৬০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে উপকূলরক্ষী বাহিনীর এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৬ থেকে ২২ মার্চ পর্যন্ত।

যথাযথভাবে দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। নম্বরটি লিখে রাখুন। অ্যাডমিট কার্ড ডাউনলোডের সময় প্রয়োজন হবে। পূরণ করা দরখাস্তের দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না।

**পরীক্ষাকেন্দ্রে সঙ্গে নিয়ে যাবেন:** ✓দরখাস্তের দু'কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট। ✓অ্যাডমিট কার্ডের তিন কপি প্রিন্ট আউট। প্রতিটির নির্দিষ্ট স্থানে নীল ব্যাকগ্রাউন্ডে সম্প্রতি তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন। এক মাসের বেশি পুরনো ফটো চলবে না। ✓১০টি রঙিন পাসপোর্ট মাপের ফটো। অবশ্যই নীল ব্যাকগ্রাউন্ডে ছবি তোলাতে হবে। ✓মাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓পাসপোর্ট, আধার কার্ড, ভোটার পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স, স্কুলের পরিচয়পত্র বা সমতুল কোনও সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত যাবতীয় নথিপত্রের মূল কপিও সঙ্গে রাখবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়-এর
Assignment-এর উত্তর
Suggestive Note, প্রশ্নোত্তর বই
AMBITION Institute
কলকাতা: শিয়ালদহ অফিস
135/3A B.B. Ganguli Street, Kol - 12 (Beside George Telegraph, Opp. Sealdah Kaiban, 1st Floor)
Call- 9232352893 / SMS - 9233121214
সমস্ত জেলায় Free Home Delivery
Download Syllabus & Question Sample
www.ambitioninstitute.info

SYMBIOSIS INSTITUTE OF MANAGEMENT STUDIES
020-2559 3216 | +91 9822059549 | pravink@sims.edu | www.sims.edu
Admissions open for 2020-21 batch
Executive Post Graduate Diploma in Management (Executive PGDM)
15 months full-time programme (formerly PGADM/PGPM)
Application procedure:
Please visit the link for online registration-
https://www.sims.edu/expgdm
Programme commencement:
3rd June, 2020
Eligibility:
5 years work experience after graduation and 50% marks at graduation level.
Why Executive PGDM from SIMS:
• SIMS has been ranked as 7th amongst the Top leading B-Schools of Super Excellence and 1st in the state of Maharashtra amongst private institutes by CSR-GHRDC B-School survey, 2019
• Ranked as No. 1 B-School for MBA (Executive) by CSR-GHRDC B-School survey, 2019
• Specialisation options: Finance, HR, Marketing, Operations & SCM
• Centrally located in Pune
• Hostel facility available
Brig. (Dr.) Rajiv Divekar (Retd.), Director, SIMS
SYMBIOSIS INTERNATIONAL (DEEMED UNIVERSITY)
(Established under Section 3 of the UGC Act, 1956)
Re-accredited by NAAC with 'A' grade (3.58/4) | Awarded Category - I by UGC
No Capitation fee/Donation is charged for admission to any programme at any Symbiosis Institute

WhatsApp Group
STUDY_MATERIALS LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*যে-কাজটি তোমার হাতে রয়েছে তাতে মনঃসংযোগ করো। [illegible] সংযোজিত হলে তবেই সূর্যরশ্মি দহনের ক্ষমতা পায়।*
*— আলেকজান্ডার গ্রাহাম বেল (মার্কিন বিজ্ঞানী, টেলিফোনের আবিষ্কর্তা)*

***✓ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা করেছি। কোর্স সম্পূর্ণ হয়েছে ২০১৮-য়। বর্তমানে একটি বেসরকারি সংস্থায় চাকরি করছি। সরকারি চাকরির খোঁজ পেতে চাই।***

অর্ঘ্য মাইতি, *কাঁথি, পূর্ব মেদিনীপুর।*

☐ বিভিন্ন সরকারি সংস্থাতেই চাকরি আছে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** বেশকিছু ডিপ্লোমা ইঞ্জিনিয়ার নেবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। নিয়োগ হবে যান্ত্রিক পদে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলি-কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। ডিপ্লোমায় ৬০ শতাংশ নম্বর এবং প্রয়োজনীয় উচ্চতা থাকলে আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৯ ফেব্রুয়ারি সংখ্যায় 'কোস্টগার্ডে যান্ত্রিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে **১৬ থেকে ২২ মার্চের মধ্যে**, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in

> বেশকিছু ডিপ্লোমা ইঞ্জিনিয়ার নেবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। নিয়োগ হবে যান্ত্রিক পদে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলি-কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি।

কিছু সাব-ইনস্পেক্টর (ওয়ার্কশপ) নেবে বর্ডার সিকিউরিটি ফোর্স। এক্ষেত্রে নম্বরের বাধ্যবাধকতা নেই। 'কর্মক্ষেত্র'-র ১৯ ফেব্রুয়ারি সংখ্যায় 'বর্ডার সিকিউরিটি ফোর্সে ৩১৭' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত তথ্য জানানো হয়েছে। দরখাস্ত করতে হবে **১৬ মার্চের মধ্যে**, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bsf.nic.in খুঁটিনাটি তথ্য পাবেন এই ওয়েবসাইটেই।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার ও অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে আবেদন করতে পারবেন। স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে প্রতিবছরই কেন্দ্রীয় সরকারে কয়েকশো জুনিয়র ইঞ্জিনিয়ার নেওয়া হয়। আপনি আবেদন করতে পারবেন। রাজ্য সরকারগুলিতেও জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় জুনিয়র ইঞ্জিনিয়ার, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট প্রভৃতি পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও নানা চাকরির খবর পাবেন।

***✓ কমার্স গ্র্যাজুয়েট। পাশ করেছি ২০১৯-এ। গ্র্যাজুয়েশনে প্রথম শ্রেণির নম্বর আছে। সরকারি চাকরির সন্ধান দেবেন।***

তীর্থঙ্কর দত্ত, *কৃষ্ণনগর, নদিয়া।*

☐ গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন সরকারি চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। রয়েছে ব্যাঙ্ক, বিমা প্রভৃতি সংস্থায় চাকরির সুযোগও। নিজের পছন্দমতো চাকরি বাছাই করে সেই সব চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু কমার্স গ্র্যাজুয়েট নেবে ডেডিকেটেড ফ্রেইট করিডর কর্পোরেশন অব ইন্ডিয়া। নিয়োগ হবে এক্সিকিউটিভ পদে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কমার্স গ্র্যাজুয়েট। 'কর্মক্ষেত্র'-র ১৯ ফেব্রুয়ারি সংখ্যায় 'ডেডিকেটেড ফ্রেইট করিডরে চাকরি' শীর্ষক সংবাদে এই

> কিছু কমার্স গ্র্যাজুয়েট নেবে ডেডিকেটেড ফ্রেইট করিডর কর্পোরেশন অব ইন্ডিয়া। নিয়োগ হবে এক্সিকিউটিভ পদে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কমার্স গ্র্যাজুয়েট।

নিয়োগ-সংক্রান্ত খুঁটিনাটি তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে **১৫ মার্চের মধ্যে**, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dfccil.com

***পরে আবেদন করতে পারবেন:*** স্টাফ সিলেকশন কমিশন পরিচালিত কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারেন। এই পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগ ও সংস্থায় কয়েকশো অফিসার নিয়োগ করা হয়। কয়েকটি পদের ক্ষেত্রে কমার্স গ্র্যাজুয়েটদের সুবিধাই হয়। একইভাবে মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারে অফিসার নিয়োগ করা হয়। পরীক্ষা নেয় স্টাফ সিলেকশন কমিশন। আপনি এই পরীক্ষার জন্য আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক ও প্রবেশনারি অফিসার পদে আবেদন করতে পারবেন ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষার মাধ্যমে। তবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার এই দুই পদের ক্ষেত্রে আই বি পি এসের পরীক্ষার স্কোর দরকার হয় না। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট ও অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারেন। রেলের চাকরিতে আগ্রহ থাকলে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, ট্রাফিক অ্যাপ্রেন্টিস, গুডস গার্ড পদে আবেদন করতে পারবেন। কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস পদের ক্ষেত্রে কমার্স গ্র্যাজুয়েটদের খানিকটা সুবিধাই হয়। তবে এই চারটি পদের পরীক্ষা হয় একই সঙ্গে। পরীক্ষার ফলাফল অনুসারে পদ বণ্টন করা হয়। অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার এবং গুডস গার্ড পদের ক্ষেত্রে দৃষ্টিশক্তি একটি গুরুত্বপূর্ণ বিষয়। এ-ওয়ান মানের দৃষ্টিশক্তি থাকতে হয়। বিভিন্ন সরকারি সংস্থায় অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। অ্যাকাউন্টিং সফটওয়্যার ব্যবহার করে কাজ করার জ্ঞান থাকলে এক্ষেত্রে চাকরি পেতে সুবিধা হবে।

***✓ আমি ভূগোলের গ্র্যাজুয়েট। রেলের চাকরিতে বিশেষ আগ্রহী। রেলের কোন কোন পদে আমি চাকরির জন্য আবেদন করতে পারব? আলাদা করে কোনও কোর্স করলে কি রেলের চাকরি পেতে সুবিধা হবে?***

রাজীব ঘোষ, *দুর্গাপুর, বর্ধমান।*

☐ গ্র্যাজুয়েট যোগ্যতায় রেলের অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস ও ট্রাফিক অ্যাপ্রেন্টিস পদে আবেদন করা যায়। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই চার পদে আবেদন করতে পারেন।

স্নাতক যোগ্যতার সঙ্গে রেল ট্রান্সপোর্টেশন অ্যান্ড ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্স অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস ও ট্রাফিক অ্যাপ্রেন্টিস পদের ক্ষেত্রে অতিরিক্ত প্রয়োজনীয় যোগ্যতা বলে গণ্য হয়। ইনস্টিটিউট অব রেল ট্রান্সপোর্ট থেকে এই ডিপ্লোমা কোর্সটি করা যায়। এটি ভারতীয় রেলের

> স্নাতক যোগ্যতার সঙ্গে রেল ট্রান্সপোর্টেশন অ্যান্ড ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্স অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস ও ট্রাফিক অ্যাপ্রেন্টিস পদের ক্ষেত্রে অতিরিক্ত প্রয়োজনীয় যোগ্যতা বলে গণ্য হয়।

## কর্তব্যের প্রতি মনঃসংযোগ আপনাকে আলাদা করে চিনিয়ে দেবে



**প্রফেসর তপনকুমার চ্যাটার্জি**, ডিন, জে আই এস ইউনিভার্সিটি,
প্রাক্তন ডিরেক্টর, ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, যাদবপুর বিশ্ববিদ্যালয়

চাকরির জগৎটাকে মোটা দুটো ভাগে ভাগ করা যায়। একটা সরকারি চাকরির জগৎ। আরেকটা বেসরকারি চাকরির দুনিয়া। সরকারি চাকরির ক্ষেত্রটা মোটামুটি আমাদের জানা। সরকারি চাকরির প্রতি চাকরিপ্রার্থীদের ঝোঁক বেশি। তাই এক্ষেত্রে প্রতিদ্বন্দ্বিতাও তীব্র। বেসরকারি ক্ষেত্রে চাকরির বৈচিত্র্য বেশি। অর্থনীতির গতিপথ অনুসারে এক্ষেত্রে নতুন পেশার উদ্ভব ঘটে।

এখানে একটা কথা বলে রাখা ভালো। বেসরকারি চাকরি বলতে আমি মূলত কর্পোরেট সেক্টরের চাকরির কথা বলতে চাইছি। কর্পোরেট সেক্টরের চাকরি অনিশ্চিত, এরকম একটা ধারণা কাজ করে অনেকের মধ্যে। আপনি যদি কাজের লোক হন, তবে কর্পোরেট সেক্টরে আপনার কদর আছে। কারণ সংস্থাগুলির কাজের লোকের দরকার রয়েছে। কোনও সংস্থাই প্রকৃত কাজের লোককে হারাতে চায় না। বরং সমধর্মী অন্য সংস্থাগুলি আরও বেশি সুযোগ-সুবিধা দিয়ে একজন প্রকৃত কাজের লোককে ছিনিয়ে নিতে চায়। হ্যাঁ, নিজেকে এরকম একটা জায়গায় নিয়ে যাওয়ার জন্য কাজের প্রতি আন্তরিক হতে হয়, পরিশ্রমী হতে হয়, ক্রমাগত কাজ শিখতে হয়। আপনি যখন কাজের দুনিয়ায় পা রাখছেন, তখন তো আপনাকে একটা খোলসের মধ্যে বন্দি করে রাখলে চলবে না। আপনাকে চ্যালেঞ্জ নিয়ে সামনের দিকে এগোতেই হবে। ক্রমাগত এগোতে পারেন যদি, তবে আপনার চাকরিজীবন মোটেই অনিশ্চিত হয়ে পড়বে না।

এবার আপনাকে ঠিক করে নিতে হবে, আপনি কোন পথে এগোতে চান। প্রস্তুতির দরকার রয়েছে সব ক্ষেত্রের চাকরির জন্যই। সরকারি চাকরির জন্য এক রকমের প্রস্তুতি। কর্পোরেট চাকরির জন্য প্রস্তুতির ধরনটা আবার অন্য। সরকারি চাকরির পরীক্ষার জন্য নির্দিষ্ট সিলেবাস জানিয়ে দেওয়া হয়। সেই সিলেবাস অনুসারে নিয়মিত পড়াশোনা করে ক্রমশ প্রস্তুতির পর্বটাকে তুঙ্গে নিয়ে যেতে হয়। আর নির্দিষ্ট সময়ের মধ্যে যত বেশি সম্ভব নির্ভুল উত্তর করা প্রকৃতপক্ষে একটা আর্ট। দক্ষতাটা তৈরি হয় ক্রমাগত প্র্যাক্টিসের মধ্য দিয়ে। এই পর্বে নিজেকেই নিজের পরীক্ষক হতে হবে। অসংখ্যবার নিজেই নিজের পরীক্ষা নিতে হবে। ৬-৭ মাসের নিরলস প্রস্তুতি অন্তত কয়েকটি সরকারি চাকরির জন্য আপনাকে প্রস্তুত করে দিতে পারে। বিশেষ বিশেষ চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতির পর্বটা আরও লম্বা হবে। যেমন, রাজ্য বা কেন্দ্রীয় স্তরের সিভিল সার্ভিসের পরীক্ষার প্রস্তুতির জন্য আরও বেশি সময়ের দরকার হবে।

কর্পোরেট চাকরির ক্ষেত্রে সাধারণভাবে পরীক্ষকদের মুখোমুখি বসে পরীক্ষা দিতে হয়। যে-পদের পরীক্ষা দিতে যাবেন, যে-সংস্থায় পরীক্ষা দিতে যাবেন, সেগুলির পরিপ্রেক্ষিতে নিজেকে প্রস্তুত করতে হবে। এক্ষেত্রে নিজের অ্যাপ্টিটিউড প্রয়োগ করুন প্রস্তুতি নেওয়ার জন্য। সংস্থা কর্তৃপক্ষ আপনার মধ্যে একজন যোগ্য কর্মীকে খুঁজে নিতে চাইবেন। সেক্ষেত্রে কোন কোন গুণগুলোকে তাঁরা দেখতে চাইতে পারেন আপনার মধ্যে? ভাবুন বিষয়গুলি নিয়ে। আপনার শিক্ষা, আপনার ব্যক্তিত্ব, আপনার উদ্ভাবনী ক্ষমতা, আপনার আত্মবিশ্বাসের জোর, আপনার সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা— এগুলোই যাচাই করা হবে নানাভাবে।

সবশেষে বলব, মনঃসংযোগ একটা বড় বিষয়। অন্যভাবে বলা যায়, কর্তব্য সম্পর্কে ফোকাসড থাকাটা খুব জরুরি। প্রস্তুতি, পরীক্ষা, কাজ— সবক্ষেত্রেই এটা দরকার। আপনার চোখেমুখেও ফুটে থাকবে সেই মনঃসংযোগ, যা আপনাকে অনেকের থেকে আলাদা করে চিনিয়ে দিতে পারে।

প্রতিষ্ঠান। পড়ানো হয় দূরশিক্ষা ব্যবস্থায়। ফি: কন্ট্যাক্ট ক্লাস করতে চাইলে ৩ হাজার টাকা, কন্ট্যাক্ট ক্লাস না করলে ২ হাজার টাকা। ১ বছরের কোর্স।

রেল ট্রান্সপোর্টেশন অ্যান্ড ম্যানেজমেন্টের ডিপ্লোমা উপরোক্ত চার পদের ক্ষেত্রে আবশ্যিক যোগ্যতা নয়। তবে কোর্সটি করা থাকলে এই পদগুলির ক্ষেত্রে অগ্রাধিকার পাওয়া যায়।

***✓ রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং ট্রেডে আই টি আই কোর্স করেছি। চাকরির খোঁজ চলছে। চাকরির খোঁজ দিলে উপকৃত হব।***

অর্পণ মজুমদার, *জোকা, কলকাতা।*

☐ চাকরি আছে বিভিন্ন সরকারি ও রাষ্ট্রায়ত্ত সংস্থায়।

***এখনই আবেদন করতে পারেন:*** ১৪১জন টেকনিশিয়ান 'বি' নেবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো)। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেড কোর্স পাশ প্রার্থীরাই এই পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-র ১২ ফেব্রুয়ারি সংখ্যায় 'ইসরোয় ১৪১' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে **৬ মার্চের মধ্যে**, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isro.gov.in

কিছু হেড কনস্টেবল নেবে বর্ডার সিকিউরিটি ফোর্স। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং-সহ বিভিন্ন আই টি আই ট্রেডের প্রার্থীরাই এই পদে আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ১২ ফেব্রুয়ারি সংখ্যায় 'বর্ডার সিকিউরিটি ফোর্সে ৩১৭' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত খুঁটিনাটি তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে **১৬ মার্চের মধ্যে**, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bsf.nic.in তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইটটিই।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে টেকনিশিয়ান ও লেভেল-ওয়ান পদে আবেদন করতে পারবেন। চাকরি আছে অন্যান্য বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থাতেই। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও বিভিন্ন চাকরির খবর পাবেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

**কী পড়বেন, কোথায় পড়বেন**

## ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটে স্নাতক ও স্নাতকোত্তর কোর্স



কোর্স চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে।

বেশ কিছু বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর কোর্সে ভর্তি নেবে ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট (আই এস আই)। ভর্তি নেওয়া হবে প্রতিষ্ঠানের কলকাতা, দিল্লি, বেঙ্গালুরু, চেন্নাই, হায়দরাবাদ, গিরিডি এবং তেজপুর কেন্দ্রে। কোর্স চলাকালীন যোগ্য প্রার্থীরা নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাবেন। প্রার্থী বাছাইয়ের প্রবেশিকা পরীক্ষা ১০ মে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**কোর্সের বিবরণ: ব্যাচেলর অব স্ট্যাটিস্টিক্স (অনার্স):** আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল। অন্যতম বিষয় হিসেবে অবশ্যই ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। কোর্সের মেয়াদ: ৩ বছর। স্টাইপেন্ড: প্রতি মাসে ৫,০০০ টাকা। কোর্সটি পড়ানো হবে কলকাতায়।

**ব্যাচেলর অব ম্যাথমেটিক্স (অনার্স):** আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল। অন্যতম বিষয় হিসেবে অবশ্যই ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। কোর্সের মেয়াদ: ৩ বছর। স্টাইপেন্ড: প্রতি মাসে ৫,০০০ টাকা। কোর্সটি পড়ানো হবে বেঙ্গালুরুতে।

**মাস্টার অব স্ট্যাটিস্টিক্স:** আসনসংখ্যা: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক বা বি ই বা বি টেক। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে। আই এস আই থেকে ম্যাথমেটিক্সে স্নাতক বা স্ট্যাটিস্টিক্যাল মেথডস অ্যান্ড অ্যানালিটিক্সে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা পাশ করে থাকলেও আবেদনের যোগ্য। কোর্সের মেয়াদ: ২ বছর। স্টাইপেন্ড: প্রতি মাসে ৮,০০০ টাকা। কোর্সটি পড়ানো হবে দিল্লিতে।

**মাস্টার অব ম্যাথমেটিক্স:** আসনসংখ্যা: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: ম্যাথমেটিক্সে স্নাতক। অথবা বি ই বা বি টেক, সেক্ষেত্রে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। অথবা আই এস আই থেকে বি স্ট্যাট পাশ। কোর্সের মেয়াদ: ২ বছর। স্টাইপেন্ড: প্রতি মাসে ৮,০০০ টাকা। কোর্সটি পড়ানো হবে কলকাতায়।

**মাস্টার অব সায়েন্স ইন কোয়ান্টিটেটিভ ইকনমিক্স:** আসনসংখ্যা: কলকাতা: ১৮টি, দিল্লি: ২৭টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। কোর্সের মেয়াদ: ২ বছর। স্টাইপেন্ড: প্রতি মাসে ৮,০০০ টাকা। কোর্সটি পড়ানো হবে কলকাতা এবং দিল্লিতে।

**মাস্টার অব সায়েন্স ইন কোয়ালিটি ম্যানেজমেন্ট সায়েন্স:** আসনসংখ্যা: ১৬টি। শিক্ষাগত যোগ্যতা: ম্যাথমেটিক্স-সহ স্নাতক। অথবা যে-কোনও শাখায় বি ই বা বি টেক কোর্সের মেয়াদ: ২ বছর। স্টাইপেন্ড: প্রতি মাসে ৮,০০০ টাকা। কোর্সটি পড়ানো হবে বেঙ্গালুরু এবং হায়দরাবাদে।

**মাস্টার অব সায়েন্স ইন লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স:** আসনসংখ্যা: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। কোর্সের মেয়াদ: ২ বছর। স্টাইপেন্ড: প্রতি মাসে ৮,০০০ টাকা। কোর্সটি পড়ানো হবে বেঙ্গালুরুতে।

**মাস্টার অব টেকনোলজি ইন কম্পিউটার সায়েন্স:** আসনসংখ্যা: ৩৫টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় বি ই বা বি টেক। অথবা যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি। সেক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। কোর্সের মেয়াদ: ২ বছর। স্টাইপেন্ড: প্রতি মাসে ১২,৪০০ টাকা। কোর্সটি পড়ানো হবে কলকাতায়।

**মাস্টার অব টেকনোলজি ইন ক্রিপ্টোলজি অ্যান্ড সিকিউরিটি:** আসনসংখ্যা: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় বি ই বা বি টেক। অথবা যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি। সেক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। কোর্সের মেয়াদ: ২ বছর। স্টাইপেন্ড: প্রতি মাসে ৮,০০০ টাকা। কোর্সটি পড়ানো হবে কলকাতায়।

**মাস্টার অব টেকনোলজি ইন কোয়ালিটি, রিলায়েবিলিটি অ্যান্ড অপারেশনস রিসার্চ:** আসনসংখ্যা: ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: স্ট্যাটিস্টিক্সে স্নাতকোত্তর ডিগ্রি, সেক্ষেত্রে উচ্চমাধ্যমিক স্তরে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স ও কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। অথবা ম্যাথমেটিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। সেক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর স্তরে অন্যতম বিষয় হিসেবে স্ট্যাটিস্টিক্স এবং উচ্চমাধ্যমিক স্তরে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স এবং কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। বি ই বা বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। কোর্সের মেয়াদ: ২ বছর। স্টাইপেন্ড: প্রতি মাসে ১২,৪০০ টাকা। কোর্সটি পড়ানো হবে কলকাতায়।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন স্ট্যাটিস্টিক্যাল মেথডস অ্যান্ড অ্যানালিটিক্স:** আসনসংখ্যা: চেন্নাই: ১৫টি, তেজপুর: ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। অথবা বি ই বা বি টেক। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্সটি পড়ানো হবে তেজপুর এবং চেন্নাইয়ে।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ম্যানেজমেন্ট উইথ স্ট্যাটিস্টিক্যাল মেথডস অ্যান্ড অ্যানালিটিক্স:** আসনসংখ্যা: ১৫টি শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে

## ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্সে ভর্তি



ব্যাচেলর অব সায়েন্স (রিসার্চ) প্রোগ্রামে ভর্তি নেবে ব্যাঙ্গালোরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স। কোর্সের মেয়াদ ৪ বছর। সফলভাবে কোর্স শেষ করার পর এই প্রতিষ্ঠানে আরও ১ বছর পড়াশোনা করে মাস্টার অব সায়েন্স ডিগ্রি লাভের সুযোগও রয়েছে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলিদের ক্ষেত্রে পাস নম্বর) ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক। চতুর্থ বিষয় হিসেবে বায়োলজি বা স্ট্যাটিস্টিক্স বা ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে।

সেইসঙ্গে কিশোর বৈজ্ঞানিক প্রোৎসাহন যোজনা ফেলোশিপের জন্য নির্বাচিত হতে হবে অথবা আই আই টি-জে ই ই মেন বা অ্যাডভান্সড অথবা ন্যাশনাল এলিজিবিলিটি-কাম-এন্ট্রান্স টেস্ট-ইউ জি পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩০ শতাংশ, আর্থিকভাবে অনগ্রসর এবং ও বি সিদের ক্ষেত্রে ৫৪ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, আর্থিকভাবে অনগ্রসর এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iisc.ac.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় একটি অ্যাপ্লিকেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং, ভিসা বা মাস্টার কার্ড, ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## অ্যানালিটিক্সের এম বি এ কোর্স

অ্যানালিটিক্সের এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, কাশীপুর। কোর্সের মেয়াদ দু'বছর। কোর্স শুরু হবে জুলাই মাসে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক বা সমতুল। পাশাপাশি, ২০১৯-এর ক্যাট পরীক্ষা বা ১ মে ২০১৮ তারিখে বা তার পরে হওয়া জি ম্যাট বা জি আর ই পরীক্ষায় পাশ করে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। নির্বাচিত প্রার্থীদের পার্সোন্যাল ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iimkashipur.ac.in আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল। ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি, ও বি সি, আর্থিকভাবে অনগ্রসর ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্সটি পড়ানো হবে গিরিডিতে।

সব ক্ষেত্রেই সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ১০ মে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি (ব্র্যাকেটে কোড) হল: আসানসোল (এ এস), বাঁকুড়া (বি কে), বীরভূম (বি বি), কোচবিহার (সি বি), কল্যাণী (কে এল), মেদিনীপুর (এম এন), মুর্শিদাবাদ (এম ইউ), পুরুলিয়া (পি এল), কলকাতা (সি সি), শিলিগুড়ি (এস জি), দুর্গাপুর (ডি পি)। পরীক্ষার সিলেবাস সংক্রান্ত খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.isical.ac.in ২০ এপ্রিল থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isical.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৬ মার্চ পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা, ১০০-১৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৫০-১০০ কেবি সাইজের মধ্যে), শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র (২০০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (২০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন আবেদনের পর অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। এটি সযত্নে টুকে রাখবেন।

ফি বাবদ দিতে হবে ১,২৫০ টাকা (মহিলাদের ক্ষেত্রে ৭৫০ টাকা, তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৬২৫ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১০ মার্চ।

অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট।

## বিহারের ললিত নারায়ণ মিশ্র ইনস্টিটিউটে বি বি এ, এম বি এ, বি সি এ, এম সি এ কোর্স



কম্পিউটার অ্যাপ্লিকেশন এবং বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে পাটনার ললিত নারায়ণ মিশ্র ইনস্টিটিউট অব ইকোনমিক ডেভেলপমেন্ট অ্যান্ড সোশ্যাল চেঞ্জ। কোর্সগুলি এ আই সি টি ই কর্তৃক স্বীকৃত।

**শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার অ্যাপ্লিকেশনের স্নাতক কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৪০ শতাংশ) উচ্চমাধ্যমিক বা সমতুল। অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স ও অঙ্কের পাশাপাশি কেমিস্ট্রি বা বায়োটেকনোলজি বা বায়োলজি বা টেকনিক্যাল ভোকেশনাল বিষয় পড়ে থাকতে হবে।

কম্পিউটার অ্যাপ্লিকেশনের স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে কম্পিউটার অ্যাপ্লিকেশন বা কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। অথবা যে-কোনও শাখায় স্নাতক। সে ক্ষেত্রে উচ্চমাধ্যমিক স্তরে অঙ্ক পড়ে থাকতে হবে। সব ক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ নম্বর (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৪৫ শতাংশ) পেয়ে থাকতে হবে।

বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের স্নাতক কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৪০ শতাংশ) উচ্চমাধ্যমিক বা সমতুল।

বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৪৫ শতাংশ) স্নাতক ডিগ্রি। পাশাপাশি, সি-ম্যাট বা সেপ্টেম্বর মাসের পরে হওয়া ম্যাট পরীক্ষায় পাশ করে থাকতে হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.lnmipat.ac.in ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৭৫০ টাকা)। ফি অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অথবা অফলাইনে চালানের মাধ্যমে জমা দিতে হবে। অফলাইনের ক্ষেত্রে ফি জমা দিতে হবে এলাহাবাদ ব্যাঙ্কের যে-কোনও শাখায় এই অ্যাকাউন্ট নম্বরে: 50386731675 অথবা এইচ ডি এফ সি ব্যাঙ্কের যে-কোনও শাখায় এই নম্বরে: 50100231703610 আবেদপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৮ এপ্রিল। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। ফোন নম্বর: ০৬১২-২৫০৫২০০, ৯৪৩০৬০৩৪১৬।

## ম্যাথমেটিক্সের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



ম্যাথমেটিক্সের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট। ক্লাস হবে বেলুড়ের প্রধান ক্যাম্পাসে।

**শিক্ষাগত যোগ্যতা:** ম্যাথমেটিক্স বা ফিজিক্স বা স্ট্যাটিস্টিক্সে বি এসসি অনার্স অথবা বি-স্ট্যাট বা বি-ম্যাথ অথবা বি ই বা বি টেক। সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

**কোর্স ফি:** সেমেস্টার প্রতি ৭,১৫০ টাকা। অ্যাডমিশন ফি ১৪,২৫০ টাকা। এর মধ্যে ফেরতযোগ্য কশান মানি বাবদ দিতে হবে ২,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা ১০ এপ্রিল, দুপুর ২টো থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rkmvu.ac.in অনলাইন আবেদনের শেষ তারিখ ২ এপ্রিল। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং মার্কশিট আপলোড করতে হবে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৩০০ টাকা।

অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রামকৃষ্ণ মিশনে নিখরচায় চাকরির প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** নিখরচায় কর্পোরেট দুনিয়ায় চাকরির উপযোগী প্রশিক্ষণ দিচ্ছে মা সারদা স্বনির্ভর কেন্দ্র (রামকৃষ্ণ মঠ, বাগবাজার)। কথ্য ইংরেজি ও কম্পিউটার শিক্ষা-সহ প্রশিক্ষণের সময়সীমা ৫০ দিন। কেবলমাত্র ২০১৮ এবং তারপরে স্নাতক ডিগ্রি পাওয়া ছাত্রছাত্রীরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। প্রশিক্ষণ শেষে যাতায়াতের খরচ পাওয়ার সুযোগ আছে। চাকরির ব্যাপারেও প্রতিষ্ঠান থেকে সহায়তা করা হবে।

**যোগাযোগের ঠিকানা:** মা সারদা স্বনির্ভর কেন্দ্র, রামকৃষ্ণ মঠ, বাগবাজার, কলকাতা-৭০০ ০০২। ফোন: ২৯৮৫-০২২৯, ৯০৭৩৮-২৬৮৪৭। যোগাযোগের সময় সোম থেকে শুক্র, বেলা সাড়ে ১০টা থেকে দুপুর সাড়ে ৩টে পর্যন্ত। ওয়েবসাইট: www.rkmswanirvar.org

# জীবিকাজিজ্ঞাসা

**এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ গুস্ত বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'সিভিল সার্ভিসেস (প্রিলিমিনারি) এক্সামিনেশন, ২০২০' সম্পর্কে বিশদে জানাবেন। —সায়ন্তন চক্রবর্তী, উত্তর দুর্গাপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'সিভিল সার্ভিসেস (প্রিলিমিনারি) এক্সামিনেশন, ২০২০' পরীক্ষা হবে দু'টি পেপারে। প্রতিটি পেপারেই ২০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন থাকে। প্রথম পেপারের প্রশ্ন থাকে এই সব বিষয়ে: কারেন্ট ইভেন্টস অব ন্যাশনাল অ্যান্ড ইন্টারন্যাশনাল ইমপর্ট্যান্স। হিস্ট্রি অব ইন্ডিয়া অ্যান্ড ইন্ডিয়ান ন্যাশনাল মুভমেন্ট। ইন্ডিয়ান অ্যান্ড ওয়ার্ল্ড জিওগ্রাফি— ফিজিক্যাল, সোশ্যাল, ইকনমিক জিওগ্রাফি অব ইন্ডিয়া অ্যান্ড দ্য ওয়ার্ল্ড। ইন্ডিয়ান পোলিটি অ্যান্ড গভর্ন্যান্স— কনস্টিটিউশন, পলিটিক্যাল সিস্টেম, পঞ্চায়েতি রাজ, পাবলিক পলিসি, রাইটস ইস্যুস প্রভৃতি। ইকনমিক অ্যান্ড সোশ্যাল ডেভেলপমেন্ট, সাস্টেইনেবল ডেভেলপমেন্ট, পভার্টি, ইনক্লুশন, ডেমোগ্রাফিক্স, সোশ্যাল সেক্টর ইনিশিয়েটিভস প্রভৃতি। জেনারেল ইস্যুস অন এনভায়রনমেন্টাল ইকোলজি, বায়োডাইভার্সিটি অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ (স্পেশ্যালাইজেশন ব্যতিরেকে)। জেনারেল সায়েন্স। দ্বিতীয় পেপারে থাকে এই সব বিষয়: কমপ্রিহেনশন, ইন্টারপার্সোনাল স্কিলস ইনক্লুডিং কমিউনিকেশন স্কিলস। লজিক্যাল রিজনিং অ্যান্ড অ্যানালিটিক্যাল এবিলিটি। ডিসিশন মেকিং অ্যান্ড প্রবলেম সলভিং। জেনারেল মেন্টাল এবিলিটি। মাধ্যমিক মানের বেসিক নিউমেরেসি (নাম্বারস অ্যান্ড দেয়ার রিলেশনস, অর্ডারস অব ম্যাগনিটিউড ইত্যাদি) এবং ডেটা ইন্টারপ্রিটেশন (চার্ট, গ্রাফ, টেবিল, ডেটা সাফিশিয়েন্সি ইত্যাদি)। প্রিলিমিনারি পরীক্ষায় নেগেটিভ মার্কিং থাকে। এই পরীক্ষার ফলের ভিত্তিতে সিভিল সার্ভিসেস মেন এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস মেন পরীক্ষায় বসার যোগ্য প্রার্থীদের আলাদা আলাদা তালিকা প্রকাশ করা হয়। প্রিলিমিনারি পরীক্ষায় প্রাপ্ত নম্বর পরবর্তী পর্যায়ের কোনও ক্ষেত্রে গ্রাহ্য হবে না। বিশদ সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## স্টাফ সিলেকশন

□ *স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল (১০+২) এক্সামিনেশন'-এর মাধ্যমে লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় কোন কোন বিষয়ে কত নম্বরের প্রশ্ন হয়? —প্রত্যুষ ভট্টাচার্য, শিবপুর, হাওড়া।*

□□ স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল (১০+২) এক্সামিনেশন'-এর মাধ্যমে লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। এছাড়া ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। অর্থাৎ ঘণ্টায় ইংরেজির ক্ষেত্রে ১০,৫০০ ও হিন্দির ক্ষেত্রে ৯,০০০ কি-ডিপ্রেশনের গতি থাকতে হবে। প্রার্থী বাছাই করা হয় দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে। টিয়ার-ওয়ান কম্পিউটার-বেসড পরীক্ষা হয় চারটি অংশে— ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল ইন্টেলিজেন্স, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (অঙ্কের দক্ষতা বিষয়ক) এবং জেনারেল অ্যাওয়ারনেস। প্রতি অংশে ২৫টি করে মাল্টিপল চয়েস অবজেক্টিভ টাইপের প্রশ্ন হয়। মোট ২০০ নম্বরের পরীক্ষা। প্রতিটি অংশে নম্বর ৫০। সময় ১ ঘণ্টা। প্রতিটি বিষয়ে আলাদা করে কোয়ালিফাইং নম্বর পেতে হয়। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকে। টিয়ার-টুয়ে ডেসক্রিপ্টিভ প্রশ্নের পরীক্ষায় থাকে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা। এতে থাকে এসে রাইটিং, লেটার রাইটিং, অ্যাপ্লিকেশন রাইটিং। সময় ১ ঘণ্টা। লিখিত পরীক্ষায় পাশ করলে স্কিল টেস্ট/ টাইপিং টেস্ট নেওয়া হয়ে থাকে। বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: www.ssc.nic.in

## ব্যাঙ্ক

□ *অফিসার স্কেল-ওয়ান (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার) পদের জন্য আই বি পি এসের প্রবেশিকা পরীক্ষায় বসার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —আদিত্য অধিকারী, আসানসোল, পশ্চিম বর্ধমান।*

□□ অফিসার স্কেল-ওয়ান (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার) পদের জন্য আই বি পি এসের প্রবেশিকা পরীক্ষায় বসার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট বা সমতুল। এগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স ও অ্যাকাউন্ট্যান্সি— যে-কোনও একটিতে স্নাতক হলে অগ্রাধিকার। কম্পিউটার জ্ঞান অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। সেই সঙ্গে যে-রাজ্যের শূন্যপদে দরখাস্ত করতে চান প্রার্থীকে সেই অঞ্চলের স্থানীয় ভাষা জানতে হবে এবং অষ্টম শ্রেণিতে একটি বিষয় হিসেবে সেই ভাষা পড়ে থাকতে হবে। অবশ্য স্থানীয় ভাষা না জানলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে কাজে নিয়োগের ৬ মাসের মধ্যে তাঁদের সংশ্লিষ্ট ভাষা শিখে নিতে হবে। ওয়েবসাইট: www.ibps.in

## উচ্চশিক্ষা

□ *বি আর্ক কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার'-এ বসতে চাই। বিস্তারিত জানাবেন। —দিব্যেন্দু হালদার, কল্যাণপুর, হাওড়া।*

□□ ৫ বছর মেয়াদের ব্যাচেলর অব আর্কিটেকচার (বি আর্ক) কোর্সে ভর্তির যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার (এন এ টি এ) হবে ১৯ এপ্রিল এবং ৩১ মে। এই পরীক্ষায় সফল হলে আর্কিটেকচারের স্নাতক কোর্সে ভর্তি হওয়া যাবে দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে। পরীক্ষা নেবে কাউন্সিল অব আর্কিটেকচার। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে ও মোট অন্তত ৫০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে। অথবা মাধ্যমিক-সহ মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ৩ বছর মেয়াদের ডিপ্লোমা। আবশ্যিক বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার (২০০ নম্বর) মাধ্যমে। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। প্রথম পার্টে যাচাই করা হবে প্রার্থীর ড্রয়িংয়ের দক্ষতা। দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, জেনারেল অ্যাপ্টিটিউড এবং লজিক্যাল রিজনিং বিষয়ে। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। প্রথম পার্টের পরীক্ষা সকাল ১০টা থেকে দুপুর ১২টা ১৫ মিনিট এবং দ্বিতীয় পার্টের পরীক্ষা দুপুর সাড়ে ১২টা থেকে ১টা ১৫ মিনিট পর্যন্ত। কোনও নেগেটিভ মার্কিং নেই। প্রার্থী চাইলে দু'টি পরীক্ষাই দিতে পারেন। যে-পরীক্ষায় প্রাপ্ত র‍্যাঙ্ক ভাল হবে সেটি অনুসারে মেধাতালিকা তৈরি করা হবে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nata.nic.in অনলাইন আবেদন করা যাবে ১৯ এপ্রিলের পরীক্ষার ক্ষেত্রে ১৬ মার্চ এবং ৩১ মে-র পরীক্ষার ক্ষেত্রে ৪ মে পর্যন্ত। পরীক্ষার ফি ২,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,৭০০ টাকা)। দু'বারই পরীক্ষা দিতে চাইলে ফি বাবদ দিতে হবে ৩,৮০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৩,১০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে। হেল্প ডেস্ক নম্বর: ৯৩১৯২ ৭৫৫৫৭, ৭৩০৩৪৮৭৭৭৩।

□ *ক্ল্যাট পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছি। পরীক্ষা কবে? এ বছরের বিজ্ঞপ্তি কি প্রকাশিত হয়েছে? —সুতপা দেবনাথ, শুসকরা, পূর্ব বর্ধমান।*

□□ আইনের ইন্টিগ্রেটেড স্নাতক এবং স্নাতকোত্তর কোর্সে ভর্তির জন্য দেশজুড়ে কমন ল অ্যাডমিশন টেস্ট (ক্ল্যাট), ২০২০ আয়োজিত হবে ১০ মে (রবিবার)। এই পরীক্ষার মাধ্যমে কলকাতার দ্য ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটি অব জুরিডিক্যাল সায়েন্সেস-সহ সারা ভারতের ২২টি জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া যায়। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ আইনে স্নাতক। উভয় ক্ষেত্রেই ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই। প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। স্নাতক স্তরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ইংরেজি, জেনারেল নলেজ-সহ কারেন্ট অ্যাফেয়ার্স, লিগ্যাল রিজনিং, লজিক্যাল রিজনিং এবং কোয়ান্টিটেটিভ টেকনিক বিষয়ে। স্নাতকোত্তর স্তরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে কনস্টিটিউশনাল ল, জুরিসপ্রুডেন্স এবং অন্যান্য আইন-সংক্রান্ত বিষয়ে। উভয় ক্ষেত্রেই ১৫০ নম্বরের পরীক্ষা, সময়সীমা ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.consortiumofnlus.ac.in শেষ তারিখ ৩১ মার্চ। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৪,০০০ টাকা (তফসিলি এবং বি পি এল প্রার্থীদের ক্ষেত্রে ৩,৫০০ টাকা)।

## কোর্স, ট্রেনিং

□ *পুনের বৈকুণ্ঠ মেহতা ন্যাশনাল ইনস্টিটিউট অব কো-অপারেটিভ ম্যানেজমেন্টে এগ্রি বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিশদ জানাবেন। —সুনির্মল মণ্ডল, হলদিয়া, পূর্ব মেদিনীপুর।*

□□ ২ বছরের এগ্রি বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে পুনের বৈকুণ্ঠ মেহতা ন্যাশনাল ইনস্টিটিউট অব কো-অপারেটিভ ম্যানেজমেন্ট। এটি কেন্দ্রের কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সটি অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা সি-ম্যাট বা জি-ম্যাট বা এইমস টেস্ট ফর ম্যানেজমেন্ট অ্যাডমিশনস (এ টি এম এ) বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্ট— যে-কোনও একটি জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষায় বৈধ স্কোর করে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। প্রাথমিক ভাবে প্রার্থীদের বাছাই করা হবে জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। নির্বাচিতদের গ্রুপ ডিসকাশন এবং পার্সোনাল ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। পরীক্ষা নেওয়া হবে এপ্রিল-মে মাসে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কল্যাণী। ৩১ মার্চের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vamnicom.gov.in ফি বাবদ অনলাইন পদ্ধতিতে দিতে হবে ৫০০ টাকা।

□ *সাহা ইনস্টিটিউট অব নিউক্লিয়ার ফিজিক্সে বায়োলজিক্যাল সায়েন্সে পি এইচ ডি কোর্সে ভর্তির ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? —শ্যামল সাহা, বাজিতপুর, বীরভূম।*

□□ সাহা ইনস্টিটিউট অব নিউক্লিয়ার ফিজিক্সে বায়োলজিক্যাল সায়েন্সে পি এইচ ডি কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্সের প্রোগ্রামের ক্ষেত্রে ফিজিক্সে স্নাতকোত্তর। সেই সঙ্গে জেস্ট বা গেট বা নেট পরীক্ষার স্কোর থাকতে হবে। বায়োলজিক্যাল সায়েন্স প্রোগ্রামের ক্ষেত্রে ফিজিক্স অথবা কেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রি (উচ্চমাধ্যমিক স্তরে আবশ্যিক বিষয় হিসেবে লাইফ সায়েন্স পড়ে থাকতে হবে) অথবা লাইফ সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি (উচ্চমাধ্যমিক স্তরে আবশ্যিক বিষয় হিসেবে কেমিস্ট্রি এবং অঙ্ক পড়ে থাকতে হবে)। সেই সঙ্গে 'জয়েন্ট গ্র্যাজুয়েট এন্ট্রান্স এক্সামিনেশন ফর বায়োলজি অ্যান্ড ইন্টারডিসিপ্লিনারি লাইফ সায়েন্সেস' (জে জি ই ই বি আই এল এস) বা নেট বা গেট পরীক্ষায় স্কোর থাকতে হবে। বিশদ তথ্য জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.saha.ac.in

□ *বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ে ফুড প্রসেসিং অ্যান্ড ম্যানেজমেন্টে মাস্টার ইন ভোকেশন কোর্স করতে চাই। বিশদে জানাবেন। —চম্পক সরকার, রাজবলহাট, হুগলি।*

□□ ফুড প্রসেসিং অ্যান্ড ম্যানেজমেন্ট ভোকেশনাল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়। প্রার্থী বাছাই করা হবে সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। রাজ্যে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। আসনসংখ্যা ৬২টি। শিক্ষাগত যোগ্যতা: লাইফ সায়েন্সে বি এসসি বা বি এসসি এগ্রিকালচার অথবা ফুড সায়েন্স বা ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি বা ফুড টেকনোলজি বা ফুড প্রসেসিং অ্যান্ড ম্যানেজমেন্ট বা ফুড ইঞ্জিনিয়ারিং বা হোম সায়েন্স বা হোম সায়েন্স অ্যান্ড নিউট্রিশনে বি এসসি বা বি ভোক বা বি টেক কোর্স পাশ অথবা এন এস কিউ এফ লেভেল ৭ সার্টিফিকেট কোর্স পাশ। সব ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। তফসিলিদের ক্ষেত্রে পাস নম্বর এবং ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ নম্বর থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৪ মে। পরীক্ষা নেওয়া হবে দুপুর ৩টে থেকে বিকেল ৫টা পর্যন্ত। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bhuonline.in আবেদনের শেষ তারিখ ২৯ ফেব্রুয়ারি। অনলাইনে ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৩০০ টাকা)।

## অন্যান্য চাকরি

□ *নয়া দিল্লি এইমসে মেডিক্যাল ফিজিসিস্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সুস্মিতা দাশগুপ্ত, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

□□ নয়া দিল্লি এইমসে মেডিক্যাল ফিজিসিস্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা বি এসসি। অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে। সেই সঙ্গে রেডিওলজিক্যাল বা মেডিক্যাল ফিজিক্সে এম এসসি ডিপ্লোমা এবং কোনও রেডিয়েশন থেরাপি ডিপার্টমেন্টে এক বছরের ইন্টার্নশিপ করে থাকতে হবে। ১২ মার্চের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsexams.org

□ *ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজিতে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিশদে জানাবেন। —সুমনা নন্দ, বিষ্ণুপুর, বাঁকুড়া।*

□□ ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজিতে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ নির্দিষ্ট শাখায় স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে শিক্ষকতা বা গবেষণার কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। নির্দিষ্ট শাখায় ডক্টরেট ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে শিক্ষকতা বা গবেষণার কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্নাতকোত্তর ডিগ্রি বা ডক্টরেট ডিগ্রির নির্দিষ্ট বিষয়গুলি হল: ফ্যাশন ডিজাইন, লেদার ডিজাইন, নিটওয়্যার ডিজাইন, অ্যাক্সেসরি ডিজাইন, ফ্যাশন অ্যান্ড লাইফস্টাইল অ্যাক্সেসরিজ, টেক্সটাইল ডিজাইন, প্রোডাক্ট ডিজাইন, ক্লদিং অ্যান্ড টেক্সটাইল, ফেব্রিক অ্যান্ড অ্যাপারেল সায়েন্স, কমিউনিকেশন ডিজাইন, ভিস্যুয়াল কমিউনিকেশন, মাস কমিউনিকেশন, ইনফর্মেশন ডিজাইন, অ্যাডভার্টাইজিং অ্যান্ড ব্র্যান্ডিং, অ্যাডভার্টাইজমেন্ট অ্যান্ড জার্নালিজম, স্ট্র্যাটেজিক ডিজাইন, ফিল্ম ডিজাইন, ফটোগ্রাফি, অ্যানিমেশন অ্যান্ড মাল্টিমিডিয়া, গ্রাফিক্স অ্যান্ড অ্যানিমেশন, ইন্টারঅ্যাকশন ডিজাইন, স্পেস, এগজিবিশন, ইন্টিরিয়র ডিজাইন, ফ্যাশন ম্যানেজমেন্ট, ফ্যাশন টেকনোলজি, অ্যাপারেল প্রোডাকশন, মার্কেটিং। এই পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হয়ে থাকে লিখিত পরীক্ষা, প্রেজেন্টেশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা হয় দু'টি পার্টে। প্রথম পার্টে থাকে জেনারেল এবিলিটি, কমিউনিকেশন এবিলিটি, জেনারেল অ্যাওয়্যারনেস, অ্যানালিটিক্যাল এবিলিটি, টেস্ট অব রিজনিং, ডেটা ইন্টারপ্রিটেশন বিষয়ে ৫০ নম্বরের প্রশ্ন। দ্বিতীয় পার্টে থাকে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক ৫০ নম্বরের প্রফেশনাল অ্যাপ্টিটিউড। ওয়েবসাইট: www.nift.ac.in

□ *ভারতীয় এয়ারফোর্সে এয়ারম্যান পদে খেলোয়াড় ক্যাটেগরিতে আবেদনের ক্ষেত্রে কী ধরনের খেলাধুলার যোগ্যতার প্রয়োজন? প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে শারীরিক সক্ষমতার পরীক্ষায় কী কী থাকবে? —অর্পব মণ্ডল, বাসন্তী।*

□□ ভারতীয় এয়ারফোর্সে খেলোয়াড় ক্যাটেগরিতে এয়ারম্যান পদের ক্ষেত্রে খেলাধুলার যোগ্যতা: আন্তর্জাতিক সিনিয়র বা জুনিয়র মিটে সংশ্লিষ্ট ক্রীড়ায় দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা সিনিয়র বা জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা ইন্টার ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করে ব্যক্তিগত ইভেন্টে অন্তত পঞ্চম স্থান অধিকার করে থাকতে হবে। অথবা দলগত বিভাগে জুনিয়র বা সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়া কর্তৃক আয়োজিত ন্যাশনাল স্কুল টুর্নামেন্টে রাজ্যের হয়ে প্রতিনিধিত্ব করে থাকতে হবে। উচ্চমাধ্যমিকে অনুত্তীর্ণরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে প্রার্থীকে আন্তর্জাতিক বা জাতীয় স্তরের কোনও প্রতিযোগিতায় প্রথম তিনের মধ্যে স্থান অধিকার করে থাকতে হবে। প্রার্থী বাছাইয়ের শারীরিক সক্ষমতার পরীক্ষার প্রথম পর্বে থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়। সাড়ে ৬ মিনিটের মধ্যে সম্পূর্ণ দূরত্ব অতিক্রম করলে অতিরিক্ত নম্বর পাওয়া যাবে। দ্বিতীয় পর্যায়ে থাকবে এক মিনিটে ১০টি পুশ-আপ, এক মিনিটে ১০টি সিট-আপ এবং এক মিনিটে ২০টি স্কোয়াট।

নাম : ............................................

ঠিকানা : ............................................

............................................

............................................

আপনি কি 'দেশপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

# শিলিগুড়ি পুরসভায় গ্রুপ ডি

গ্রুপ ডি পদে ৫৫ জনকে নেবে শিলিগুড়ি পুরসভা। নিয়োগ করা হবে পিওন, গার্ড, মজদুর, লেবার এবং সুইপার পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 650/Estt./SMC.

শূন্যপদের বিবরণ: পিওন: ৬টি, গার্ড: ১টি, লেবারার: ১১টি, সুইপার: ৩৬টি, মজদুর: ১টি। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ-ই সি: ৮, সাধারণ-প্রাক্তন সমরকর্মী: ৪, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী: ২, সাধারণ-দক্ষ খেলোয়াড়: ১, তফসিলি জাতি: ১৬, তফসিলি জাতি-ই সি: ৪, তফসিলি উপজাতি: ৭, তফসিলি উপজাতি-ই সি: ১, ও বি সি-এ: ৯, ও বি সি-এ-ই সি: ১, ও বি সি-বি: ৫।

শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। প্রার্থীকে অবশ্যই বাংলায় ( নেপালিভাষীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়) লিখতে ও পড়তে জানতে হবে। বয়স: ১৪-২-২০২০ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি-সহ দরখাস্ত করতে হবে। দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি ফটো সেঁটে দেবেন ও ফটোর ওপর সই করে দেবেন।

ফি-বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০ টাকা)।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ দরখাস্ত-ভরা খামের ওপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত ২০ মার্চের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: To, The Commissioner, Siliguri Municipal Corporation, Baghajatin Road, P.O:- Siliguri, Dist-Darjeeling-734 001.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.silgurismc.in

## পুরুলিয়ার জুভেনাইল জাস্টিস বোর্ডে চাকরি

বেঞ্চ ক্লার্ক, লোয়ার ডিভিশন ক্লার্ক-কাম-টাইপিস্ট এবং কাউন্সেলর পদে ৩ জনকে নেবে পুরুলিয়ার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অফিস। প্রাথমিকভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ হবে জুভেনাইল জাস্টিস বোর্ডে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 54/SW/PRL.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.purulia.gov.in দরখাস্তের শেষ তারিখ ২৮ ফেব্রুয়ারি।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ব্যুরো অব ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডসে ১৪৮

*প্রথম পাতার পর*

উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ২)। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১৬টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ২)। বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

মোট শূন্যপদের মধ্যে ১১টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি শাখায় স্নাতক, সঙ্গে ২০১৮ বা ২০১৯ বা ২০২০-র গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**বয়স:** ৩১-৩-২০২০ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bis.gov.in দরখাস্ত করা যাবে ২ মার্চ থেকে ৩১ মার্চ পর্যন্ত।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে ১১৬

*প্রথম পাতার পর*

ইলেক্ট্রিশিয়ান পদের ক্ষেত্রে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট বিষয়ে প্রফিসিয়েন্সি সার্টিফিকেট থাকতে হবে। জুনিয়ার ড্রাইভার পদের ক্ষেত্রে লাইট বা হেভি ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।

**বয়স:** ১-১-২০২০ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** জুনিয়ার অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৭,২০০-২৫,৪০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৩,৩০০ টাকা। বাকি সব ক'টি পদের ক্ষেত্রে ৫,৪০০-১৮,৬০০ টাকা। পদ অনুসারে গ্রেড পে।

প্রার্থী বাছাই করা হবে ৭০ নম্বরের লিখিত পরীক্ষা এবং ৩০ নম্বরের ইন্টারভিউয়ের মাধ্যমে। জেনারেল নলেজ, রিজনিং, ইংলিশ, ম্যাথমেটিক্স বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে থাকবে অতিরিক্ত কম্পিউটার নলেজ। সময় দেড় ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: www.rbu.ac.in, www.rburecruitment.net অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৬ মার্চ, বিকেল ৫টা পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৪০ থেকে ৬০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে জুনিয়ার অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৫০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা) এবং বাকি পদগুলির ক্ষেত্রে ৪০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। গ্রেড ওয়ান এবং টু— দু'টি গ্রেডেরই পদে দরখাস্ত করতে হলে ফি বাবদ দিতে হবে ৯০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫০ টাকা)। অনলাইন পদ্ধতিতে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইন্ডিয়ান অয়েলে ৫০০ ট্রেড ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস

৫০০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। ট্রেনিং দেওয়া হবে আই টি আইয়ের বিভিন্ন ট্রেড এবং ইঞ্জিনিয়ারিংয়ের একাধিক শাখায়, সংস্থার পশ্চিমাঞ্চল রিজিয়নের মার্কেটিং ডিভিশনে।

**আসনসংখ্যার বিবরণ:** রাজ্য অনুসারে আসনসংখ্যা: মহারাষ্ট্র: ২৯৭টি। গুজরাট: ১১৩টি। গোয়া: ৯টি। মধ্যপ্রদেশ: ৬৪টি। ছত্তিশগড়: ১৪টি। দাদরা ও নগর হাভেলি: ৩টি। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: IOCL/MKTG/WR/APPR./2019-20 (1st cycle).

শিক্ষাগত যোগ্যতা: ট্রেড অ্যাপ্রেন্টিস: মাধ্যমিক, সঙ্গে ফিটার বা ইলেক্ট্রিশিয়ান বা ইলেক্ট্রনিক মেকানিক বা ইনস্ট্রুমেন্ট মেকানিক বা মেশিনিস্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা সিভিল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

নন-টেকনিক্যাল ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাকাউন্ট্যান্ট: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক।

নন-টেকনিক্যাল ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার অ্যাপ্রেন্টিসেস): অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক।

নন-টেকনিক্যাল ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার): অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ডেটা এন্ট্রির ১ বছরের কম মেয়াদের স্কিল সার্টিফিকেট কোর্স পাশ।

**বয়স:** ২৮-২-২০২০ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com অনলাইন আবেদন করা যাবে ২০ মার্চ পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের সময় আপলোড করতে হবে এই সব নথি— প্রার্থীর বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো এবং সই। নথিপত্রগুলি পি ডি এফ বা জে পি জি ফর্ম্যাটে (১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## সরকারি প্রতিরক্ষা সংস্থায় ১০৮ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

ওয়েল্ডার: ৬টি।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সঙ্গে এন সি ভি টি কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। **বয়স:** ১-৩-২০২০ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট এবং ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে প্রতি মাসে ৭,৭০০ টাকা। বাকি ট্রেডের ক্ষেত্রে প্রতি মাসে ৮,০৫০ টাকা।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

২০১৭-র আগে আই টি আই পাশ প্রার্থীরা আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে স্ক্রিনিং টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রার্থীকে অ্যাপ্রেন্টিস হিসেবে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ncvtmis.gov.in এরপর অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rac.gov.in আবেদনের শেষ তারিখ ২১ মার্চ। অনলাইনে আবেদনের সময় প্রয়োজনীয় নথিপত্র যথাযথভাবে স্ক্যান করে আপলোড করতে হবে।

অনলাইনে আবেদনপত্র পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইট।

# গেইলে এক্সিকিউটিভ ট্রেনি

কেমিক্যাল ও ইনস্ট্রুমেন্টেশন শাখায় ২৫ জন এক্সিকিউটিভ ট্রেনি নেবে গেইল (ইন্ডিয়া)। প্রার্থীকে অবশ্যই ২০২০-র গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রথমে ১ বছরের ট্রেনিং। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে ই-২ গ্রেডে।

শাখানুসারে শূন্যপদের বিন্যাস: কেমিক্যাল: ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল বা কেমিক্যাল টেকনোলজি বা পেট্রোকেমিক্যাল টেকনোলজিতে স্নাতক, সঙ্গে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং পত্রে (সি এইচ) গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ইনস্ট্রুমেন্টেশন: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্সে স্নাতক, সঙ্গে ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং (আই এন) পত্রে গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

উভয় ক্ষেত্রেই মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৬০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.gailonline.com দরখাস্তের শেষ তারিখ ১২ মার্চ।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র

প্রতি মাসে ৫,০০০ টাকারও বেশি পুরস্কার জিতুন। নিচের ১২টি প্রশ্নের উত্তর খুঁজে বের করুন, কুপনটি পূরণ করুন আর পাঠিয়ে দিন এই ঠিকানায়— মালয়ালা মনোরমা, ১৪, পরাশর রোড, দ্বিতীয় তল (লেক মার্কেটের কাছে), কলকাতা - ৭০০০২৯। খামের উপর বড় বড় করে লিখুন 'মনোরমা ইয়ারবুক এক ডজন কুইজ'। যাঁদের সবকটি প্রশ্নের উত্তর সঠিক হবে তাঁদের মধ্যে থেকে পাঁচ জনকে লটারির ভিত্তিতে বেছে নিয়ে প্রত্যেককে ১,০০০ টাকা এবং আরও ১০ জনকে **মনোরমা ইয়ারবুক 2020** বইটি পুরস্কার দেওয়া হবে।*

দেরি করবেন না! এই বিজ্ঞাপন প্রকাশের দু'সপ্তাহের মধ্যে আপনার উত্তর আমাদের কাছে পৌঁছনো চাই। অধিকাংশ উত্তরই বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত জ্ঞানকোষ **মনোরমা ইয়ারবুক** ও **কর্মক্ষেত্র**-য় পাবেন।

### এক ডজন কুইজ

1. ভারতের জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠাতা কে?
   A. মহাত্মা গান্ধী B. মতিলাল নেহরু C. অ্যালেন অক্টাভিয়ান হিউম
2. মুগ্ধবোধ ব্যাকরণ গ্রন্থের প্রণেতা কে?
   A. বোপদেব B. পাণিনি C. কৃত্তিবাস
3. কৃষ্ণপুত্র শাম্বের মায়ের নাম কী?
   A. জানকী B. জাম্ববতী C. মন্দোদরী
4. আমার কপালে কারাবাসের সুযোগ না ঘটলে জীবনে হয়তো কোনোদিন লেখক হওয়া আমার পক্ষে সম্ভব হত না— কার উক্তি?
   A. চার্লস ডিকেন্স B. মারিও পুজো C. ও' হেনরি
5. রবীন্দ্রনাথের প্রথম উপন্যাসের নাম কী?
   A. করুণা B. শেষের কবিতা C. গোরা
6. কত সালে তৈমুর লঙ ভারত আক্রমণ করেন?
   A. ১৪৯৮ B. ১৩৯৮ C. ১৫৯৮
7. পৃথিবীতে মহাসাগরের সংখ্যা কটি?
   A. সাত B. ছয় C. পাঁচ
8. রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে কোন কোণে?
   A. সমকোণ B. স্থূলকোণ C. সূক্ষ্মকোণ
9. কত উষ্ণতায় লোহা তরলে পরিণত হয়?
   A. ১৬২৪°সে B. ১৫২৪°সে C. ১৭২৪°সে
10. লোহিত রক্তকণিকা কতদিন বাঁচে?
    A. ৩৬৫ দিন B. ২৪০ দিন C. ১২০ দিন
11. শীত ঘুমের সময় ব্যাঙ কীভাবে শ্বাসকার্য চালায়?
    A. মুখ দিয়ে B. নাক দিয়ে C. ত্বকের মাধ্যমে
12. আপেল-এর প্রতিষ্ঠাতা কে?
    A. স্টিভ জোবস B. মার্ক জুকেরবার্গ C. বিল গেটস

**উত্তর**

সঠিক উত্তরটির পাশের বাক্সে x চিহ্ন দিন

| | | | |
|---|---|---|---|
| 1. | A ☐ | B ☐ | C ☐ |
| 2. | A ☐ | B ☐ | C ☐ |
| 3. | A ☐ | B ☐ | C ☐ |
| 4. | A ☐ | B ☐ | C ☐ |
| 5. | A ☐ | B ☐ | C ☐ |
| 6. | A ☐ | B ☐ | C ☐ |
| 7. | A ☐ | B ☐ | C ☐ |
| 8. | A ☐ | B ☐ | C ☐ |
| 9. | A ☐ | B ☐ | C ☐ |
| 10. | A ☐ | B ☐ | C ☐ |
| 11. | A ☐ | B ☐ | C ☐ |
| 12. | A ☐ | B ☐ | C ☐ |

মনোরমা ইয়ারবুক কর্মক্ষেত্র এক ডজন কুইজ

Name: ..................

Address: ..................

..................

..................

..................

Pin Code: ..................

Ph./Mob. No.: ..................

ফেব্রুয়ারি, ২০২০

নভেম্বর, ২০১৯ কুইজের উত্তর: 1-B, 2-C, 3-A, 4-B, 5-C, 6-A, 7-B, 8-C, 9-A, 10-B, 11-C, 12-A

নভেম্বর, ২০১৯ কুইজে পুরস্কার জয়ী : শরণ্যা মাঝি, দক্ষিণ ২৪ পরগনা; ভীমদেব মাহাতো, পুরুলিয়া; অনিল চন্দ্র সরকার, মালদা; জয়দেব গুরিয়া, পূর্ব মেদিনীপুর; সৌমেন বসু, কলকাতা। **পুরস্কার : প্রত্যেকে ১,০০০ টাকা।**

* উপরের কুপনটি ছাড়া অন্য কোনোভাবে উত্তর পাঠালে তা গৃহীত হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত মনোরমা ইয়ারবুকের।

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__ পর্যালোচনা
GK+GI+GS+CA

# কারেন্ট অ্যাফেয়ার্স

১১ ফেব্রুয়ারি - ১৮ ফেব্রুয়ারি

**১১ ফেব্রুয়ারি** করোনাভাইরাসে আক্রান্ত হয়ে চিনে মৃত্যুর সংখ্যা এক হাজার ছাড়িয়ে গেল। ১০ ফেব্রুয়ারি পর্যন্ত এই ভাইরাসে আক্রান্তের মোট সংখ্যা দাঁড়িয়েছে ৪২,৬৩৮। চিনা প্রেসিডেন্ট শি চিনফিং জানিয়েছেন, এই ভাইরাস মোকাবিলা ও নিয়ন্ত্রণে তাঁদের পরীক্ষা-নিরীক্ষায় সদর্থক ফল মিলেছে।

## কাশ্মীর নিয়ে মধ্যস্থতার প্রস্তাব গুতেরেসের




১৬ ফেব্রুয়ারি: কাশ্মীর-পরিস্থিতি নিয়ে আবারও নিজের উদ্বেগ জানালেন রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিয়ো গুতেরেস। চারদিনের সফরে পাকিস্তানে গিয়ে ইসলামাবাদে এক সাংবাদিক বৈঠকে গুতেরেস বলেন, 'কূটনৈতিক দৌত্য ও আলোচনার মাধ্যমেই অঞ্চলে শান্তি ফেরাতে হবে। আগেও বলেছি, আবারও বলছি, ভারত-পাক কথা হলে রাষ্ট্রপুঞ্জ মধ্যস্থতা করতে রাজি আছে।' গুতেরেসের এই মন্তব্যের পরেই ভারতীয় বিদেশ মন্ত্রকের মুখপাত্র রবীশ কুমার বলেন,'কাশ্মীর নিয়ে ভারতের অবস্থানে পরিবর্তন হয়নি। কাশ্মীর একটি দ্বিপাক্ষিক বিষয়। কথা হলে দু'দেশের মধ্যে হবে। তৃতীয় পক্ষের মধ্যস্থতার কোনও প্রয়োজন নেই।'

**নিউজিল্যান্ড সফরে গিয়ে ভারত ৫-০** টি-টোয়েন্টি সিরিজ জিতলেও ৩-০ ব্যবধানে হেরে গেল একদিনের সিরিজ। এ দিন মাউন্ট মাউঙ্গানুইয়ে তৃতীয় একদিনের ম্যাচে ৫ উইকেটে জয়ী হয় নিউজিল্যান্ড। ভারত প্রথমে ব্যাট করে ৫০ ওভারে ২৯৬-৭ করে। নিউজিল্যান্ড ৪৭.১ ওভারে ৩০০-৫ রান তুলে নেয়। হেনরি নিকোলাস ম্যাচের সেরা হয়েছেন।

**১২ ফেব্রুয়ারি** আন্তর্জাতিক চাপের মুখে সন্ত্রাসে আর্থিক মদতের মামলায় পাক জঙ্গি সংগঠন লস্কর-ই-তইবার প্রধান হাফিজ সইদকে সাড়ে পাঁচ বছরের কারাদণ্ড দিল লাহোরের সন্ত্রাস-দমন আদালত। ফিনানশিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স (এফএটিএফ)-এর 'ধূসর তালিকা' থেকে নিজেদের নাম সরাতে মরিয়া পাকিস্তান হাফিজকে তড়িঘড়ি জেলে পাঠাল বলে মনে করছেন অনেক আন্তর্জাতিক বিশেষজ্ঞ।

**আইন মন্ত্রকের বিচার বিভাগীয় সচিব** হলেন বরুণ মিত্র। ১৯৮৭ ব্যাচের এই আইএএস অফিসারের নিয়োগে সবুজ সঙ্কেত দিয়েছে মন্ত্রিসভার নিয়োগ কমিটি। মেয়াদ শেষ হওয়ার আগেই ওই পদ থেকে অবসর নিয়েছেন অলোক শ্রীবাস্তব। মণিপুর ক্যাডারের অফিসার বরুণ এখন আইন মন্ত্রকের ওই দপ্তরেই অফিসার অন স্পেশাল ডিউটি পদে রয়েছেন।

## ব্রিটেনের অর্থমন্ত্রী হলেন ঋষি সুনক



১৪ ফেব্রুয়ারি: ব্রিটেনের নয়া অর্থমন্ত্রী হলেন ভারতীয় বংশোদ্ভূত ঋষি সুনক। ইনফোসিসের সহ-প্রতিষ্ঠাতা নারায়ণ-মূর্তির জামাই সুনক ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের মন্ত্রিসভার দ্বিতীয় গুরুত্বপূর্ণ পদটি পেলেন। পাক বংশোদ্ভূত সাজিদ জাভিদ এতদিন ব্রিটেনের অর্থমন্ত্রীর দায়িত্ব সামলেছেন। কিন্তু ২০১৯ এর ডিসেম্বরে বরিস জনসনের জয়ের পর দায়িত্ব ছাড়েন সাজিদ। ব্রিটিশ বিদেশসচিব হিসেবে বরিসের মন্ত্রিসভায় ইতিমধ্যেই রয়েছেন ভারতীয় বংশোদ্ভূত প্রীতি প্যাটেল। সেই তালিকায় যুক্ত হলেন ঋষি।



"রাষ্ট্রযন্ত্রকে ব্যবহার করে প্রতিবাদের কণ্ঠরোধ করলে ভীতির পরিবেশ তৈরি হয়। এই পরিবেশ আইনের শাসন ও সংবিধানে থাকা বহুত্ববাদী সমাজের বিরোধী।"

**ডি ওয়াই চন্দ্রচূড়,** *সুপ্রিমকোর্টের বিচারপতি*
গুজরাটে একটি অনুষ্ঠানে প্রতিবাদের অধিকারের পক্ষে মন্তব্য করে

**১৩ ফেব্রুয়ারি** রাজনীতির দুর্বৃত্তায়ন রুখতে সুপ্রিম কোর্ট কড়া পদক্ষেপ করল। নির্দেশ আগেও দেওয়া হয়েছিল, কিন্তু তাতে কাজের কাজ কিছুই হয়নি। তাই আদালত অবমাননার এই মামলায় বিচারপতি রোহিংটন নরিম্যান এবং বিচারপতি রবীন্দ্র ভাট রায় দিয়ে বলেছেন, 'ফৌজদারি অপরাধে অভিযুক্তকে প্রার্থী করলে ৪৮ ঘণ্টার মধ্যে সংশ্লিষ্ট রাজনৈতিক দলকে সংবাদমাধ্যম, সোশ্যাল মিডিয়া এবং দলের ওয়েবসাইটে জানাতে হবে কী কারণে ওই ব্যক্তিকে বেছে নেওয়া হল। প্রার্থীর বিরুদ্ধে কী ধরনের অভিযোগ রয়েছে, কোনও মামলায় চার্জ গঠন হয়েছে কি না— সে সবও বিস্তারিত ভাবে উল্লেখ করতে হবে।' এ প্রসঙ্গে শীর্ষ আদালতের তাৎপর্যপূর্ণ মন্তব্য হল, 'শুধুমাত্র ভোটে জেতার ক্ষমতাই প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে একমাত্র বিচার্য বিষয় হতে পারে না।'

চন্দ্রচূড়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর রাজ্য গুজরাটে একটি অনুষ্ঠানে গিয়ে এই মন্তব্য করেন তিনি। অন্যদিকে, কোনও আইনের বিরুদ্ধে শান্তিপূর্ণ প্রতিবাদ জানালেই কাউকে বিশ্বাসঘাতক বা দেশ-বিরোধী তকমা দেওয়া যায় না বলে দু'দিন আগেই রায় দিয়েছে বম্বে হাইকোর্ট। মহারাষ্ট্রের বিড় জেলায় নাগরিকত্ব আইনের বিরুদ্ধে শান্তিপূর্ণ ধর্নারও অনুমতি দিয়েছে হাইকোর্টের বেঞ্চ। সিএএ, এনআরসি-র মতো বিষয়ে সরব হলেই দেশ-বিরোধী তকমা দিচ্ছে বিজেপি। সেই পরিস্থিতিতে সুপ্রিম কোর্টের বিচারপতি ও বম্বে হাইকোর্টের মন্তব্য তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন রাজনীতিকরা।

**পাকিস্তানের মাটিতে দাঁড়িয়ে কাশ্মীর** নিয়ে আপত্তিকর মন্তব্য করায় তুরস্কের রাষ্ট্রপতি রিচেপ তায়িপ এর্দোয়ানকে কড়া বার্তা দিল ভারতের বিদেশমন্ত্রক। পাক পার্লামেন্টে কাশ্মীর প্রসঙ্গে সে দেশের পাশে থাকারই বার্তা দেন এর্দোয়ান। জানিয়েছেন, কাশ্মীরে 'শান্তি' ফেরাতে পাকিস্তানের যে কোনও পদক্ষেপকেই সমর্থন করবে তাঁর দেশ। তারই জবাবে কড়া প্রতিক্রিয়া দিয়ে বিদেশমন্ত্রক জানিয়েছে, জম্মু-কাশ্মীরের বিশেষ মর্যাদা লোপের সিদ্ধান্ত একেবারেই ভারতের অভ্যন্তরীণ বিষয়। এ নিয়ে অন্য কোনও দেশ হস্তক্ষেপ করলে তা বরদাস্ত করা হবে না। এর্দোয়ান পাক-পার্লামেন্টে যা বলেছেন, কাশ্মীর বিবৃতির সেই অংশটুকু ভারত সম্পূর্ণ ভাবে খারিজ করছে বলে জানিয়েছে বিদেশমন্ত্রক।

## সেনাবাহিনীতে স্থায়ী আসন মহিলাদের



১৭ ফেব্রুয়ারি: সেনাবাহিনীতে স্থায়ী চাকরি পাওয়ার দাবীতে জয়ী হলেন মহিলারা। সুপ্রিম কোর্টের বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় ও বিচারপতি অজয় রাস্তোগির বেঞ্চ জানাল, মহিলাদেরও এ বার থেকে সেনাবাহিনীতে স্থায়ীভাবে নিয়োগ করতে হবে। এ বার থেকে তাঁরাও সেনাবাহিনীতে 'কম্যান্ড' করতে পারবেন। একমাত্র কমব্যাট উইং ছাড়া সেনাবাহিনীর সব স্তরে আগামী তিন মাসের মধ্যে এই নিয়ম চালু করতে বলা হয়েছে কেন্দ্রকে। মহিলারা যাতে সেনাবাহিনীতে পুরুষদের সমান সুযোগ সুবিধা পান, সে দিকেও নজর দিতে বলা হয়েছে শীর্ষ আদালতের নির্দেশে। সেনাবাহিনীতে নিয়োগের ক্ষেত্রে কেন্দ্রের দেওয়া যুক্তি লিঙ্গবৈষম্যমূলক বলেও মন্তব্য করেছে শীর্ষ আদালত।

**১৫ ফেব্রুয়ারি** জম্মু-কাশ্মীরের তিন প্রাক্তন মুখ্যমন্ত্রী এবং একাধিক রাজনৈতিক নেতার পরে জননিরাপত্তা আইনে (পিএসএ) আটক করা হল প্রাক্তন আমলা শাহ ফয়জলকে। এর ফলে আদালতে কোনও শুনানি ছাড়াই তাঁকে টানা তিন মাস আটকে রাখা যাবে। পরে তাঁকে বিনা বিচারে আটক রাখার মেয়াদ একাধিক বার বাড়ানো যাবে। গত বছর দিল্লি বিমানবন্দর থেকে গ্রেপ্তার করা হয়েছিল ফয়জলকে।

**যে কোনও বিরোধকেই দেশ-বিরোধী বা** গণতন্ত্র-বিরোধী তকমা দিয়ে দেওয়া দেশের সাংবিধানিক মূল্যবোধের গোড়ায় আঘাতের শামিল বলে মন্তব্য করলেন সুপ্রিম কোর্টের বিচারপতি ডি ওয়াই

**শ্রীলঙ্কার সেনাপ্রধান লেফটেন্যান্ট** জেনারেল শাভেন্দ্র সিলভার আমেরিকায় প্রবেশে নিষেধাজ্ঞা জারি করল মার্কিন প্রশাসন। মার্কিন বিদেশসচিব মাইক পম্পেয়ো এ কথা জানিয়ে বলেছেন, 'সিলভার বিরুদ্ধে রাষ্ট্রপুঞ্জ ও অন্য বেশ কয়েকটি আন্তর্জাতিক সংগঠন বহু বছর ধরে একাধিক ক্ষেত্রে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ এনেছে। সেগুলি সবই বিশ্বাস-যোগ্য বলে মনে করে আমেরিকা। শ্রীলঙ্কায় তামিলদের সঙ্গে গৃহযুদ্ধের শেষ পর্বে প্রায় ৪০ হাজার তামিল বিদ্রোহীকে হত্যা করা হয়েছিল। সিলভা তখন ছিলেন দেশের উত্তরাংশের এক যুদ্ধক্ষেত্রের কমান্ডিং অফিসার। তাঁর নির্দেশেই তামিলদের নির্বিচারে হত্যা করা হয়েছিল বলে অভিযোগ।

## প্রয়াত তাপস পাল



১৮ ফেব্রুয়ারি: বাংলা ছবিতে উত্তমকুমার-পরবর্তী যুগের অন্যতম নায়ক, দু-বারের তৃণমূল সাংসদ তাপস পাল (৬১) প্রয়াত হলেন। 'দাদার কীর্তি', 'সাহেব', 'ভালোবাসা ভালোবাসা', 'গুরুদক্ষিণা' প্রভৃতি জনপ্রিয় ছবির নায়ক তাপস তৃণমূল কংগ্রেসের উত্থান পর্ব থেকেই মমতা বন্দ্যোপাধ্যায়ের আন্দোলনের সঙ্গে থেকেছেন। ২০০১ সালে বিধানসভা ভোটে জিতে আলিপুরের বিধায়ক হয়েছিলেন তিনি। পরে লোকসভা ভোটে জিতে কৃষ্ণনগরের সাংসদও হন তিনি। রোজ ভ্যালি-কাণ্ডে আর্থিক দুর্নীতির অভিযোগে সিবিআই তাঁকে গ্রেপ্তার করেছিল। ১৩ মাস হাজত বাসের পর দু'বছর আগে জামিনে ছাড়া পান তিনি।

**নির্বাচনে জিতে দ্বিতীয়বারের জন্য** আফগানিস্তানের প্রেসিডেন্ট হতে চলেছেন আশরফ গনি। গত সেপ্টেম্বরে সে দেশে প্রেসিডেন্ট নির্বাচন হয়েছিল। এ দিন ফল প্রকাশিত হয়। আফগানিস্তানের নির্বাচন কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে, গনি ৫০ শতাংশের বেশি ভোট পেয়েছেন।

## মুখ্যমন্ত্রী হয়ে সকলকে নিয়ে চলার বার্তা কেজরীর



১৬ ফেব্রুয়ারি: দিল্লির মুখ্যমন্ত্রী হিসেবে তৃতীয়বার শপথ নিলেন অরবিন্দ কেজরীবাল। রামলীলা ময়দানে শপথ নেওয়ার পর সকলের মুখ্যমন্ত্রী হিসেবে নিজেকে তুলে ধরেন কেজরীবাল। তিনি বলেন, 'কেউ বিজেপি, কেউ কংগ্রেসকে ভোট দিতেই পারেন। কিন্তু শপথের পরে আমি সবার মুখ্যমন্ত্রী। যে কোনও দলের, ধর্মের লোক প্রয়োজনে আমার সঙ্গে দেখা করতে পারেন। আগের মতো এ বারও কাজের ক্ষেত্রে কোনও দল বিচার করা হবে না।' নিজের প্রথম বক্তৃতাতেই কেজরীবাল স্পষ্ট করে দেন, আগামী দিনে কেন্দ্রের সঙ্গে সংঘাতে যাওয়ার পক্ষপাতী নন তিনি। কেন্দ্রের সঙ্গে তাল মিলিয়ে চলতে চান দিল্লির উন্নয়নে। এ দিন কেজরীর সঙ্গে শপথ নেন মণীশ সিসৌদিয়া, সত্যেন্দ্র জৈন, গোপাল রাই, কৈলাস গহলৌত, ইমরান হুসেন ও রাজেন্দ্র পাল গৌতম। কোনও আঞ্চলিক নেতাকে শপথে আমন্ত্রণ না জানালেও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে শপথে আমন্ত্রণ জানান আপ নেতৃত্ব। যদিও বারাণসীতে পূর্ব-নির্ধারিত কর্মসূচি থাকায় দিল্লিতে উপস্থিত ছিলেন না মোদী। ছবি: পি টি আই

**১৮ ফেব্রুয়ারি** পেনশন তহবিল নিয়ন্ত্রণ ও উন্নয়ন কর্তৃপক্ষ (পিএফআরডিএ)-এর চেয়ারম্যান নিযুক্ত হলেন সুপ্রতিম বন্দ্যোপাধ্যায়। তিনি এর আগে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক, জীবন বিমা নিগমের গুরুত্বপূর্ণ পদে কাজ করেছেন। পিএফআরডিএ মূলত সরকারি ও বেসরকারি কর্মীদের জাতীয় পেনশন প্রকল্প (এনপিএস) নিয়ন্ত্রণ করে।

**ভারতে অস্ট্রেলিয়ার নতুন হাইকমিশনার** নিযুক্ত হলেন নিউ সাউথ ওয়েলসের প্রাক্তন প্রিমিয়ার ব্যারি ও'ফারেল। ২০১৬ থেকে ওই পদে ছিলেন হরিন্দ্র সিধু। অস্ট্রেলিয়ার বিদেশমন্ত্রক থেকে টুইট করে এ খবর জানানো হয়েছে।

**পাকিস্তান পরমাণু শক্তিধর মিসাইল রা'দ** টু-র পরীক্ষামূলক সফল উৎক্ষেপণ করল। ৬০০ কিলোমিটার পাল্লার এই ক্ষেপণাস্ত্র আকাশ থেকে ছুড়তে হয়। এ দিন তার সফল পরীক্ষার পরে জলে ও স্থলে পাকিস্তানের প্রতিরোধক শক্তি আরও বাড়ল বলে পাক সামরিক সূত্রে জানানো হয়েছে।

**সন্ত্রাসবাদীদের অর্থসাহায্যে রাশ টানতে** ব্যর্থ হওয়াকেই কারণ হিসেবে খাড়া করে পাকিস্তানকে ধূসর তালিকাতেই রেখে দিল এই সংক্রান্ত আন্তর্জাতিক নজরদারি সংস্থা এফএটিএফ। প্যারিসে এ দিন সংস্থার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সম্প্রতি পাকিস্তানের একটি আদালত লস্কর-ই-তইবার প্রতিষ্ঠাতা ও মুম্বই হামলার মূল চক্রী হাফিজ মহম্মদ সইদকে জেলে পাঠিয়েছে। পাক কূটনীতিকরা আশা করেছিলেন, এর পরে ইসলামাবাদ সম্পর্কে মনোভাব বদলাতে পারে এফএটিএফ ও পশ্চিমের দেশগুলির।

## প্রয়াত রাজেন্দ্র কুমার পচৌরি



১৪ ফেব্রুয়ারি: বিশিষ্ট পরিবেশবিদ রাজেন্দ্র কুমার পচৌরি (৭৯) প্রয়াত হলেন। 'দ্য এনার্জি অ্যান্ড রিসোর্স ইনস্টিটিউট' (টেরি)-র প্রাক্তন অধিকর্তা ছিলেন তিনি। ২০০২ সাল থেকে ২০১৫ পর্যন্ত 'ইন্টারগভর্নমেন্টাল প্যানেল অন ক্লাইমেট চেঞ্জ' (আইপিসিসি)-র চেয়ারম্যান ছিলেন তিনি। তাঁর সময়েই নোবেল শান্তি পুরস্কার পায় আইপিসিসি। পদ্মভূষণ ও পদ্মবিভূষণে সম্মানিত পচৌরি দীর্ঘ সময় টেরির ডিরেক্টর পদে ছিলেন। কিন্তু এক মহিলা সহকর্মী যৌন হেনস্থার অভিযোগ আনায় ২০১৫ সালে অধিকর্তার পদ থেকে সরে দাঁড়াতে হয় পচৌরিকে। অবশ্য অভিযোগ দায়ের হওয়ার পরই আগাম জামিন মঞ্জুর হয় তাঁর।

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## নিজের দিকে মন দাও, কখনও অন্যের সঙ্গে নিজের তুলনা কোরো না



সুমন ঘোষ
ন্যাশনাল টেকনিক্যাল হেড
ইন্ডিয়ান ইনস্টিটিউট অব
হার্ডওয়্যার অ্যান্ড টেকনোলজি

ইন্টারভিউয়ে কোনও প্রার্থীকে বোঝার জন্য খুব অল্পই সময় পাওয়া যায়। তারই মধ্যে ইন্টারভিউয়াররা যা যাচাই করে নেন, তা হল, প্রার্থীর বেসিক জ্ঞান, দক্ষতা বা অ্যাপটিটিউড এবং আচরণ বা অ্যাটিটিউড। যে-কোনও সংস্থাই তার সদ্য নিয়োগ করা কর্মীকে কাজের উপযোগী করে নেয়। কিন্তু প্রার্থীর বেসিক শিক্ষা, শেখার ইচ্ছে, নমনীয়তা, বুদ্ধি ও দক্ষতা না থাকলে এই শেখানোর কাজটা করা কঠিন হয়ে পড়ে। অনেকেই প্রশিক্ষণকালীন চাপ নিতে পারে না। ফলে বাদ পড়ে, আবার কর্মী খোঁজার পর্ব শুরু করতে হয়। যে-কোনও সংস্থার পক্ষেই এমন ঘটনা বিড়ম্বনার।

### ইন্টারভিউয়ে খেয়াল রাখো

ইন্টারভিউয়ে তোমায় প্রমাণ করতে হবে তুমি সবচেয়ে গ্রহণযোগ্য। সেটা কীভাবে সম্ভব?

- কখনও অন্যের সঙ্গে নিজের তুলনা কোরো না। অন্য কেউ তোমার থেকে বেশি জানে এই বোধ থেকে ভয় তৈরি হয়। তার চেয়ে বরং নিজের দিকে মন দাও। প্রত্যেকের কিছু না কিছু নিজস্ব গুণ থাকে। সেই জায়গাটায় ফোকাস করো।
- প্রাথমিক ভাবে ইন্টারভিউয়ে দেখা হয়, প্রার্থী প্রশ্নগুলো কীভাবে সামলাচ্ছে। কোনও কোনও প্রার্থী এমন ভাবে উত্তর দেয় যে, ইন্টারভিউয়ারের সেখানে আর কিছু বলার থাকে না। প্রশ্নোত্তর পর্ব প্রার্থী নিজেই এক কথায় শেষ করে দিচ্ছে। আলোচনার জায়গা রাখছে না। ইন্টারভিউয়ার কী চাইছেন তাই নিয়ে ভাবছেই না। একে বলে 'ক্লোজ এন্ডেড উত্তর'।

আবার প্রশ্নের উত্তর জানা না থাকলে অনেকে বলে, এই বিষয়টা আমার জানা নেই, কিন্তু এর কাছাকাছি এই বিষয়টা আমার জানা আছে। তখন ইন্টারভিউয়াররা বুঝে নেন, প্রার্থী এগোতে চাইছে, শিখতে চাইছে। একে বলা হয় 'ওপেন এন্ডেড উত্তর'।

> মিলেমিশে কাজ করার প্রবণতা অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখা হয় ইন্টারভিউয়ের সময়। সাধারণত, সিভি থেকেই দেখে নেওয়া হয় হবি-তে কোনও টিমওয়ার্ক আছে কি না। দলবদ্ধভাবে কোনও খেলা, প্রজেক্ট, অনুষ্ঠানের কথা থাকলে বোঝা যায় প্রার্থী সবাইকে নিয়ে চলতে সক্ষম।

- অল্প সময়ে স্পষ্ট উত্তর দিতে হবে। 'ভাবতে হবে', 'দেখতে হবে' —এমন উত্তর গ্রহণীয় নয়। 'না' শব্দ দিয়ে উত্তর নয়, দ্বন্দ্বমূলক উত্তরও চলবে না। দেখতে হবে, সব উত্তরই যেন ইতিবাচকভাবে শেষ হয়। যেমন, 'এইভাবে তো জানা হয়নি। সুযোগ পেলেই শিখে নেব'।
- ইন্টারভিউয়ের সময় অনেক ক্ষেত্রেই দেখা যায় নিজের সিভি-তে কী আছে প্রার্থী নিজেই তা জানে না। সিভি ইন্টারনেট দেখে বা অভিজ্ঞ কাউকে দিয়ে বানাতেই পারো। কিন্তু যে-লেখা জমা দিচ্ছ সেটা খুব ভালো করে পড়ে যাওয়া অবশ্যই দরকার। যেমন, অনেক প্রার্থীকে দেখেছি বলতেই পারে না, পরীক্ষায় কত শতাংশ নম্বর পেয়েছে। ইন্টারভিউয়ারের তখন স্বভাবিকভাবেই মনে হয়, যে এটুকু তথ্য মনে রাখে না, সে ভারী অফিশিয়াল তথ্য কী করে মনে রাখবে।
- মিলেমিশে কাজ করার প্রবণতা অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখা হয় ইন্টারভিউয়ের সময়। সাধারণত, সিভি থেকেই দেখে নেওয়া হয় হবি-তে কোনও টিমওয়ার্ক আছে কি না। দলবদ্ধভাবে কোনও খেলা, প্রজেক্ট, অনুষ্ঠানের কথা থাকলে বোঝা যায় প্রার্থী সবাইকে নিয়ে চলতে সক্ষম। এখনকার দিনে বেশিরভাগ কাজই দলবদ্ধ প্রয়াসে হয়। সেখানে শুধু নিজের কাজ করে চলে গেলে হয় না। তোমার কাজ শেষ হলেও অন্যদের সাহায্য করতে হবে। একইভাবে অন্যরাও তোমার পাশে থাকবে।

### ইতিবাচক মনোভাব দেখাতে হবে

কম্পিউটার সায়েন্স নিয়ে ইঞ্জিনিয়ারিং পড়ি। আমার প্রথম ইন্টারভিউতে আমাকে প্রশ্ন করা হয়, 'তুমি একেবারেই নতুন, সুতরাং কিছু ইতিবাচক গুণ বলো যার জন্য তোমাকে আমরা কাজে নিতে পারি।

উত্তরে বলেছিলাম, আমি একেবারেই অনভিজ্ঞ, কোনও কাজই জানি না। ফলে যে-কোনও কাজই আমি করতে পারি। ফলে আমাকে যেখানে নিয়োগ করবেন, সেখানেই কাজ করব। আমি শিখতে চাই, উন্নতি করতে চাই আপনার সংস্থায় থেকেই। তার জন্য আমার সবটুকু ক্ষমতা প্রয়োগ করব।

এই উত্তরের মধ্য দিয়ে শেখার ইচ্ছে, ইতিবাচক মনোভাব-সহ বেশ কিছু গুণাগুণ একসঙ্গে বোঝাতে চেষ্টা করেছিলাম। ফলও ভালোই হয়েছিল।

### চাকরি পাওয়ার পরও শিখতে হবে

মনে রাখতে হবে চাকরি পাওয়ার পরও শেখার আগ্রহটি জারি রাখতে হবে। প্রতি মুহূর্তে প্রযুক্তি থেকে শুরু করে কাজের ধরনে আমূল পরিবর্তন আসছে। তোমাকেও সেই পরিবর্তনের সঙ্গে তাল রেখে শিখে নিতে হবে। নাহলে নতুন প্রযুক্তি শিখে আসা জুনিয়াররা তোমার জায়গা নিয়ে নেবে।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
shine.com

Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

GLOBAL INDIA CONSULTANTS
Company: A client of Global India Consultants
Position Title: Officer - Sales / AM
Experience, Location: Minimum 1 Year, Kolkata
Profile: We have openings for Bank. Age: Upto 30 Years. Edu- Graduate/MBA. Job profile: To sell various Banking products, on roll Job, CTC: Upto 3.4 lac PA, Incentive Earning Potential: Upto Rs.60,000 p.m. If interested, please Contact- Email: gic525@hotmail.com, Runa:7685860000
To apply for this job, log on to www.shine.com

Aviation Connect
Company: Aviation Connect
Position Title: Air Hostress & Ground staff
Experience, Location: Both Fresher & Experience, Kolkata, Bhubaneswar & Delhi
Profile: Aviation connect provide 100% placement to our students after completion of the courses or workshop Age : 18years to 27 years. Education : Min Higher Secondary, Salary : 11,000-34,000/Month, Fresher may apply.call on 9051941467/03346037102 & also Apply to : info@aviationconnect.in
To apply for this job, log on to www.shine.com

Goldman Consultants
Company: A client of Goldman Consultants
Position Title: Sales Executive / Sales Manager
Experience, Location: 2 year - 15 year, Kolkata
Profile: We have several vacancies in BFSI Industry. Salary- 2 lakh - 5 Lakh per annum. Interested candidate may contact on below address for further details. Email- gmcjobs12@gmail.com or call on Mobile No- 9339556600, 9331120211
To apply for this job, log on to www.shine.com

SUPRO INFO SOLUTIONS PRIVATE LIMITED
Company: SUPRO INFO SOLUTIONS PRIVATE LIMITED
Position Title: Sales & Marketing Manager
Experience, Location: 2 to 5 Yrs, Kolkata
Profile: Roles and responsibilities for Business Development Manager Target setting and achieving targets on monthly and annual basis.Guiding the team to sell the products in the market.Collaborate with design and sales teams to ensure that requirements are met. Maintain relationships with current clients and identify new prospects within the area you have been assigned. Recruitment of Team. Field calls and visits with team.
To apply for this job, log on to www.shine.com and search using 10069251 as keyword.

Creamson Intelli Academy
Company: Creamson Intelli Academy
Position Title: Digital Ad Sales, Kolkata
Experience, Location: 3 to 6 Yrs, Kolkata
Profile: Should be able to manage Search and Display campaigns. Exposure to and hands on experience managing AdWords retargeting/re- marketing campaigns is a must.Should be well versed in implementing ad- extensions like Call-Outs, Sitelinks, Structured Snippets, etc Proficiency in running ads, maintaining landing pages.
To apply for this job, log on to www.shine.com and search using 10291051 as keyword.

Siemens Limited
Company: Siemens Limited
Position Title: Senior Executive Product & Solution Sales
Experience, Location: 3 to 7 Yrs, Kolkata
Profile: Support in implementing effective Solution partner and Distribution partner program in the Eastern region and the near by cities as a part of Tier-3 city development. Focus on channel development ( RSL / VAP) in the region and to meet all the techno commercial requirements of the VAP/RSL Channel and End customers in the region.
To apply for this job, log on to www.shine.com and search using 10060775 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*
*Not for Candidates
shine.com
Great careers start here

VIT®
Vellore Institute of Technology
(Deemed to be University under section 3 of UGC Act, 1956)




Super Dreamer
CTC: Above 40 Lacs p.a.
Company: Microsoft

RECRUITERS (2019 BATCH) 700+
OFFERS 7070*
SALARY PACKAGE ₹ [AVERAGE] 7.25 L
SALARY PACKAGE ₹ [HIGHEST] 41.6 L
SUPER DREAM & DREAM OFFERS [PLACEMENT & INTERNSHIPS] 3207*
*As on 20.01.2020

VITEEE - 2020
Last date to Apply : 29th February, 2020
VITEEE Examination : 13th - 19th April, 2020

B.Tech. Programmes: • Aerospace Engineering • Bio-Engineering • Biotech • Chemical • Civil • CSE • CSE (Bio-Info.) • CSE (Data Analytics) • CSE (Gaming Tech) • CSE (Information Security) • CSE (IoT) • CSE (AI & Machine Learning) • CSE (Cyber Security & Digital Forensics) • CSE (Networking & Security) • CSE (AI & Robotics) • CSE & Business Systems • ECE (AI & Cybernetics) • ECE • ECE (Biomedical) • ECE (Embedded Systems) • ECE (VLSI) • EEE • EIE • Electronics & Computer Engg. • Fashion Technology • IT • Mech. • Mech. (Auto) • Mechatronics & Automation • Production & Industrial Engg.

VIT IS RANKED No.1 IN INDIA BY ARIIA
GOVT. OF INDIA
AMONGST PRIVATE / SELF-FINANCED INSTITUTIONS IN INDIA 2019
Source: https://www.ariia.gov.in/Ranking2019Private.html

VIT VELLORE, CHENNAI
VIT AP AMARAVATI
VIT BHOPAL

1 800-102-0536, +91-416-220-2020
95666 56755
Apply now www.vit.ac.in/viteee

VIT - The 18th Ranked Engineering Institution of India (NIRF Ranking 2019, MHRD, Govt. of India)
VIT, Vellore - 632 014, Tamil Nadu, India | Email: ugadmission@vit.ac.in
VIT - A place to learn; A chance to grow

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET WBTET
TET বাংলা
GK+GI+GS+CA

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

শেষ মুহূর্তের মহড়া

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

**পরীক্ষা ৮ মার্চ**

**প্রথম সেট**

1. ভারতে মৌসুমি বায়ুর প্রধান নিয়ন্ত্রক:
(a) তাপমাত্রা (b) নিম্নবায়ুর গতিবিধি (c) জেট স্ট্রিম (d) হিমালয় পর্বতের অবস্থান
2. ক্ষেত্রফলের হিসেবে ভারতের স্থান পৃথিবীর মধ্যে:
(a) দশম (b) নবম (c) ষষ্ঠ (d) সপ্তম
3. কোনটি ত্রিপিটকের অন্তর্গত নয়?
(a) সুত্ত (b) জাতক (c) অভিধর্ম (d) বিনয়
4. নর্মদা নদীর উৎপত্তি কোথায়?
(a) বিন্ধ্য পর্বতমালা (b) পালনি পর্বত (c) অমরকণ্টক মালভূমি (d) মৈকাল পর্বতমালা
5. প্রথম গোলটেবিল বৈঠকের (1930) সময় ব্রিটেনের প্রধানমন্ত্রী ছিলেন:
(a) নেভিল চেম্বারলেন (b) বাল্ডুইন (c) উইনস্টন চার্চিল (d) র‍্যামসে ম্যাকডোনাল্ড
6. ভারতের পাট চাষের প্রধান ক্ষেত্র হল:
(a) হিমাচল প্রদেশ (b) তামিলনাড়ু (c) পশ্চিমবঙ্গ (d) কেরল
7. সাতবাহনদের আমলে একটি গুরুত্বপূর্ণ বন্দর হল:
(a) তক্ষশিলা (b) মথুরা (c) পাটলিপুত্র (d) সোপারা
8. পূর্ব ও পশ্চিমঘাটের সংযোগস্থল হল:
(a) নীলগিরি পর্বত (b) পালঘাট গ্যাপ (c) আন্নামালাই পর্বত (d) পালনি পর্বত
9. কোন ভাইসরয়ের আমলে ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠিত হয়?
(a) লর্ড ডাফরিন (b) লর্ড ল্যান্সডাউন (c) লর্ড রিপন (d) লর্ড লিটন
10. নীচের কোন নদীটি কাশ্মীর উপত্যকা দিয়ে প্রবাহিত?
(a) চন্দ্রভাগা (b) ঝিলম (c) শতদ্রু (d) গঙ্গা
11. ভারতের সর্বপ্রথম বাংলা সংবাদপত্র হল:
(a) সংবাদ কৌমুদী (b) সংবাদ প্রভাকর (c) যুগান্তর (d) সমাচার দর্পণ
12. ভারতের কোন রাজ্যে সর্বাধিক তুলো উৎপন্ন হয়?
(a) গুজরাত (b) পাঞ্জাব (c) মহারাষ্ট্র (d) অন্ধ্রপ্রদেশ
13. পর্যটক আব্দুর রজ্জাক কোন শাসকের সময়কালে ভারতে এসেছিলেন?
(a) শামসুদ্দিন ইলিয়াস শাহ (b) দ্বিতীয় দেবরায় (c) মহম্মদ বিন তুঘলক (d) আলাউদ্দিন খলজি
14. পৃথিবীর মানচিত্রে সমান বিনতি কোণবিশিষ্ট স্থানগুলিকে যোগ করে যদি রেখা টানা হয়, তাহলে সেই রেখাগুলিকে বলা হয়:
(a) শূন্যদিকপাতী রেখা (b) সমচৌম্বকনতি রেখা (c) সমোষ্ণ রেখা (d) সমোন্নতি রেখা
15. কত সালে শিকাগো ধর্মসম্মেলন অনুষ্ঠিত হয়?
(a) 1893 (b) 1894 (c) 1895 (d) 1892
16. উত্তরবঙ্গের পূর্বতম নদী কোনটি?
(a) মেচি (b) পাগলা (c) রায়ডাক (d) তোর্সা
17. কত সালে রাওলাট আইন প্রবর্তিত হয়?
(a) 1917 (b) 1918 (c) 1919 (d) 1920
18. লোকটাক হ্রদ কোন রাজ্যে অবস্থিত?
(a) মণিপুর (b) জম্মু ও কাশ্মীর (c) হিমাচল প্রদেশ (d) অরুণাচল প্রদেশ
19. ঋগ্বেদের গায়ত্রী মন্ত্র কার উদ্দেশে রচিত হয়েছিল?
(a) অগ্নি (b) সাবিত্রী (c) উষা (d) ইন্দ্র
20. ভারতের কয়লা প্রধানত এই জাতীয়:
(a) বিটুমিনাস (b) লিগনাইট (c) পিট (d) অ্যানথ্রাসাইট
21. করেঙ্গে ইয়া মরেঙ্গে কোন আন্দোলনের মূলমন্ত্র?
(a) খিলাফত (b) ভারতছাড়ো (c) অসহযোগ (d) আইনঅমান্য
22. পশ্চিমবঙ্গে বোরো ধান চাষের প্রাধান্য দেখা যায়:
(a) পূর্বের জেলাগুলিতে (b) রাঢ় অঞ্চলে (c) উত্তরবঙ্গের সমভূমিতে (d) পুরুলিয়ার মালভূমি অঞ্চলে
23. নন্দ বংশের প্রতিষ্ঠাতা হলেন:
(a) মহাপদ্ম নন্দ (b) নাগাশোক (c) কালাশোক (d) ধননন্দ
24. কত সালে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে সিভিল সার্ভিস ব্যবস্থায় কর্মচারী নিয়োগের ব্যবস্থা করা হয়?
(a) 1852 (b) 1853 (c) 1854 (d) 1855
25. হিলিয়াম পরমাণু একটি ইলেকট্রন ত্যাগ করে নিচের কোনটিতে পরিণত হয়?
(a) ডিউটেরন (b) প্রোটন (c) হিলিয়াম আয়ন (d) নিউট্রন
26. হাইড্রোজেন বোমা যে নীতির ওপর নির্ভর করে তৈরি করা হয় তা হল:
(a) নিউক্লিয়ার ফিউশন (b) নিউক্লিয়ার ফিসন (c) নিউক্লিয়ার ভর (d) কোনওটিই নয়
27. সবুজ পাতা ও লাল ফুলের উপর লাল আলো ফেললে দেখা যাবে:
(a) কালো পাতা ও লাল ফুল (b) সবুজ পাতা ও লাল ফুল (c) কালো পাতা ও কালো ফুল (d) লাল পাতা ও লাল ফুল
28. একজন মানুষের ওজন অধিকতর হয়:
(a) পৃথিবীর কেন্দ্রে (b) মহাকাশে (c) মেরুতে (d) বিষুবরেখায়
29. নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি সবথেকে দুর্বল?
(a) গ্র্যাভিটেশনাল ফোর্স (b) নিউক্লিয়ার ফোর্স (c) ইলেক্ট্রোস্ট্যাটিক ফোর্স (d) ইলেক্ট্রোম্যাগনেটিক ফোর্স
30. আকাশ নীল রং-এর হয় কারণ:
(a) প্রতিফলন (b) বিক্ষেপণ (c) বিচ্ছুরণ (d) প্রতিসরণ
31. সৌরশক্তির কারণ হল:
(a) নিউক্লিয়ার ফিসন বিক্রিয়া (b) নিউক্লিয়ার ফিউশন বিক্রিয়া (c) রাসায়নিক বিক্রিয়া (d) হাইড্রোজেনের দহন
32. তেজস্ক্রিয়তা মাপার একক হল:
(a) কুরি (b) প্ল্যাঙ্ক (c) আইনস্টাইন (d) কোনওটিই নয়
33. জলকে 7°c থেকে 1°c-তে ঠান্ডা করলে কী ঘটে?
(a) এটি প্রথমে প্রসারিত হয় এবং পরে সংকুচিত হয় (b) এটির শুধু সংকোচন ঘটে (c) এটির শুধু প্রসারণ ঘটে (d) এটি প্রথমে সংকুচিত হয় কিন্তু পরে প্রসারিত হয়
34. কোনও কোনও গাড়িতে একটি অতিরিক্ত হলুদ রংয়ের হেডলাইট থাকে কারণ:
(a) হলুদ রংয়ের আলো কুয়াশার মধ্যে প্রবেশ করতে পারে, তাই রাতে কুয়াশা যুক্ত রাস্তা ভালোভাবে আলোকিত করতে পারে (b) হলুদ রঙের আলোতে শক্তির খরচ কম হয় (c) হলুদ রঙের হেডলাইটে গাড়িটি দর্শনীয় হয়ে ওঠে (d) হলুদ রংয়ের আলো চোখে পড়লে পথিকের চোখ ধাঁধায় না

এরপর এগারোর পাতায়

স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

## কেন্দ্রীয় সরকারে গ্রুপ-সি 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ'

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**পরীক্ষা ১৬ থেকে ২৬ মার্চ**

**General Intelligence**

**Direction (1 to 5):** *Find out the odd word/letter/number from the given alternatives.*
1. (a) Table (b) Chair (c) Bed (d) Computer
2. (a) Apple (b) Papaya (c) Litchi (d) Orange
3. (a) OMQ (b) TPR (c) HFJ (d) VTX
4. (a) 16 (b) 4 (c) 25 (d) 8
5. (a) T (b) S (c) M (d) W

**Direction (6 to 9):** *Find out the related word/letter/number from the given alternatives.*
6. Moon : Satellite : : Earth : ?
(a) Asteroid (b) Sun (c) Planet (d) Solar system
7. Doctor : Hospital : : Teacher : ?
(a) Field (b) Office (c) House (d) School
8. ACE : HIL : : MOQ : ?
(a) TUX (b) XVT (c) VTX (d) TVX
9. 12 : 30 : : 20 : ?
(a) 42 (b) 25 (c) 32 (d) 35
10. In a certain code language CHILD is written as IMOQJ. How will BABE be written in that language?
(a) HFGJ (b) HFHJ (c) FFGJ (d) FGFK
11. If AMONG is written as NAOGM and SPINE is written as NSIEP, then LAMON will be written as:
(a) OLNMA (b) OALNM (c) MLONA (d) OLMNA
12. Pointing to the lady in the photograph, Mira said, Her son's father is the only son-in-law of my mother. How is Mira related to that lady?
(a) Daughter (b) Mother (c) Sister (d) Cousin
13. Suhana was facing east. She walked 20 metres, turning left she moved 15 metres and then turning right moved 25 meters. Finally she turned right and moved 15 metres more. How far is she from her starting point?
(a) 35 m (b) 25 m (c) 45 m (d) 50 m

**Direction (14 to 17):** *Find out the suitable alternative to complete the series.*
14. 8, 13, 10, 15, 12, 17, 14, ?

এরপর চোদ্দোর পাতায়

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

**সমাধান**

46(b): 336 ↓ $7^3 - 7$, 210 ↓ $6^3 - 6$, 120 ↓ $5^3 - 5$, 160 ↓ $4^3 - 4$, 24 ↓ $3^3 - 3$, 6 ↓ $2^3 - 2$

47(a): 25 26 [24] 29 27 36 33 (25)
$+1^2$, $-1$, $+2^2$, $-2$, $+3^2$, $-3$

48(c): 97 : 47 : : 75 : 23
$(9 \times 7) - (9 + 7)$ ; $(7 \times 5) - (7 + 5)$

49(d): PON ROP TSR VUT [XWV]

50(d): cab/ c a b /c a b/c a b/c a b/ c a b
∴ cbaaac.

51(d): CB (−1) UV (+1) YX (−1) TU (+1) RQ (−1) OP (+1) IJ (+1) SO (−4)

52(d): পরপর ⇒ Narcotic, [Nemises], Niger, Ninth.

53(b): ডানদিকের শেষ থেকে এগারোতম বর্ণের ডানদিকের ষষ্ঠ বর্ণ = ডানদিক থেকে (11 − 6)তম বর্ণ বা 5তম বর্ণ = বাঁদিক থেকে (27 − 5)তম বর্ণ বা 22 তম বর্ণ = 'V'.

54(b): C H A I R S
সুতরাং, 2 জোড়া অক্ষর হল CA/RS.

55(b): PRINTE শব্দটি তৈরি করা সম্ভব।
[TENDER/SUPER/NINETY/ স্থানের অক্ষরগুলি মূল শব্দে নেই।]

56(b): প্রথমক্ষেত্রে anticlockwise 45°, দ্বিতীয়ক্ষেত্রে clockwise 45°, তৃতীয়ক্ষেত্রে anticlockwise 45°
সুতরাং, চতুর্থক্ষেত্রে clockwise 45° হবে। অর্থাৎ N দ্বারা N–E-কে প্রকাশ করা হবে।

57(a):



58(a): 1 2 3 [4] 2 3 1 [4] 4 3 2 2 1 2 [4] 3 1 [4] 4 1 2

59(c): E ⟶ B ⟶ [C] ⟶ A ⟶ D

60(b): মোট দিন = (6 + 29 + 31 + 30 + 15) = 111 দিন
[∴ 1988 সালে Leap year, ∴ ফেব্রুয়ারি = 29 দিন]

61(a):

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | T | E | A | C | H | E | R |
| | ↓+2 | ↓+2 | ↓+2 | ↓+2 | ↓+2 | ↓+2 | ↓+2 |
| | V | G | C | E | J | G | T |
| C | H | I | L | D | R | E | N |
| ↓+2 | ↓+2 | ↓+2 | ↓+2 | ↓+2 | ↓+2 | ↓+2 | ↓+2 |
| E | J | K | N | F | T | G | P |

62(b): $3^2 - 3 = 6/8^2 - 8 = 56/10^2 - 10 = 90/$
$2^2 - 2 = 2/$ [$5^2$] $- 5 = 20/1^2 - 1 = 0.$

63(b): $6 \times 8 + 3 = 51/15 \times 4 + 5 = 65/20 \times 5 + 20 = 120.$

64(d):



65(d):



66(a): 'A' -এর বিপরীতে হবে #.

76(b): বর্তমানে পুত্রের বয়স x বছর, বর্তমানে পিতার বয়স = (x + 24) বছর
2 বছর পর পুত্রের বয়স (x + 2) বছর
2 বছর পর পিতার বয়স = (x + 24) + 2 বছর
∴ (x + 24) + 2.2.(x + 2) বা, x = 22.

77(b): প্রথম ছাত্র 5x হলে, দ্বিতীয় ছাত্র 4x
মোট নম্বর $12 \times \frac{(5x + 4x)}{5x - 4x} = \frac{60x + 48x}{x} = 108.$

78(d): প্রথম প্রকার : দ্বিতীয় প্রকার = (8 − 6) : (11 − 8) = 2 : 3.

79(b): রাম ও মাসুদ 8 দিনে করে 1 অংশ
3 দিনে করে $\frac{3}{8}$ অংশ
বাকি ⇒ $1 - \frac{3}{8} = \frac{5}{8}$ অংশ
মাসুদ $\frac{5}{8}$ অংশ 15 দিনে করে

এরপর এগারোর পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

### পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

দশের পাতার পর

35. যদি বায়ুর ঘনত্ব 1.30 গ্রাম প্রতি লিটার হয়, তাহলে 7.8 গ্রাম বায়ুর আয়তন হবে:
(a) 6 লিটার (b) 10.10 লিটার (c) 11 লিটার (d) 6.5 লিটার
36. বাতাসে বিদ্যুতের চমকানি (বিদ্যুৎ প্রবাহের নির্গমন) দ্বারা বৃষ্টির গঠন শুরু হয়, কারণ এটি:
(a) কিছু গ্যাস অণুকে আয়নিত করে (b) আলোক-রাসায়নিক বিক্রিয়া শুরু করে (c) বাতাসের অক্সিজেন ও নাইট্রোজেনকে সংযুক্ত করে (d) বিদ্যুৎ প্রবাহের নির্গমন $H_2O$ অণুগুলিকে সক্রিয় করে
37. স্টেপডাউন ট্রান্সফর্মারে কী বেড়ে যায়?
(a) ওয়াটেজ (b) ভোল্টেজ (c) কারেন্টের ঘনত্ব (d) কারেন্ট
38. একটি ঘরে আপেক্ষিক আর্দ্রতা 50% যখন ঘরটির তাপমাত্রা 30°c। যদি ঘরের তাপমাত্রা 40°c করা হয়, তাহলে ঘরটির আপেক্ষিক আর্দ্রতা:
(a) কোনও পরিবর্তন হবে না (b) বেড়ে যাবে (c) কমে যাবে (d) কমা বা বাড়া ঘরের আয়তনের উপর নির্ভরশীল
39. একটি তরলের সান্দ্রতা:
(a) তাপমাত্রার উপর নির্ভর করে না (b) চাপ বৃদ্ধিতে কমে (c) তাপমাত্রা বৃদ্ধিতে কমে যায় (d) তাপমাত্রা বৃদ্ধিতে বেড়ে যায়
40. লোহার সবচেয়ে বিশুদ্ধ রূপটি হল:
(a) কাস্ট আয়রন (b) রট আয়রন (c) স্টেইনলেস স্টিল (d) ইস্পাত
41. কোলয়ডীয় কণা থিতিয়ে পড়ে না কারণ:
(a) বিস্তার মাধ্যম অপেক্ষা এগুলি অত্যন্ত কম পরিমাণে উপস্থিত থাকে (b) এরা তড়িৎ পরিবহণে সক্ষম (c) এগুলির দ্রাবকায়ন ঘটে (d) এগুলির আপেক্ষিক গুরুত্ব খুব কম
42. নীচের কোনটি মৌলিক পদার্থ?
(a) গ্রাফাইট (b) খাদ্যলবণ (c) কাচ (d) জল
43. রাসায়নিক বিয়োজন বিক্রিয়াগুলি:
(a) তাপশোষক (b) একমুখী বা তাপপরিবর্তনীয় এবং তাপশোষক বা তাপ উৎপাদক (c) উভমুখী (d) উভমুখী ও তাপশোষক
44. সাধারণত তুলাযন্ত্রের সাহায্যে আমরা কী পরিমাপ করি?
(a) ঘনত্ব (b) আয়তন (c) ভর (d) ওজন
45. কোন ধাতুটি সর্বাধিক তাপ ও তড়িৎ-এর পরিবাহী?
(a) পটাশিয়াম (b) সোডিয়াম (c) তামা (d) রুপো
46. কোন সংস্থা ভারতে জাতীয় আয়ের পরিমাপ করে?
(a) সেন্ট্রাল স্ট্যাটিস্টিক্যাল অর্গানাইজেশন (b) ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড ইন্সটিটিউশন (c) ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইন্সটিটিউট (d) কোনওটিই নয়
47. কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনার পর পরিকল্পনা বিরতি হয়েছিল?
(a) তৃতীয় পঞ্চবার্ষিকী (b) দ্বিতীয় পঞ্চবার্ষিকী (c) চতুর্থ পঞ্চবার্ষিকী (d) প্রথম পঞ্চবার্ষিকী
48. ভারতের কোন প্রদেশে মাথাপিছু আয় সর্বাধিক?
(a) মহারাষ্ট্র (b) গোয়া (c) দিল্লি (d) পাঞ্জাব
49. ভারতে সবুজ বিপ্লবের ফলে অধিক মাত্রায় বৃদ্ধি পেয়েছিল:
(a) ব্যক্তি বৈষম্য (b) গমের উৎপাদন (c) আঞ্চলিক বৈষম্য (d) উপরের সবক'টি
50. নীচের কোন সামগ্রী থেকে ভারতের সর্বাধিক বৈদেশিক মুদ্রা উপার্জিত হয়ে থাকে?
(a) চাল (b) চর্ম ও চর্মজাত সামগ্রী (c) মশলা (d) ওষুধ
51. পশ্চিমবঙ্গের নয়া শিল্পনীতি ঘোষিত হয়েছিল:
(a) 1994 (b) 1995 (c)1996 (d) 1997
52. ব্যাঙ্কগুলি যে স্থানে তাদের পারস্পরিক দাবিদাওয়া ও লেনদেন সংক্রান্ত বোঝাপড়া করে থাকে:
(a) সংগ্রহ কেন্দ্র (b) ট্রেজারি (c) স্টক এক্সচেঞ্জ (d) ক্লিয়ারিং হাউস
53. আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার কর্তৃক ভারতকে ঋণদানের প্রধান উদ্দেশ্য:
(a) কৃষি উৎপাদন বাড়ানো (b) বৈদেশিক লেনদেন মেটানো (c) প্রযুক্তিগত উন্নতি (d) কেন্দ্রীয় বাজেট ঘাটতি কমানো
54. পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনা চতুর্থ বছরের শেষেই সমাপ্ত হয়েছিল কারণ:
(a) জনতা পার্টি নতুন ধাঁচের পরিকল্পনা শুরু করতে চেয়েছিল (b) অত্যধিক খরা (c) জরুরী অবস্থা পরিকল্পনার সমাপ্তি ঘটিয়েছিল (d) যথেষ্ট অর্থের জোগান ছিল না
55. একটি উন্নত অর্থনীতিতে সর্বাধিক কর্মসংস্থান হয়:
(a) মাধ্যমিক ক্ষেত্রে (b) তৃতীয় ক্ষেত্রে (c) প্রাথমিক ক্ষেত্রে (d) উপরের কোনওটিই নয়
56. ভারতে দারিদ্রসীমা নির্ধারিত হয়:
(a) জনগণের ক্যালোরি গ্রহণের সূচক দ্বারা (b) জনগণের জীবনযাত্রার মান দ্বারা (c) অধিকাংশের আয়ত্তর দ্বারা (d) কোনওটিই নয়
57. ক্ষুদ্র চাষি উন্নয়ন সংস্থার (SFDA) কাজ কী?
(a) কৃষি ও অন্যান্য কৃষি-সম্পর্কিত কাজের উন্নতি ঘটানো (b) গ্রামীণ হস্তশিল্প ও অন্যান্য গ্রামীণ শিল্পের উন্নতি ঘটানো (c) প্রাতিষ্ঠানিক ঋণের ব্যবস্থা করা (d) উপরের সবক'টি
58. পঞ্চবর্ষিকী পরিকল্পনার খসড়া সর্বশেষ পর্যায়ে কে অনুমোদন করে/করেন?
(a) রাষ্ট্রপতি (b) সংসদ ও রাজ্য বিধানসভাসমূহ (c) জাতীয় উন্নয়ন পর্ষদ (d) পরিকল্পনা কমিশন
59. নীচে বর্ণিত কোন ধারণাটি দেশের স্থূল জাতীয় উৎপাদন পরিমাপ করতে ব্যবহৃত হয় না?
(a) ব্যক্তিগত বিনিয়োগ (b) নিট বৈদেশিক বিনিয়োগ (c) সরকারের কেনা দ্রব্যসামগ্রী (d) নাগরিকদের মাথাপিছু আয়
60. উৎপাদন বৃদ্ধির সঙ্গে নীচের কোনটি বৃদ্ধি পায়?
(a) গড় ব্যয় (b) প্রান্তিক ব্যয় (c) পরিবর্তনশীল ব্যয় (d) স্থির ব্যয়
61. সারকারিয়া কমিশন গঠিত হয়েছিল যে সম্পর্কটি পুনর্বিবেচনার জন্য সেটি হল:
(a) কেন্দ্র এবং রাজ্যের মধ্যে সম্পর্ক (b) প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপতির মধ্যে সম্পর্ক (c) আইন বিভাগ এবং শাসনবিভাগের মধ্যে সম্পর্ক (d) শাসনবিভাগ এবং বিচারবিভাগের মধ্যে সম্পর্ক
62. ভারতের প্রথম প্রধানমন্ত্রী যিনি তৎকালীন ভারতীয় জাতীয় কংগ্রেসের সদস্যপদে আসীন ছিলেন না তিনি হলেন:
(a) বিশ্বনাথ প্রতাপ সিং (b) মোরারজি দেশাই (c) চরণ সিং (d) চন্দ্রশেখর
63. ভারতীয় সংবিধানের 24তম ধারায় কোনও কারখানায় শিশুদের নিয়োগ নিষিদ্ধ যদি তাদের বয়স হয়:
(a) 13 বছরের কম (b) 14 বছরের কম (c) 15 বছরের কম (d) 16 বছরের কম
64. ভারতীয় সংবিধানের 109তম সংশোধনীটি _______ এর সঙ্গে সম্পর্কিত:
(a) তফসিলি জাতি ও জনজাতিদের সংরক্ষণ (b) রাষ্ট্রপতির ক্ষমতা (c) সরকারি ভাষা (d) ভোটারদের বয়স
65. ভারতের নতুন সংবিধান কবে গৃহীত (স্বাক্ষরিত) হয়েছিল?
(a) 25 নভেম্বর, 1949 (b) 26 নভেম্বর, 1949 (c) 27 নভেম্বর, 1949 (d) 28 নভেম্বর, 1949
66. ভারতীয় সংবিধানের কোন ধারায় কেন্দ্র ও রাজ্যগুলির মধ্যে আর্থিক সম্পর্কের বিষয়ে সুপারিশ করার জন্য অর্থ কমিশন গঠনের সংস্থান রাখা হয়েছে?
(a) 276 (b) 277 (c) 278 (d) 280
67. সংবিধান সভার সভাপতি কে ছিলেন?
(a) রাজেন্দ্রপ্রসাদ (b) বি আর আম্বেদকর (c) জওহরলাল নেহরু (d) সি রাজাগোপালাচারি
68. তথ্য অবগত হওয়ার অধিকার-সংক্রান্ত আইনটি নিম্নোক্ত কোন রাজ্যটি ছাড়া সর্বত্র প্রযোজ্য?
(a) নাগাল্যান্ড (b) মণিপুর (c) জম্মু-কাশ্মীর (d) মিজোরাম
69. কোন সংবিধান সংশোধনী আইনে সমস্ত ভারতীয় নাগরিককে শিক্ষার অধিকার দেওয়া হয়েছে?
(a) 85তম (b) 86তম (c) 87তম (d) 88তম
70. ভারতের কোন রাজ্যটি সর্বাপেক্ষা বেশি মেয়াদে রাষ্ট্রপতি শাসনের আওতাভুক্ত হয়েছে?
(a) হিমাচল প্রদেশ (b) কেরল (c) কর্নাটক (d) পাঞ্জাব
71. 'জামিয়াত-ই-উলেমা-ই-হিন্দ' কে প্রতিষ্ঠা করেন?
(a) মহম্মদ ইকবাল (b) মহম্মদ আলি জিন্না (c) স্যার সৈয়দ আহমেদ খান (d) আলি ভ্রাতৃদ্বয়
72. নিম্নোক্ত কোন ব্যক্তি লাহোর প্রস্তাব রচনা করেছেন?
(a) মৌলানা আজাদ (b) স্যার সিকান্দার হায়াত খান (c) জিন্না (d) আগা খান
73. নিখিল ভারত কৃষাণ সভা প্রতিষ্ঠিত হয়:
(a) 1936 সালের মে মাসে (b) 1936 সালের জুন মাসে (c) 1936 সালের এপ্রিল মাসে (d) 1936 সালের সেপ্টেম্বর মাসে
74. স্বাধীনতা লাভের সময় কংগ্রেস সভাপতি ছিলেন:
(a) মৌলানা আজাদ (b) জে বি কৃপালিনী (c) চিত্তরঞ্জন দাশ (d) গান্ধীজি
75. নিম্নের মধ্যে কে 'Lotus and Dagger' সোসাইটি প্রতিষ্ঠা করেন?
(a) অশ্বিনীকুমার দত্ত (b) অরবিন্দ ঘোষ (c) সি আর দাশ (d) মোতিলাল নেহরু
76. একটি ক্যাম্পে 250 জন ছাত্রের 18 দিনের খাদ্য ছিল। যদি আরও 50 জন বাড়তি ছাত্র আসে তবে ওই খাদ্য কতদিন চলবে?
(a) 12 দিন (b) 20 দিন (c) 15 দিন (d) 16 দিন
77. যদি কোনও সংখ্যার 2.5%, 15 হয়, তবে সংখ্যাটি হবে:
(a) 600 (b) 400 (c) 550 (d) 700
78. একটি 171 মিটার লম্বা ট্রেনের গতিবেগ 45 কিলোমিটার/ঘণ্টা হলে 229 মিটার লম্বা ব্রিজ অতিক্রম করতে কত সময় লাগবে?
(a) $\frac{20}{2}$ মিটার/সেকেন্ড (b) $\frac{23}{2}$ মিটার/সেকেন্ড (c) $\frac{25}{2}$ মিটার/সেকেন্ড (d) কোনওটিই নয়
79. একটি ট্রেন 96 মিটার দীর্ঘ ব্রিজ 12 সেকেন্ডে অতিক্রম করে ও 141 মিটার দীর্ঘ অপর ব্রিজ 15 সেকেন্ডে অতিক্রম করে। তাহলে ট্রেনের গতিবেগ কত?
(a) 55 কিলোমিটার/ঘণ্টা (b) 54 কিলোমিটার/ঘণ্টা (c) 57 কিলোমিটার/ঘণ্টা (d) 60 কিলোমিটার/ঘণ্টা
80. 40 মিটার বাহুবিশিষ্ট বর্গাকার একটি ছাদ $1\frac{1}{4}$ মিটার বর্গমাপের পাথর দ্বারা ঢাকতে কটি পাথরের প্রয়োজন?
(a) 1040 (b) 1024 (c) 1440 (d) 1004
81. 12টি সাবানের ওজন 5 কেজি 604 গ্রাম। ওইরূপ 5টি সাবানের ওজন কিলোগ্রামে কত হবে?
(a) 23.35 (b) 233.5 (c) 2.335 (d) 2.533
82. 20 মিটার × 14 মিটার একটি ঘরের মেঝে $2\frac{1}{3}$ ডেসিমি × 1 ডেসিমি মাপের টালি দ্বারা ঢাকলে কত সংখ্যক টালির প্রয়োজন?
(a) 1200 (b) 120000 (c) 120 (d) 12000
83. কোনও শহরের 1808 সালের ফেব্রুয়ারি মাসের দৈনিক বৃষ্টিপাতের গড় 4.7 মিলিমিটার। ওই মাসে মোট বৃষ্টিপাতের পরিমাণ কত?
(a) 13.00 সেমি (b) 13.25 সেমি (c) 13.63 সেমি (d) 13.05 সেমি
84. কোনও সংখ্যা 8% হ্রাস পেলে 506 হয়। সংখ্যাটি কত?
(a) 550 (b) 520 (c) 510 (d) 540
85. 600 টাকায় একটি ক্যামেরা বিক্রি করে 100 টাকা ক্ষতি হল। 16% লাভ রাখতে হলে এটিকে কত টাকায় বিক্রি করতে হবে?
(a) 812 (b) 800 (c) 815 (d) 830
86. কিছু শস্য 28 টাকায় 4 কিলো কিনে, 27 টাকায় 3 কিলো হিসেবে বিক্রি করা হল। এরূপ 80 কিলো শস্য বিক্রি করে কত লাভ বা ক্ষতি হল?
(a) 80 টাকা ক্ষতি (b) 160 টাকা লাভ (c) 50 টাকা ক্ষতি (d) 100 টাকা লাভ
87. A একা 3 ঘণ্টায় একটি গামছা এবং B একা 4 ঘণ্টায় এটি বুনতে পারে। তারা

এরপর বারোর পাতায়

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

দশের পাতার পর

1 অংশ $15 \times \frac{8}{5} = 24$ দিনে।

80(d): দু'টি সংখ্যার সমষ্টি $62 \times 2 = 124$
ধরি, ক্ষুদ্রতর সংখ্যাটি x
∴ বৃহত্তর সংখ্যাটি $124 - x$
শর্তানুসারে, $124 - x : x + 2 = 2 : 1$
$\frac{124 - x}{x + 2} \Rightarrow \frac{2}{1}; \Rightarrow 124 - x = 2x + 4 \Rightarrow -x - 2x = 4 - 124$
$\Rightarrow -3x = -120, x = 40.$

81(a): জল ঢালা হল $1 - \frac{2}{3} = \frac{1}{3}$ অংশ
জলের ওজন $= 23 - 17 = 5$ কিলোগ্রাম
$\frac{1}{3}$ অংশের ওজন 6 কিলোগ্রাম
1 অংশের ওজন $6 \times 3 = 18$ কিলোগ্রাম
শূন্য বালতির ওজন $= 23 - 18 = 5$ কিলোগ্রাম।

82(b): অতিভুজ $= \sqrt{\text{লম্ব}^2 + \text{ভূমি}^2} = \sqrt{(\sqrt{11})^2 + \left(\frac{10}{2}\right)^2}$




$= \sqrt{11+25} = \sqrt{36} = 6$
বৃত্তের ব্যাসার্ধ = 6 সেমি।

83(c): মিলিত স্থানের দূরত্ব $= \frac{25 \times 35}{35 - 25} \times 5$ কিমি $= 473\frac{1}{2}$ কিমি।

84(d): চার দেওয়ালের ক্ষেত্রফল = পরিসীমা × উচ্চতা
= 2 × (দৈর্ঘ্য + প্রস্থ) × উচ্চতা $= 2 \times (6 + 4) \times 3 = 60$ বর্গমিটার।

85(b): ল.সা.গু. $= \frac{a^3 + b^3}{a + b} = \frac{(a + b)(a^2 - ab + b^2)}{a + b} = a^2 - ab + b^2.$

86(d): ঘড়ির কাঁটা 12 ঘণ্টায় একবার সাধারণ অবস্থায় আসে
সুতরাং $(12 - 1) = 11$ বার একই সরলরেখায় থাকবে। সারাদিন 24 ঘণ্টা অর্থাৎ $11 \times 2 = 22$ বার হবে।

87(d): বিনিয়োগের অনুপাত $= \frac{4}{2} : \frac{5}{3} : \frac{6}{6} = 2 : \frac{5}{3} : 1 = 6 : 5 : 3.$

88(c): মনে করি, মহিষের সংখ্যা = xটি
ময়ূরের সংখ্যা $(50 - x)$টি
$4 \times x + (50 - x) \times 2 = 140$
[মহিষের পা 4টি ও ময়ূরের পা 2টি]
$4x + 100 - 2x = 140, 2x = 140 - 100$
∴ ময়ূরের সংখ্যা = 30টি, $2x = 40, x = 20.$

89(d): পরাজিত প্রার্থী পায় $= (100 - 62)\% = 38\%$ ভোট
$62\% - 38\% = 144, 24\% = 144$
$100\% = \frac{144}{24} \times 100 = 600.$

90(c): মোট পরীক্ষার নম্বর $= \frac{100(58 + 22)}{55 - 39} = \frac{100 \times 80}{16} = 500.$

91(d): মনে করি, আয়তক্ষেত্রর দৈর্ঘ্য x মিটার
তাহলে প্রস্থ হবে $(x - 3)$ মিটার
প্রশ্নানুসারে, $2\{x + (x - 3)\} = 30$ বা, $x = 9$
দৈর্ঘ্য = 9 মিটার, প্রস্থ $= (9 - 3) = 6$ মিটার
∴ ক্ষেত্রফল $(9 \times 6) = 54$ বর্গমিটার।

92(b): ঘনকের সংখ্যা $= \frac{(16 \times 8 \times 2)}{2^3}$ ঘনসেমি = 32
নির্ণেয় অনুপাত $= 2[(16 \times 8) + (8 \times 2) + (2 \times 16)] : 32 \times [6.(2)^2]$
$= 11 : 48.$

93(b): সংখ্যাটি x
$x \times \frac{3}{2} - \frac{\frac{x}{3}}{2} = 10, \frac{3x}{2} - \frac{2x}{3} = 10$
or, $9x - 4x = 60, 5x = 60, x = 12.$

94(c): $\left(p + \frac{pr \times 4}{100}\right) - \left(p + \frac{p \times r \times 2.5}{100}\right) = 1067.20 - 1012 = 55.2$
$\Rightarrow \frac{1.5pr}{100} = 55.2 \Rightarrow pr = \frac{552 \times 100}{15} = 3680$
4 বছরের জন্য $SI = \frac{PRT}{100} = \frac{3680 \times 4}{100} = 147.2$ টাকা
$R = \frac{3680}{P} = 4\%.$

95(b): (₹ 10) (80 × 10) (₹ 5) (80 × 5)




9 : 7
$\therefore (9 + 7) = 16 \rightarrow 80, 1 \rightarrow 5 \therefore 9 \rightarrow 45.$

96(a): $A = P\left(1 + \frac{P}{100}\right)^T$
$2 = 1\left(1 + \frac{R}{100}\right)^{15}$
উভয় পক্ষে ঘন করে পাই, $8 = 1\left(1 + \frac{R}{100}\right)^{45}$ ∴ T = 45.

97(d): 5 জন পুরুষ = 7 জন মহিলা

এরপর বারোর পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

দু'জন একসঙ্গে কাজ করলে 14টি গামছা বুনতে তাদের সময় লাগবে:
(a) 24 ঘণ্টা (b) 18 ঘণ্টা (c) 16 ঘণ্টা (d) 20 ঘণ্টা

88. 2 কিলোগ্রাম আলুর দাম 6 টাকা এবং 4 কিলোগ্রাম পেঁয়াজের দাম 19 টাকা। আলু ও পেঁয়াজের বাজার দরের অনুপাত কত?
(a) 3 : 2 (b) 2 : 3 (c) 4 : 5 (d) 3 : 5

89. P-এর 25% = Q-এর 20% হলে P = Q-এর কত %?
(a) 90% (b) 80% (c) 75% (d) 85%

90. কোনও সংখ্যার $\frac{2}{7}$ অংশ 152, সংখ্যাটি নির্ণয় করুন।
(a) 536 (b) 530 (c) 534 (d) 532

91. 120 মিটার লম্বা একটি প্ল্যাটফর্মে দাঁড়িয়ে থাকা এক ব্যক্তি লক্ষ করলেন যে, ট্রেনটি তাঁকে 5 সেকেন্ডে এবং সমগ্র স্টেশনটি 15 সেকেন্ডে অতিক্রম করল, ট্রেনটির দৈর্ঘ্য হবে:
(a) 60 মিটার (b) 61 মিটার (c) 62 মিটার (d) 63 মিটার

92. সীমান্তিকা 2টি রেডিও প্রতিটি 2500 টাকা করে বিক্রয় করে। একটিতে সে 16% লাভ এবং অন্যটিতে 16% ক্ষতি করল। তাহলে সামগ্রিকভাবে তার শতকরা কত লাভ বা ক্ষতি হয়?
(a) 2.55 (b) 2.56 (c) 2.57 (d) 2.58

93. পৃথিবীতে স্থল ও জলের অনুপাত 1 : 2, উত্তরগোলার্ধে এই অনুপাত 2 : 3 হলে, দক্ষিণগোলার্ধে এই অনুপাত হয়:
(a) 11 : 4 (b) 4 : 9 (c) 4 : 11 (d) 5 : 4

94. দেওয়া আছে, 4c 3d 8a 10b 5 = 18, যেখানে a, b, c, d হলে যোগ, বিয়োগ, গুণ অথবা ভাগ প্রক্রিয়া নির্দেশক (এই ক্রমে নাও থাকতে পারে)। তবে 3c 4a 2d 6b 3-এর মান হবে:
(a) 12 (b) 13 (c) 14 (d) 15

95. 125টি ফল 36 জন বালক-বালিকার মধ্যে এমনভাবে ভাগ করা হল যাতে প্রত্যেক বালক পায় 3টি ও প্রত্যেক বালিকা পায় 4টি ফল। বালিকার সংখ্যা হল:
(a) 15 (b) 16 (c) 17 (d) 18

96. একটি নির্বাচনে মোট 5 লক্ষ ভোটের মধ্যে 8000 ভোট বাতিল হল। বাকি বৈধ ভোটের 80% ওই দলের পক্ষে গেল। তা হলে ওই দলের প্রাপ্ত মোট ভোট সংখ্যা কত?
(a) 2.950 লক্ষ (b) 2.951 লক্ষ (c) 2.952 লক্ষ (d) 2.953 লক্ষ

97. এক ব্যক্তি Bank-এ 8000 টাকা এবং Post Office-এ 2500 টাকা জমা করেন। Bank-এর সুদের হার Post Office-এর থেকে $\frac{1}{2}$ % বেশি। এক বছরের শেষে একত্রে 235 টাকা মোট সুদ পেলে Post Office-এর সুদের হার হবে:
(a) 4% (b) 4.5% (c) 4.3% (d) 4.2%

98. কোনও একটি সংখ্যার 78% এবং 59%-এর মধ্যেকার পার্থক্য 323। ওই সংখ্যার 62% কত?
(a) 1053 (b) 1054 (c) 1055 (d) 1056

99. M ও N ব্যাংক থেকে বার্ষিক 10% হারে টাকা ধার নেয়। M সুদসহ মূলধন শোধ করে 5 বছরে এবং N শোধ করে 3 বছরে। M ও N উভয়েই যদি একই টাকা দেয় তাদের ধার করা টাকার অনুপাত হয়:
(a) 14 : 15 (b) 13 : 15 (c) 16 : 15 (d) 15 : 13

100. একটি আয়তাকার জমির দৈর্ঘ্য বাড়ানো হল 25% এবং প্রস্থ কমানো হল 25%। এর ফলে জমিটির ক্ষেত্রফল:
(a) 6.25% কমবে (b) 6.25% বাড়বে (c) 6.26% বাড়বে (d) 6.26% কমবে

### উত্তর

1(a), 2(d), 3(b), 4(c), 5(d), 6(c), 7(d), 8(a), 9(a), 10(b), 11(d), 12(a), 13(b), 14(d), 15(a), 16(c), 17(c), 18(a), 19(b); 20(a), 21(b), 22(b), 23(a), 24(b), 25(c), 26(b), 27(a), 28(c), 29(c), 30(b), 31(b), 32(a), 33(d), 34(a), 35(a), 36(d), 37(d), 38(c), 39(c), 40(b), 41(d), 42(a), 43(b), 44(c), 45(c), 46(a), 47(a), 48(b), 49(d), 50(c), 51(a), 52(d), 53(b), 54(a), 55(b), 56(a), 57(d), 58(c), 59(b), 60(c), 61(a), 62(b), 63(b), 64(a), 65(b), 66(d), 67(a), 68(c), 69(b), 70(b), 71(d), 72(b), 73(c), 74(b), 75(b), 76(c), 77(a), 78(c), 79(b), 80(b), 81(c), 82(d), 83(c), 84(a), 85(a), 86(b), 87(a), 88(c), 89(b), 90(d), 91(a), 92(b), 93(c), 94(a), 95(c), 96(c), 97(a), 98(b), 99(b), 100(a).

### সমাধান

76(c): প্রশ্নানুসারে, $18 \times \frac{250}{300} = 15$ দিন।

77(a): প্রশ্নানুসারে $x \times \frac{2.5}{100} = 15 \therefore x = \frac{1500}{2.5} = 600$.

78(c): প্রশ্নানুসারে, গতিবেগ = $\left(45 \times \frac{5}{18}\right)$ মিটার/সেকেন্ড = $\frac{25}{2}$ মিটার/ সেকেন্ড।

79(b): ধরি, ট্রেনের দৈর্ঘ্য = x মিটার

প্রশ্নানুসারে, $\frac{96+x}{12} = \frac{141+x}{15} \Rightarrow x = 84$ মিটার

∴ ট্রেনের গতিবেগ = $\left(\frac{96+84}{12}\right)$ মিটার/সেকেন্ড = 15 মিটার/সেকেন্ড

= $\left(15 \times \frac{18}{5}\right)$ কিলোমিটার/ঘণ্টা = 54 কিলোমিটার/ঘণ্টা।

80(b): প্রশ্নানুসারে, $\frac{40 \times 40}{\frac{5}{4} \times \frac{5}{4}} = \frac{40 \times 40 \times 4 \times 4}{5 \times 5} = 8 \times 8 \times 4 \times 4 = 64 \times 16$ = 1024টি।

81(c): প্রশ্নানুসারে, $5.604 \times \frac{5}{12} = 2.335$ কিলোগ্রাম।

82(d): প্রশ্নানুসারে, $\frac{200 \times 140}{2\frac{1}{3} \times 1} = \frac{200 \times 140}{\frac{7}{3}} = 12000$টি।

83(c): 1808 লিপিয়ার
∴ 4.7 × 29 = 136.3 মিলিমিটার = 13.63 সেন্টিমিটার।

84(a): সংখ্যাটির 92% হয় 506

∴ সংখ্যাটি = $506 \times \frac{100}{92} = 550$

85(a): ক্রয়মূল্য = 600 + 100 = 700 টাকা

পরবর্তীতে বিক্রয়মূল্য $700 \times \frac{116}{100} = 812$ টাকা।

86(b): ক্রয়মূল্য = $\frac{28}{4} = 7$ টাকা/কিলোগ্রাম

বিক্রয়মূল্য = $\frac{27}{3} = 9$ টাকা/কিলোগ্রাম

∴ কিলোগ্রাম প্রতি লাভ = 2 টাকা/কিলোগ্রাম ∴ 80 কিলোগ্রামে লাভ = 160 টাকা।

87(a): $\frac{1}{3} + \frac{1}{4} = \frac{7}{12}$ টি।

∴ 1টি গামছা দু'জনে একত্রে করে $\frac{12}{7}$ ঘণ্টায়

14টি গামছা দু'জনে একত্রে করে $\frac{12}{7} \times 14 = 24$ ঘণ্টায়

88(c): প্রশ্নানুসারে, $\frac{6}{2} : \frac{15}{7} = 24 : 30 = 4 : 5$.

89(b): প্রশ্নানুসারে, $\frac{P \times 25}{100} = \frac{Q \times 20}{100}$

বা, $P = Q \times \frac{20}{25}$ = Q-এর $\frac{20}{25} \times 100\%$ = Q-এর 80%

90(d): ∴ $\frac{2}{7}x = 152 \therefore x = \frac{152 \times 7}{2} = 532$.

91(a):

| সময় (সেকেন্ড) | দূরত্ব (মিটার) |
|---|---|
| 15 − 5 = 10 | 120 |
| 5 | ? |

∴ ট্রেনের দৈর্ঘ্য = $\frac{5}{10} \times 120 = 60$ মিটার।

92(b): ক্ষতি = $\frac{16 \times 16}{100} = 2.56\%$

93(c): উত্তর ও দক্ষিণগোলার্ধের আয়তনের (মোট স্থলভাগ ও জলভাগের পরিমাণের অনুপাত) = 1 : 1
পৃথিবীর উত্তর ও দক্ষিণগোলার্ধের (স্থলভাগ ও জলভাগের মোট পরিমাণের) অনুপাত = 2 : 1

| সমগ্র পৃথিবী | উত্তরগোলার্ধ | |
|---|---|---|
| 2 | 1 | মোট পরিমাণের অনুপাত |
| 1 : 2 | 2 : 3 | স্থলভাগ ও জলভাগের অনুপাত |

∴ দক্ষিণ গোলার্ধের স্থলভাগ ও জলভাগের অনুপাত

$$= \left[2 \times \frac{1}{3} - 1 \times \frac{2}{5}\right] : \left[2 \times \frac{2}{3} - 1 \times \frac{3}{5}\right] = \frac{10-6}{15} : \frac{20-9}{15} = 4 : 11.$$

94(a): 4c 3d 8a 10b 5 = 18
4 × 3 + 8 − 10 ÷ 5 = 12 + 8 − 2 = 18
3c 4a 2d 6b 3 = 3 × 4 − 2 + 6 ÷ 3 = 12 − 2 + 2 = 12.

95(c): ধরি, বালক সংখ্যা = x, বালিকা সংখ্যা = y
x + y = 36 ... (1) × 3
প্রতিটি বালক 3টি ও প্রতিটি বালিকা 4টি করে ফল পায়
∴ 3x + 4y = 125... (2) × 1
(1) নং সমীকরণকে 3 দ্বারা ও 2 নং সমীকরণকে 1 দ্বারা গুণ করে পরস্পর বিয়োগ করে পাই
3x + 3y = 108
3x + 4y = 125
−   −   −
y = 17      ∴ বালিকার সংখ্যা = 17

96(c): মোট ভোট = 500000
বৈধ ভোট = 500000 − 8000 = 492000
∴ দলের প্রাপ্ত ভোট = $492000 \times \frac{60}{100} = 295200 = 2.952$ লক্ষ।

97(a): ধরি, Bank-এ বার্ষিক সুদের হার x%
∴ Post Office-এ বার্ষিক সুদের হার $(x - \frac{1}{2})$%

∴ $3000 \times \frac{x}{100} + 2500 \frac{(x - \frac{1}{2})}{100} = 235$

বা, 3000x + 2500x − 1250 = 23500 বা, 5500x = 23500 + 1250

বা, $x = \frac{24750}{5500} = 4.5$ ∴ Post Office-এ সুদের হার $4.5 - \frac{1}{2} = 4\%$

98(b): ধরি, সংখ্যাটি x

প্রশ্নানুসারে, $\frac{78x}{100} - \frac{59x}{100} = 323$

বা, $\frac{19x}{100} = 323$ বা, $x = \frac{323 \times 100}{19} = 1700$

∴ $1700 \times 62\% = 1700 \times \frac{62}{100} = 1054$.

99(b): ধরি, M ও N ব্যাংক থেকে যথাক্রমে x ও Y টাকা ধার নেয়
M-এর 5 বছরে যে টাকা শোধ করতে হবে তা হল $x + \frac{x \times 10 \times 5}{100}$ এবং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

7 জন পুরুষ = $\frac{7}{5} \times 7$ জন মহিলা

∴ 7 জন পুরুষ + 13 জন মহিলা = $\frac{49}{5} + 13 = \frac{114}{5}$ জন মহিলা

∴ 7 জন মহিলা = 5250 টাকা

$\frac{114}{5}$ জন মহিলা = $\frac{5250}{7} \times \frac{114}{5} = 17100$.

98(b): বড় চাকাটির পরিধি = 2π10
ছোট চাকাটির পরিধি = 2π × 6
∴ সেই দূরত্ব অতিক্রম করতে বড় চাকাটি ঘুরবে = $\frac{2\pi \times 6 \times 50}{2\pi 10} = 30$ বার।

99(b): ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ (সমান্তরাল বাহুর যোগফল) × (তাদের মধ্যের দূরত্ব) = $\frac{1}{2}(52 + 24) \times 24 = 912$ বর্গসেমি।

100(c): এক্ষেত্রে $\frac{1}{4} = \left(\frac{4}{5}\right)^2$

বা, $\frac{\text{প্রথম উচ্চতা}}{\text{দ্বিতীয় উচ্চতা}} = \frac{25}{64} = 25 : 64$.

**ভ্রম সংশোধন:**
গত সংখ্যায় নম্বর প্রশ্ন এইরকম পড়তে হবে:
82. এক বৃত্তস্থ ত্রিভুজ। বৃত্তের জ্যা-র দৈর্ঘ্য 10 সেমি এবং কেন্দ্রবিন্দু দিয়ে জ্যা-র ওপর লম্ব দূরত্ব $\sqrt{11}$ সেমি। বৃত্তের ব্যাসার্ধ কত?
(a) 10 সেমি (b) 6 সেমি (c) 13 সেমি (d) 7 সেমি

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

N-এর 3 বছরে যে টাকা শোধ করতে হবে তা হল $y + \frac{y \times 10 \times 3}{100}$

সূত্রানুসারে, $\frac{x + \frac{5x}{10}}{y + \frac{3y}{10}} = \frac{1}{1}$

∴ $\frac{15x}{13y} = \frac{1}{1}$ বা, $\frac{x}{y} = \frac{13}{15}$ ∴ তাদের ধার করা টাকার অনুপাত হল = 13 : 15.

100(a): সূত্রানুসারে, $\left\{25 - 25 + \frac{25 \times (-25)}{100}\right\}\%$

[সূত্র: $(x + y + \frac{xy}{100})$% যেখানে x = আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য, y = আয়তক্ষেত্রটির প্রস্থ] = $-\frac{25 \times 25}{100}\% = -\frac{625}{100}\% = -6.25\%$.

### দ্বিতীয় সেট

1. রামকিঙ্কর বেজ যে ক্ষেত্রে আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেছিলেন:
(a) সাহিত্য (b) চিত্রকলা (c) চলচ্চিত্র (d) সংগীতচর্চা
2. ভারতের প্রথম লিখিত ইতিহাস গ্রন্থের নাম হল:
(a) রাজতরঙ্গিনী (b) মহাভারত (c) বেদ (d) রামায়ণ
3. 'বাণিজ্য শহর' বলা হয়:
(a) মুম্বইকে (b) কলকাতাকে (c) গুজরাটকে (d) মুম্বইকে
4. 'সংস্কৃতির শহর' বলা হয়:
(a) কলকাতাকে (b) লখনউকে (c) সুরাটকে (d) আমেদাবাদকে
5. 'মিলিটারি হিস্ট্রি অফ মেডিয়াভ্যাল ইন্ডিয়া' গ্রন্থটি রচনা করেন:
(a) যদুনাথ সরকার (b) ইরফান হাবিব (c) সতীশচন্দ্র (d) জি এস সাঁধু
6. 'দ্য গ্রেট ওয়ার 1914-18' গ্রন্থটির লেখক ছিলেন:
(a) লুই মামফোর্ড (b) মার্ক ফেরো (c) লয়েড জর্জ (d) মার্শাল ফচ
7. পরিবেশ বিষয়ে গণআন্দোলনের সূচনা হয়:
(a) 1940-এর দশকে (b) 1950-এর দশকে (c) 1960-এর দশকে (d) 1970-এর দশকে
8. হিপোক্রিটাস ছিলেন:
(a) গ্রিক চিকিৎসক (b) বিখ্যাত লেখক (c) বিখ্যাত দার্শনিক (d) বিখ্যাত স্থপতি
9. 'A History of Hindu Chemistry' গ্রন্থটি রচনা করেন:
(a) জগদীশচন্দ্র বসু (b) প্রফুল্লচন্দ্র রায় (c) মহেন্দ্রলাল সরকার (d) তারকনাথ পালিত
10. 'দ্য সেকেন্ড সেক্স' গ্রন্থের রচয়িতা হলেন:
(a) সিমোন দ্য বেভোয়ার (b) আলফ্রেড ক্রসবি (c) ক্ল্যারেন্স গ্ল্যাকেন (d) মার্ক ফেরো
11. 'আন্তর্জাতিক নারী বর্ষ' প্রথম পালিত হয়:
(a) 1970 সালে (b) 1975 সালে (c) 1980 সালে (d) 1999 সালে
12. ভারতের জাতীয় মহাফেজখানা কোথায় অবস্থিত?
(a) কলকাতাতে (b) দিল্লিতে (c) পুনাতে (d) নাগপুরে
13. 'জীবনের ঝরাপাতা' গ্রন্থটি হল একটি:
(a) উপন্যাস (b) কাব্যগ্রন্থ (c) জীবনীগ্রন্থ (d) আত্মজীবনী
14. ইন্দিরা গান্ধীর উদ্দেশে জওহরলাল নেহরুর লেখা চিঠিগুলি গ্রন্থাকারে মুদ্রিত হয়:
(a) 1914 সালে (b) 1929 সালে (c) 1942 সালে (d) 1947 সালে
15. 'বঙ্গদর্শন' পত্রিকার সম্পাদক ছিলেন:
(a) বঙ্কিমচন্দ্র (b) সরলাদেবী চৌধুরানী (c) দ্বারকানাথ বিদ্যাভূষণ (d) বিদ্যাসাগর
16. 'সোমপ্রকাশ' প্রথম প্রকাশিত হয়:
(a) 1850 সালের 15 নভেম্বর (b) 1854 সালের 15 নভেম্বর (c) 1858 সালের 15 নভেম্বর (d) 1860 সালের 15 নভেম্বর

*এরপর তেরোর পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

বারোর পাতার পর

17. 'সোমপ্রকাশ' পত্রিকা যে সামাজিক আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল, সেটি হল:
(a) বিধবাবিবাহ আন্দোলন (b) সতীদাহ প্রথা বিরোধী আন্দোলন (c) বহুবিবাহ রোধ আন্দোলন (d) মন্দিরে প্রবেশ সংক্রান্ত আন্দোলন
18. ইন্টারনেট শুরু হয়:
(a) 1980 সালে (b) 1985 সালে (c) 1989 সালে (d) 1990 সালে
19. ক-স্তম্ভের সঙ্গে খ-স্তম্ভ মিলিয়ে লিখুন:

| স্তম্ভ-ক | স্তম্ভ-খ |
|---|---|
| A. কথাকলি | (i). মণিপুর |
| B. কুচিপুড়ি | (ii). কেরালা |
| C. ওড়িশি | (iii). ওড়িশা |
| D. মণিপুরি | (iv). অন্ধ্রপ্রদেশ |

(a) ii, i, iii, iv (b) ii, iv, iii, i (c) i, ii, iii, iv (d) i, iii, ii, iv
20. 'বামাবোধিনী' পত্রিকার সম্পাদক ছিলেন:
(a) উমেশচন্দ্র দত্ত (b) শিশিরকুমার ঘোষ (c) কৃষ্ণচন্দ্র মজুমদার (d) দ্বারকানাথ বিদ্যাভূষণ
21. 'হিন্দু প্যাট্রিয়ট' পত্রিকাটি প্রথম আত্মপ্রকাশ করেছিল কী ধরনের সংবাদপত্র হিসেবে?
(a) দ্বি-সাপ্তাহিক ইংরেজি (b) সাপ্তাহিক ইংরেজি (c) মাসিক ইংরেজি পত্রিকা (d) দৈনিক ইংরেজি সংবাদপত্র
22. 'হিন্দু প্যাট্রিয়ট' পত্রিকার প্রথম মালিক ছিলেন:
(a) হরিশচন্দ্র মুখোপাধ্যায় (b) রাজা রামমোহন রায় (c) মধুসূদন রায় (d) গিরিশচন্দ্র ঘোষ
23. 'হুতোম প্যাঁচার নকশা' একটি:
(a) ছবির বই (b) কবিতার বই (c) গানের সংকলন (d) তৎকালীন কলকাতার সমাজদর্পণ
24. 'হুতোম প্যাঁচার নকশা'র লেখক কালীপ্রসন্ন সিংহের ছদ্মনাম ছিল:
(a) হুতোম প্যাঁচা (b) প্যাঁচা (c) নকশা (d) কালী
25. 'নীলদর্পণ' নাটক প্রকাশিত হয়:
(a) 1757 সালে (b) 1799 সালে (c) 1860 সালে (d) 1861 সালে
26. ভারতের মন্ত্রিসভা কার কাছে যৌথভাবে দায়বদ্ধ থাকে?
(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) লোকসভা (d) রাজ্যসভা
27. ভারতের রাষ্ট্রপতি কাদের দ্বারা নির্বাচিত হন?
(a) কেবলমাত্র লোকসভার সদস্যগণের দ্বারা (b) কেবলমাত্র রাজ্যসভার সদস্যগণের দ্বারা (c) কেন্দ্রীয় আইনসভার উভয়কক্ষের এবং রাজ্য বিধানসভার নির্বাচিত সদস্যগণের দ্বারা (d) উভয় সভার সদস্যগণের দ্বারা
28. সাধারণত গ্রামসভার সদস্য বলতে কাদের বোঝায়?
(a) গ্রামের প্রতিটি পরিবারের প্রধান ব্যক্তিদের (b) গ্রামের সমস্ত ভোটারকে (c) গ্রামের প্রাপ্তবয়স্ক পুরুষদের (d) মনোনীত সদস্যদের
29. মুখ্য নির্বাচন মহাধ্যক্ষ নির্বাচিত হন কীভাবে?
(a) সংসদ নির্বাচিত করে (b) সংসদ বিষয়ক মন্ত্রী দ্বারা নিয়োজিত (c) রাষ্ট্রপতি দ্বারা নিয়োজিত (d) প্রধানমন্ত্রী দ্বারা মনোনীত
30. রাজ্যের প্রধান বিচারালয়ের মুখ্য বিচারপতিকে কে নিয়োগ করেন?
(a) রাজ্যের রাজ্যপাল (b) ভারতের রাষ্ট্রপতি (c) রাজ্যের মুখ্যমন্ত্রী (d) সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি
31. জলসমের একক হল:
(a) ডিগ্রি সেন্টিগ্রেড (b) ক্যালোরি (c) গ্রাম (d) ডাইন
32. ভিটামিন K রক্ততঞ্চনের জন্য একটি গুরুত্বপূর্ণ উপাদান কারণ এটি সংশ্লেষ করে:
(a) থ্রম্বোপ্লাস্টিন (b) ফাইব্রিনোজেন (c) প্রোথ্রম্বিন (d) ওপরের সবগুলি
33. Nuclear reactor-এ যে জ্বালানি ব্যবহার করা হয় তা হল:
(a) গ্রাফাইট (b) ভারী জল (c) ক্যাডমিয়াম (d) ইউরেনিয়াম
34. আইরিস নিম্নলিখিত অংশের সম্মুখভাগ:
(a) রেটিনা (b) করোয়েড (c) স্ক্লেরা (d) কর্নিয়া
35. অনার্দ্র CaO দ্বারা শুষ্ক করা যায়:
(a) $H_2S$ গ্যাসকে (b) $NH_3$ গ্যাসকে (c) $CO_2$ গ্যাসকে (d) HCl গ্যাসকে
36. তড়িৎপ্রবাহ দ্বারা ধাতুতে তাপ উৎপন্ন হয়। একে বলে:
(a) জুল প্রক্রিয়া (b) জুল থমসন প্রক্রিয়া (c) সিবেক প্রক্রিয়া (d) পেল্টিয়ার প্রক্রিয়া
37. অম্লরাজ হল একটি মিশ্রণ, যাতে আছে:
(a) একভাগ $HNO_3$ ও তিনভাগ HCl (b) তিনভাগ $HNO_3$ ও একভাগ HCl (c) একভাগ $H_2SO_4$ ও তিনভাগ HCl (d) তিনভাগ $H_2SO_4$ ও একভাগ HCl
38. জিভের কোন অংশে মিষ্টত্বের স্বাদকোরক অবস্থান করে?
(a) প্রান্তে (b) পিছনে (c) পার্শ্বে (d) মাঝখানে
39. তাপমাত্রা বাড়ার সঙ্গে ধাতুর রোধ:
(a) বাড়ে (b) কমে (c) অপরিবর্তিত থাকে (d) এদের কোনওটিই নয়
40. কোন যৌগটি তড়িৎযোজী?
(a) অক্সিজেন অণু (b) সোডিয়াম ক্লোরাইড (c) জল (d) অ্যামোনিয়া
41. ব্যাকটেরিয়াতে কোন ধরনের সালোকসংশ্লেষ উপস্থিত?
(a) PS I (b) PS II (c) PS I এবং PS II উভয়ই (d) উপরের কোনওটিই নয়
42. একটি খরগোশ যতক্ষণে 5 লাফ দেয় একটি কুকুর ততক্ষণে 4 লাফ দেয়। কুকুরের 3 লাফ খরগোশের 4 লাফের সমান হলে ওদের দ্রুতির অনুপাত কত?
(a) কুকুরের দ্রুতি : খরগোশের দ্রুতি = 15 : 16 (b) কুকুরের দ্রুতি : খরগোশের দ্রুতি = 16 : 15 (c) কুকুরের দ্রুতি : খরগোশের দ্রুতি = 3 : 5 (d) কুকুরের দ্রুতি : খরগোশের দ্রুতি = 5 : 3
43. 5N বল 0.2 sec ধরে একটি বস্তুকণার ওপর ক্রিয়া করলে, কণাটির ভরবেগের পরিবর্তন হবে:
(a) 1 kg $ms^{-1}$ (b) 0.1 kg $ms^{-1}$ (c) 10 kg $ms^{-1}$ (d) প্রদত্ত ডেটা থেকে বলা সম্ভব নয়
44. পরমাণুর ভিতর নিউট্রন-এর:
(a) সংখ্যা ইলেকট্রন ও প্রোটনের সমান (b) ঘূর্ণন নিউক্লিয়াসের চারিদিকে নির্দিষ্ট কক্ষপথে (c) প্রভাব পড়ে নিউক্লিয় আধানে (d) সংখ্যার বিভিন্নতা সমস্থানিক (আইসোটোপ) যৌগের উৎপত্তির কারণ
45. জল ও কাচের পরম প্রতিসরাঙ্ক যদি $\frac{4}{3}$ ও $\frac{3}{2}$ হয়, তাহলে জলের সাপেক্ষে কাচের প্রতিসরাঙ্ক হল:
(a) $\frac{2}{3}$ (b) $\frac{8}{9}$ (c) $\frac{9}{8}$ (d) $\frac{3}{4}$
46. নীচের কোনটি প্রমাণ তাপমাত্রা ও চাপে 22.4 লিটার আয়তন অধিকার করে?
(a) 17 গ্রাম $NH_3$ (b) 22 গ্রাম $CO_2$ (c) 1.7 গ্রাম $NH_3$ (d) 4.4 গ্রাম $CO_2$
47. এক গ্রাম জল থেকে 0°C-র 80 ক্যালোরি তাপ বের করে নিলে চূড়ান্ত তাপমাত্রা হবে:
(a) – 1°C (b) – 80°C (c) 1°C (d) 0°C
48. বদ্ধ রক্তসংবহন প্রবাহ কে আবিষ্কার করেন?
(a) ডারউইন (b) উইলিয়াম হার্ভে (c) মেন্ডেল (d) হিপোক্রিটাস
49. অ্যালকেন যৌগ রাশিতে মিথেনের পর আসে:
(a) প্রোপেন (b) বিউটেন (c) বেনজিন (d) ইথেন
50. কালাই-এর কাজে ও কৃত্রিম উপায়ে ফল পাকানোর জন্য ব্যবহৃত জৈব যৌগটি হল:
(a) $CH_4$ (b) $C_2H_6$ (c) $C_2H_2$ (d) $C_2H_4$
51. খরগোশের সেলুলোজ-এর পাচন কোথায় হয়?
(a) রেকটামে (b) ইলিয়ামে (c) কোলনে (d) সিকামে
52. নিম্নলিখিত কোনটি প্রাণীর জন্য অপরিহার্য কিন্তু উদ্ভিদের জন্য নয়?
(a) পটাশিয়াম (b) ফসফরাস (c) ক্যালশিয়াম (d) আয়োডিন
53. শেক্সপিয়ারের বিখ্যাত বিয়োগান্ত নাটক হল:
(a) দ্য মার্চেন্ট অফ ভেনিস (b) ম্যাকবেথ (c) দ্য টেম্পেস্ট (d) অ্যাজ ইউ লাইক ইট
54. মাদাম বোভারি উপন্যাসটির লেখক:
(a) এমিল জোলা (b) ফ্লবেয়ার (c) কাফকা (d) ভিক্টর হুগো
55. জিম করবেট জন্মগ্রহণ করেন:
(a) ইংল্যান্ডে (b) ভারতে (c) জার্মানিতে (d) ফ্রান্সে
56. ইন্দির ঠাকরুন কোন উপন্যাসের চরিত্র?
(a) আরণ্যক (b) পথের পাঁচালী (c) ইছামতী (d) দেবযান
57. 'হ্যান্স ক্রিশ্চিয়ান এন্ডারসন' জন্মগ্রহণ করেন:
(a) পোল্যান্ডে (b) রাশিয়ায় (c) ডেনমার্কে (d) জার্মানিতে
58. কবি জয়দেব কোন ভাষায় 'গীতগোবিন্দ' রচনা করেছিলেন?
(a) বাংলা (b) সংস্কৃত (c) মৈথিলী (d) অপভ্রংশ
59. কবি সত্যেন্দ্রনাথ দত্ত রচনা করেন:
(a) অগ্নিবীণা (b) কুহু ও কেকা (c) সাগর থেকে ফেরা (d) ত্রিযামা
60. এদের মধ্যে ভারতীয় পুলিশ সেবার কোন অফিসার সম্প্রতি স্বেচ্ছাবসর নিয়েছেন?
(a) কে এন মিশ্র (b) অশোক প্রদর্শনী (c) কিরণ বেদী (d) বাদল দাস
61. কোন বাঙালি নাট্যকার 'এবং ইন্দ্রজিৎ' লেখেন?
(a) মনোজ মিত্র (b) পার্থ মিত্র (c) বাদল সরকার (d) মোহিত চট্টোপাধ্যায়
62. বিখ্যাত 'মধুবনী' লোকচিত্র কোথাকার?
(a) বিহার (b) অসম (c) ওড়িশা (d) পশ্চিমবঙ্গ
63. পৃথিবীর সর্বাপেক্ষা প্রাচীন ভাষা কী?
(a) বাংলা (b) উর্দু (c) হিন্দি (d) সংস্কৃত
64. 'জটায়ু' চরিত্রটি কে সৃষ্টি করেন?
(a) সত্যজিৎ রায় (b) মাইকেল মধুসূদন (c) কাজী নজরুল ইসলাম (d) রবীন্দ্রনাথ ঠাকুর
65. সংগীতকার মোৎসার্ট কোথাকার লোক ছিলেন?
(a) জার্মানি (b) আমেরিকা (c) ভারত (d) অস্ট্রেলিয়া
66. 'অলিম্পিক থিয়েটার' কোথায় অবস্থিত?
(a) সিডনি (b) ব্যাংকক (c) লন্ডন (d) প্যারিস
67. আশাপূর্ণা দেবী কবে জ্ঞানপীঠ পুরস্কার পান?
(a) 1974 (b) 1975 (c) 1976 (d) 1978
68. কোন উৎসবের বৈশিষ্ট্য হল নৌকা প্রতিযোগিতা?
(a) ওনাম (b) পোঙ্গল (c) নবরাত্রি (d) করণ
69. রবীন্দ্রনাথের 'শেষের কবিতা' হল একটি:
(a) গল্প (b) কবিতা (c) উপন্যাস (d) ছোটো গল্প
70. রুপোলি পর্দার সর্বপ্রথম নায়িকা কে?
(a) মধুবালা (b) নার্গিস দত্ত (c) দেবিকা রানি (d) দুর্গা খোটে
71. নীচের কোন ব্যক্তি ভারতরত্ন পাননি?
(a) রাজকাপুর (b) সত্যজিৎ রায় (c) ওস্তাদ বিসমিল্লা খান (d) লতা মঙ্গেশকর
72. তড়িৎ-চুম্বক নিম্নলিখিত পদার্থ দ্বারা তৈরি হয়:
(a) স্টিল (b) তামা (c) অ্যালুমিনিয়াম (d) কাঁচা লোহা
73. পরিবর্তনশীল যোজ্যতাবিশিষ্ট মৌল কোনটি?
(a) সোডিয়াম (b) তামা (c) অ্যালুমিনিয়াম (d) কাঁচা লোহা
74. কোন পরমাণুর নিউক্লিয়াসে কোনও নিউট্রন কণা নেই?
(a) প্রোটিয়াম (b) ডয়টেরিয়াম (c) ট্রাইটিয়াম (d) হিলিয়াম
75. সাদা আলোর বর্ণালিতে প্রিজম কর্তৃক যে রঙের আলোর চ্যুতি সর্বোচ্চ হয়:
(a) লাল (b) হলুদ (c) নীল (d) বেগুনি
76. $3^{1/3} \times 3^{-1/3} \times 81^{1/2}$ :
(a) 1 (b) 3 (c) 9 (d) $\frac{1}{3}$
77. $x^3 + 6x^2 + 4x + k$ বহুপদী সংখ্যামালাটি $(x + 3)$ দ্বারা বিভাজ্য, k-এর মান:
(a) –15 (b) –12 (c) – 9 (d) – 10
78. $\log_x 2 = a$ হলে $\log_{x^4} 8$ হবে:
(a) a (b) $\frac{3}{4}$a (c) $\frac{4}{3}$a (d) 2a
79. ABC সমকোণী ত্রিভুজের ABC = 90°, A ও C বিন্দুর স্থানাঙ্ক (8, 0) এবং (0, 6) হলে, ABC ত্রিভুজাকার ক্ষেত্রের ক্ষেত্রফল:
(a) 43 বর্গমিটার (b) 24 বর্গমিটার (c) 12 বর্গমিটার (d) 36 বর্গমিটার
80. 6 মিটার লম্বা ও 4 মিটার চওড়া একটি আয়তাকার জায়গা 5 ডেসিমি বর্গ টালি দিয়ে বাঁধাতে হলে টালি লাগবে:
(a) 72টি (b) 96টি (c) 100টি (d) 120টি
81. একটি বৃত্তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল x বর্গএকক। পরিধি y একক ও ব্যাসের দৈর্ঘ্য z একক হলে $\frac{x}{yz}$ -এর মান:
(a) $\frac{1}{2}$ (b) $\frac{1}{4}$ (c) 1 (d) $\frac{1}{8}$
82. একটি পরিসংখ্যা তালিকার শ্রেণির মধ্যবিন্দু 15, 20, 25, 30, ...। যে শ্রেণির মধ্যবিন্দু 25, সেটি হল:
(a) 17.5 – 22.5 (b) 22.5 – 27.5 (c) 23.5 – 28.5 (d) 28.5 – 33.5
83. 20% ছাড় দিয়ে বিক্রি করায় একটি জ্যামিতি বাক্সের বিক্রয়মূল্য 48 টাকা। জ্যামিতি বাক্সের ধার্যমূল্য:
(a) 50 টাকা (b) 40 টাকা (c) 60 টাকা (d) 68 টাকা
84. $(125)^x = (625)^y$ হলে y : x-এর মান:
(a) 3 : 4 (b) 6 : 7 (c) 4 : 3 (d) কোনওটিই নয়
85. f(x) = 3x + 7 হলে, f(x) + f(–x)-এর মান:
(a) 1 (b) –1 (c) 14 (d) 0
86. ABCD ট্রাপিজিয়ামের AB ‖ DC এবং AB = 7cm, DC = 5cm। AD ও BC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে E ও F হলে, EF-এর দৈর্ঘ্য:
(a) 5cm (b) 6cm (c) 12cm (d) 7cm
87. ABC সমবাহু ত্রিভুজের AD মধ্যমা এবং G ভরকেন্দ্র। ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য $3\sqrt{3}$ cm হলে AG-এর দৈর্ঘ্য:
(a) $2\sqrt{3}$ cm (b) 3cm (c) 9cm (d) 2cm
88. k-এর মান কত হলে (1, –1), (2, –1) এবং (k, –1) বিন্দুত্রয় একই সরলরেখায় থাকবে।
(a) 1 (b) 0 (c) 5 (d) কোনওটিই নয়
89. দু'টি বৃত্তের পরিধির অনুপাত, 4 : 5। তাদের ক্ষেত্রফলের অনুপাত:
(a) 4 : 5 (b) 5 : 4 (c) 25 : 16 (d) 16 : 25
90. একটি অবিচ্ছিন্ন পরিসংখ্যা বিভাজন তালিকায় একটি শ্রেণির মধ্যবিন্দু 44 এবং শ্রেণিদৈর্ঘ্য 10; শ্রেণিটির উচ্চসীমা কত?
(a) 50 (b) 48 (c) 49 (d) কোনওটিই নয়
91. অজিতবাবু একটি টেলিভিশন 10% লাভে বিক্রি করেন। যদি ক্রয়মূল্য 10% কম এবং বিক্রয়মূল্য 180 টাকা কম হত তাহলে, অজিতবাবুর 20% লাভ হত। টেলিভিশনটির ক্রয়মূল্য:
(a) 1000 টাকা (b) 8000 টাকা (c) 9000 টাকা (d) কোনওটিই নয়
92. $x^3 - 6x^2 + 12x - 35$-এর একটি উৎপাদক:
(a) $(x^2 - x + 7)$ (b) x + 5 (c) $x^2 - x - 7$ (d) কোনওটিই নয়
93. যদি $56^a = (5.6)^b = 10^c$ হয় তবে, $\left(\frac{1}{b} - \frac{1}{c}\right)$-এর মান:
(a) $\frac{1}{a}$ (b) 1 (c) 0 (d) কোনওটিই নয়
94. একটি বৃত্তাকার মাঠের ক্ষেত্রফল 154 বর্গসেমি বৃত্তাকার মাঠের পরিলিখিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল:
(a) 196 বর্গসেমি (b) 225 বর্গসেমি (c) 289 বর্গসেমি (d) কোনওটিই নয়
95. একটি সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজের পরিসীমা $(\sqrt{2}+1)$ সেমি হলে ত্রিভুজের ক্ষেত্রফল কত? (বর্গসেমি)
(a) 2বর্গসেমি (b) $\sqrt{2}$ বর্গসেমি (c) $\frac{1}{\sqrt{2}}$ বর্গসেমি (d) $\frac{1}{2}$ বর্গসেমি
96. ABCD বৃত্তস্থ চতুর্ভুজের AB বাহুকে E পর্যন্ত বর্ধিত করা হল। ∠CBE = 80°, ∠BDC = 35° হলে ∠ACB = ?
(a) 45° (b) 60° (c) 75° (d) 70°
97. একটি গোলকের আয়তন ও পৃষ্ঠতলের ক্ষেত্রফল-এর সাংখ্যমান সমান হলে, গোলকটির ব্যাসার্ধের সাংখ্যমান কত?
(a) 6 একক (b) 4 একক (c) 3 একক (d) 2 একক
98. শঙ্কুর ভূমির ব্যাস 21m তির্যক উচ্চতা 17.5 হলে শঙ্কুর আয়তন:
(a) $1716m^3$ (b) $1617m^3$ (c) $1617m^2$ (d) $1600m^3$
99. একটি যৌথ ব্যবসায় A, B ও C মূলধনের অনুপাত, $\frac{1}{6}:\frac{1}{5}:\frac{1}{4}$; 4 মাস পরে A তার মূলধনের অর্ধেক অংশ তুলে নেয়। যদি আরও 8 মাস পর তাদের 1212 টাকা লাভ হয় তবে কে কত লভ্যাংশ পাবে?
(a) A-240 টাকা, B-432 টাকা, C-540 টাকা (b) A-240 টাকা, B-540 টাকা, C-432 টাকা (c) A-540 টাকা, B-240 টাকা, C-432 টাকা (d) A-432 টাকা, B-240 টাকা, C-540 টাকা
100. $\frac{3\sqrt{8} - 2\sqrt{12} + \sqrt{20}}{3\sqrt{18} - 2\sqrt{27} + \sqrt{45}} = ?$
(a) $\frac{3}{2}$ (b) $\frac{4}{3}$ (c) $\frac{2}{3}$ (d) $\frac{3}{4}$

### উত্তর

1(b), 2(a), 3(a), 4(a), 5(d), 6(b), 7(c), 8(a), 9(b), 10(a), 11(b), 12(b), 13(d), 14(b), 15(a), 16(c), 17(a), 18(c), 19(b), 20(a), 21(b), 22(c), 23(d), 24(a), 25(c), 26(c), 27(c), 28(d), 29(c), 30(b), 31(c), 32(c), 33(d), 34(d), 35(b), 36(d), 37(a), 38(a), 39(a), 40(b), 41(c), 42(b),

এরপর তেরোর পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

### পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

*তেরোর পাতার পর*

43(c), 44(d), 45(b), 46(a), 47(d), 48(b), 49(d), 50(d), 51(d), 52(d), 53(b), 54(b), 55(b), 56(b), 57(c), 58(b), 59(b), 60(c), 61(c), 62(a), 63(d), 64(a), 65(a), 66(c), 67(c), 68(a), 69(c), 70(c), 71(a), 72(d), 73(d), 74(a), 75(d), 76(c), 77(a), 78(b), 79(b), 80(b), 81(b), 82(b), 83(c), 84(a), 85(c), 86(b), 87(b), 88(d), 89(d), 90(c), 91(c), 92(d), 93(a), 94(d), 95(c), 96(a), 97(c), 98(b), 99(a), 100(c).

**সমাধান**

76(c): $3^{1/3} \times 3^{-1/3} \times 81^{1/2} = 3^0 \times 3^{4 \times \frac{1}{2}} = 3^2 = 9$.

77(a): $x^3 + 6x^2 + 4x + k = 0$

$\Rightarrow (-3)^3 + 6(-3)^2 + 4 \times (-3) + k = 0 \Rightarrow k = -15$.

78(b): $\log_{81} 8 = \log_{81} 2^3 = 3 \log_{81} 2$

$= 3 \frac{1}{\log_2 81} = 3 \times \frac{1}{\log_2 3^4} = 3 \times \frac{1}{4 \log_2 3} = \frac{3}{4} \times \log_3 2 = \frac{3}{4} a$.

79(b): ত্রিভুজটির ক্ষেত্রফল $= \sqrt{S(S-a)(S-b)(S-c)}$

$= \sqrt{12(12-10)(12-8)(12-6)} = 24$ বর্গএকক।

80(b): জায়গার ক্ষেত্রফল $= (6 \times 4) = 24 m^2 = 2400$ dcm

$\therefore$ টালির ক্ষেত্রফল = 25 dcm

$\therefore$ টালি লাগবে $= \frac{2400}{25} = 96$টি।

81(b): বৃত্তাকার ক্ষেত্রের ব্যাসার্ধ $= \frac{z}{2}$ unit

বৃত্তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল $(x) = \pi \left(\frac{z}{2}\right)^2$ unit

বৃত্তাকার ক্ষেত্রের পরিধি $(y) = 2\pi \frac{z}{2}$ unit

$\therefore \frac{x}{yz} = \frac{\pi \times \frac{z}{2} \times \frac{z}{2}}{2 \times \frac{z}{2} \times z} = \frac{1}{4}$.

82(b): শ্রেণির দৈর্ঘ্য $25 \times 2 = 50$

$22.5 + 27.5 = 50$.

83(c): ধার্যমূল্য $= \frac{100}{80} \times 48 = 60$ টাকা।

84(a): $(125)^x = (625)^y$ হলে, $x : y = 3 : 4$.

85(c): $f(x) = 3x + 7$, $f(-x) = -3x + 7$

$f(x) + f(-x) = 3x + 7 - 3x + 7 = 14$.

86(b): $EF = \frac{1}{2}(AB + CD) \therefore EF = 6$ cm.

87(b): $\therefore AG = \frac{2}{\sqrt{3}} \times 3\sqrt{3} \times \frac{1}{2} = 3$ cm.

88(d): $1(-1-1) + 2(-1-1) + k(-1-1) = 0$

$\Rightarrow k = -3$.

89(d): দু'টি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত = 4 : 5

দু'টি বৃত্তের ক্ষেত্রফলের অনুপাত = 16 : 25.

90(c): উচ্চসীমা $= \frac{10}{2} + 44 = 49$.

91(c): CP = 100 → 10% SP = 110

− 10%↓ ↓

90 → $90 \times \frac{120}{100} = 108$

| কম দাম | CP |
|---|---|
| 2 | 100 |
| 180 | 9000. |

92(d): $x^3 - 6x^2 + 12x - 35 = (x)^3 - 3.2x^2 + 3.x.2^2 - 2^3 - 27$

$= (x-2)^3 - (3)^3 = (x-5)[(x-2)^2 + (x-2) \times 3 + 3^2]$

উৎপাদক $(x - 5)$.

93(a): $56 = k^{\frac{1}{a}}$, $5.6 = k^{\frac{1}{b}}$, $10 = k^{\frac{1}{c}}$

$\therefore \frac{k^{\frac{1}{a}}}{k^{\frac{1}{c}}} = k^{\frac{1}{b}} = k^{\frac{1}{a} - \frac{1}{c}} = k^{\frac{1}{b}} \therefore \frac{1}{a} = \frac{1}{b} + \frac{1}{c}$.

94(d): ধরি, বৃত্তের ব্যাসার্ধ = r cm

$\therefore \pi r^2 = 154 \Rightarrow r = 7$

$\therefore$ বর্গক্ষেত্রের কর্ণ 14 cm

বর্গক্ষেত্রের কর্ণ $= \frac{1}{2} \times 14 \times 14 = 98 \text{ cm}^2$.

95(c): $\therefore a + a + a\sqrt{2} = \sqrt{2} + 1 \Rightarrow \sqrt{2a}(\sqrt{2} + 1) = (\sqrt{2} + 1) \Rightarrow a = \frac{1}{\sqrt{2}}$

অতিভুজ = 1, ক্ষেত্রফল $\frac{1}{2} \times \frac{1}{\sqrt{2}} \times \frac{1}{\sqrt{2}} = \frac{1}{4}$.

96(a): $\therefore \angle ACB = 45°$.

97(c): $\frac{4}{3}\pi r^3 = 4\pi r^2 \therefore r = 3$.

98(b): শঙ্কুর উচ্চতা $= \sqrt{(17.5)^2 - \left(\frac{21}{2}\right)^2} = 14$ m

$\therefore$ আয়তন $= \frac{1}{3} \times \frac{22}{7} \times \left(\frac{21}{2}\right)^2 \times 14 = 1617$ m.

99(a): মূলধনের অনুপাত $= (10 \times 4 + 5 \times 8) : 12 \times 12 : 15 \times 12$

$= 80 : 144 : 180 = 20 : 36 : 45$

A-এর লাভ $= 1212 \times \frac{20}{101} = 240$ টাকা

B-এর লাভ $= 1212 \times \frac{36}{101} = 432$ টাকা

C-এর লাভ $= 1212 \times \frac{45}{101} = 540$ টাকা।

100(c): $\frac{3\sqrt{8} - 2\sqrt{12} + \sqrt{20}}{3\sqrt{18} - 2\sqrt{27} + \sqrt{45}} = \frac{6\sqrt{2} - 4\sqrt{3} + 2\sqrt{5}}{9\sqrt{2} - 6\sqrt{3} + 3\sqrt{5}}$

$= \frac{2(3\sqrt{2} - 2\sqrt{3} + \sqrt{5})}{3(3\sqrt{2} - 2\sqrt{3} + \sqrt{5})} = \frac{2}{3}$.

*প্রস্তুত করেছেন: ধীমান ঘোষ ও অভিষেক রায়*

### স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

## কেন্দ্রীয় সরকারে গ্রুপ-সি 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) 20 (b) 19 (c) 22 (d) 16

15. 3, 13, 53, 213, _?_.

(a) 853 (b) 553 (c) 653 (d) 753

16. ABD, DGK, HMS, MTB, SBL, _?_.

(a) ZAB (b) ZKU (c) XKW (d) ZKW

17. BDF, CFI, DHL, _?_.

(a) EMI (b) CJM (c) EJO (d) EIM

18. Rakesh is on 9th position from upwards and on 38th position from downwards in a class. How many students are there in the class?

(a) 46 (b) 48 (c) 44 (d) 47

19. In a code STATION is written as URCRKMP, then BRING is written in that code:

(a) DPKLI (b) CSKLH (c) DSGLH (d) KSKPH

20. If '+' means '×', '−' means '÷', '÷' means '+' and '×' means '−', then what will be the value of the following expression?

540 − 36 + 12 ÷ 75 × 55

(a) 235 (b) 176 (c) 512 (d) 255

21. Find out the missing number from the given responses.

| | | |
|---|---|---|
| 45 | 11 | 1 |
| 12 | 0 | 1 |
| 57 | 11 | ? |

(a) 10 (b) 0 (c) 68 (d) 2

22. Select the word which cannot be formed using the letters of the given word.

ECCENTRICITY

(a) TRINITY (b) RETICENT (c) NIECE (d) CREATE

23. If blue is called pink, pink is called green, green is called yellow, yellow is called red and red is called white, then what is the colour of turmeric?

(a) pink (b) yellow (c) green (d) red

24. Arrange the words given below in a meaningful sequence.

1. Shoulder 2. Wrist 3. Elbow 4. Palm 5. Finger

(a) 3, 1, 4, 2, 5 (b) 2, 4, 5, 3, 1 (c) 5, 4, 2, 3, 1 (d) 3, 4, 5, 2, 1

25. Here, how many people study only two subjects?




(a) 12 (b) 40 (c) 23 (d) 11

**General Awareness**

26. The period of one revolution of sun around the centre of galaxy is called:

(a) Light year (b) Parsec (c) Astronomical year (d) Cosmic year

27. The chemically inactive gas present in the atmosphere is:

(a) oxygen (b) water vapour (c) nitrogen (d) argon

28. The Saturn rings were discovered by:

(a) Galileo (b) Newton (c) Copernicus (d) None of these

29. Continents have drifted apart because of:

(a) folding and faulting of rocks (b) volcanic eruptions (c) tectonic activities (d) All of the above

30. A sudden fall in the barometric reading indicates:

(a) extreme cold (b) rain (c) storm (d) fine weather

31. The members of the Rajya Sabha are elected by the:

(a) Lok Sabha (b) elected members of the legislative assembly (c) people (d) elected members of the legislative council

32. The power to decide an election petition is vested in the:

(a) Election Commission (b) Parliament (c) Supreme Court (c) High Courts

33. The President can expend out of the contingency fund of India:

(a) without the approval of the parliament (b) only with the approval of the parliament (c) only in the case of national calamities (d) None of these

34. The pass located at the southern end of the Nilgiri Hills in south India is called:

(a) the Bolan pass (b) the Palghat gap (c) the Bhorgha pass (d) the Thalghat pass

35. The only state in India that produces saffron, is:

(a) Meghalaya (b) Assam (c) Himachal Pradesh (d) Jammu and Kashmir

36. The zonal soil type of peninsular India belongs to:

(a) older alluvium (b) red soils (c) yellow soils (d) black soils

37. In mirrors, the back surface is coated with a thin layer of:

(a) red oxide (b) mercury (c) silver nitrate (d) silver

38. Vinegar made by fermentation from sugar-cane contains:

(a) acetic acid (b) palmitic acid (c) lactic acid (d) citric acid

39. Blood groups were discovered by:

(a) Morgan (b) Land Steiner (c) William Harvey (d) Weismann

40. Which of the following oilfields is situated in North-Eastern region of India?

(a) Digboi (b) Kalol (c) Ankaleshwer (d) Mehsana

41. Which of the following is not an UNESCO World Heritage Site in India?

(a) Rani ki Vav (b) Ajanta caves (c) Konarak Sun temple (d) Brihadeswara temple

42. The number of satellites of the planet Mercury is:

(a) 2 (b) 16 (c) 1 (d) 0

43. Which of the following is regarded as the source of instant energy?

(a) minerals and vitamins (b) fats (c) carbohydrates and fats (d) carbohydrates only

44. Which of the following quantity cannot be negative?

(a) velocity (b) distance (c) acceleration (d) displacement

45. Human Development Index was developed by:

(a) Montek Singh (b) Amartya Sen (c) Friedman (d) Mahbub-ul-Haq

46. Nanda Devi Biosphere Reserve of India is located in the state of:

(a) Meghalaya (b) Himachal Pradesh (c) Uttarakhand (d) Sikkim

47. India's first official census operation was undertaken in which year?

(a) 1961 (b) 1841 (c) 1881 (d) 1921

48. Bleaching powder is used drinking water as a/an:

(a) coagulant (b) disinfectant (c) antibiotic (d) antiseptic

49. Air is a/an:

(a) mixture (b) electrolyte (c) element (d) compound

50. Quartz is a crystalline form of:

(a) limestone (b) aluminea (c) glass (d) silica

**Answers**

1(d), 2(c), 3(b), 4(d), 5(b), 6(b), 7(d), 8(a), 9(a), 10(b), 11(d), 12(a), 13(c), 14(b), 15(a), 16(d), 17(c), 18(a), 19(a), 20(b), 21(d), 22(d), 23(d), 24(c), 25(c), 26(d), 27(d), 28(a), 29(c), 30(c), 31(b), 32(d), 33(a), 34(b), 35(d), 36(b), 37(d), 38(a), 39(b), 40(a), 41(d), 42(d), 43(d), 44(b), 45(d), 46(c), 47(c), 48(b), 49(c), 50(c).

*এরপর আগামী সংখ্যায়*

*প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার*

পেশাপ্রবেশ
চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

প্রতিমাসেই বেরনো মাত্র ফুরিয়ে যায়, কারণ:

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার উৎকৃষ্ট ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয়ও সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

ফুরোবার আগেই সংগ্রহ করুন।

# রাজ্যে ২০২১ গ্রামীণ ডাক সেবক

*প্রথম পাতার পর*

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত মাধ্যমিক পাশ। প্রার্থীকে অবশ্যই মাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে বাংলা (নেপালিভাষীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়) পড়ে থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার ব্যবহারের জ্ঞান থাকতে হবে এবং কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অন্তত ৬০ দিনের কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেট থাকতে হবে। কম্পিউটার সার্টিফিকেট না থাকলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক বা স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে কম্পিউটার পড়ে থাকতে হবে।

প্রার্থীকে অবশ্যই সাইকেল চালানো জানতে হবে। মোটর সাইকেল চালানো জানলেও চলবে।

**বয়স:** ১৮-২-২০২০ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ বছরের ছাড় পাবেন।

গ্রামীণ ডাক সেবক (ব্রাঞ্চ পোস্টমাস্টার) পদে নির্বাচিত প্রার্থী যদি সংশ্লিষ্ট অঞ্চলের বাসিন্দা না হয়ে থাকেন, তাহলে, কাজে যোগদানের আগে তাঁকে সংশ্লিষ্ট শাখা ডাকঘর-সংলগ্ন গ্রামে বসবাসের ব্যবস্থা করতে হবে। এই মর্মে প্রার্থীকে আবেদনের সময়ই একটি ঘোষণাপত্র জমা দিতে হবে। অন্য পদের ক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট গ্রাম বা সংশ্লিষ্ট শাখা ডাকঘরের ডাক বিতরণের এলাকার বাসিন্দা হতে হবে।

ডাক বিভাগের তরফে জানানো হয়েছে, প্রার্থীর অন্যান্য সূত্র থেকেও উপার্জনের ব্যবস্থা থাকতে হবে। তবে বর্তমানে অন্য কোনও সূত্র থেকে উপার্জনের ব্যবস্থা না থাকলেও আবেদন করা যাবে। নির্বাচিত হিসেবে ঘোষিত প্রার্থীদের ১ মাসের মধ্যে, কাজে যোগদানের আগে অন্য সূত্র থেকে উপার্জনের প্রমাণ দাখিল করতে হবে।

ডাকঘর হিসেবে কাজ চালানোর উপযোগী জায়গার ব্যবস্থা করতে হবে ব্রাঞ্চ পোস্টমাস্টার পদে নির্বাচিত প্রার্থীকেই এবং সে-বাবদ খরচও বহন করতে হবে সংশ্লিষ্ট ব্রাঞ্চ পোস্টমাস্টারকে।

গ্রামীণ ডাক সেবক-ব্রাঞ্চ পোস্টমাস্টার ও অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্টমাস্টার পদে নির্বাচিতদের ১,০০,০০০ টাকা সিকিউরিটি ডিপোজিট হিসেবে জমা রাখতে হবে।

ডাক সেবকদের এমন কোনও এজেন্সির সঙ্গে যুক্ত থাকা চলবে না যার কাজকর্ম ডাক বিভাগের কাজের পক্ষে ক্ষতিকারক হয়ে দাঁড়ায়।

প্রার্থী বাছাই হবে মাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে স্বয়ংক্রিয় পদ্ধতিতে তৈরি মেধা তালিকা অনুসারে। মাধ্যমিকের প্রতিটি বিষয়েই পাশ নম্বর থাকতে হবে। একাধিক প্রার্থীর একই নম্বর থাকলে বয়সের নিরিখে (উচ্চতর বয়সের প্রার্থীরা অগ্রগণ্য) মেধা তালিকা তৈরি হবে।

ডাক সেবকরা তাঁদের কাজের বিনিময়ে অ্যালাওয়েন্স পাবেন। পদ অনুসারে অ্যালাওয়েন্সের পরিমাণ: ব্রাঞ্চ পোস্টমাস্টার: ১২,০০০-১৪,৫০০ টাকা, অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্টমাস্টার/গ্রামীণ ডাক সেবক: ১০,০০০-১২,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে ১৮ মার্চের মধ্যে। অনলাইন আবেদনের জন্য প্রথমে নাম রেজিস্টার করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: https://indiapost.gov.in, http://appost.in/gdsonline রেজিস্টার করার পরে রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন।

ফি বাবদ সাধারণ, ও বি সি এবং আর্থিকভাবে অনগ্রসর ক্যাটেগরির পুরুষ প্রার্থীদের ১০০ টাকা জমা দিতে হবে নিকটবর্তী কোনও পোস্ট অফিসে। নির্দিষ্ট পোস্ট অফিসগুলির তালিকা পাবেন এই ওয়েবসাইটে: http://appost.in/gdsonline পোস্ট অফিসের কাউন্টারে রেজিস্ট্রেশন নম্বরটি জানাতে হবে। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি লাগবে না। এছাড়া অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমেও ফি দেওয়া যাবে।

রেজিস্ট্রেশন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফি পেমেন্ট নম্বর উল্লেখ করে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://indiapost.gov.in দরখাস্তে পছন্দের ক্রমানুসারে পদের নাম উল্লেখ করা যাবে।

দরখাস্তে এইসব নথিপত্র জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করে আপলোড করতে হবে: (১) মাধ্যমিকের মার্কশিট বা সার্টিফিকেট এবং জন্মতারিখের প্রমাণপত্র। ফাইল সাইজ হতে হবে ২০০ কেবি-র মধ্যে। (২) কম্পিউটার সার্টিফিকেট (থাকলে)। ফাইল সাইজ হতে হবে ২০০ কেবি-র মধ্যে। (৩) প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেট। ফাইল সাইজ হতে হবে ২০০ কেবি-র মধ্যে। (৪) ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ কেবি সাইজের মধ্যে)। (৫) সই (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ কেবি সাইজের মধ্যে) (৬) দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (২০০ কেবি সাইজের মধ্যে)।

নির্বাচিত হলে প্রার্থী ডাক বিভাগ থেকে এস এম এস ও ই-মেল পাবেন।

খুঁটিনাটি তথ্য এবং অঞ্চল অনুসারে শূন্যপদের তালিকা দেখা যাবে উপরোক্ত দুই ওয়েবসাইটে। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন ওয়েস্ট বেঙ্গল সার্কেলের এই হেল্প ডেস্ক নম্বরে ০৩৩-২২১২-০৫৭৮। তথ্যের জন্য মেল করতে পারেন এই ই-মেল অ্যাড্রেসেও: wbgdscyl2@gmail.com

# ইন্ডিয়ান মিউজিয়ামে চাকরি

আর্কিওলজি, অ্যানথ্রপলজি, ইনফর্মেশন টেকনোলজি-সহ বিভিন্ন শাখায় ২৭ জন কর্মী নেবে ইন্ডিয়ান মিউজিয়াম। শুধুমাত্র অবসরপ্রাপ্ত কেন্দ্রীয় সরকারি কর্মীরা আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 2/2020.

শূন্যপদের বিবরণ: **কনসালট্যান্ট**: ১৩টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, ও বি সি ৩)। নিয়োগ হবে আর্কিওলজি, নুমিসম্যাটিক্স অ্যান্ড এপিগ্রাফি, প্রি হিস্ট্রি, অ্যানথ্রপলজি, ফাইন আর্টস, কনজারভেশন, পাবলিকেশন, অ্যাডমিনিস্ট্রেশন, ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস, এস্টাব্লিশমেন্ট, প্রোকিওরমেন্ট, লিগাল ম্যাটার এবং স্টোর্স অ্যান্ড পারচেজ বিভাগে। **ইয়ং প্রফেশনাল**: ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। নিয়োগ হবে ইনফর্মেশন টেকনোলজি, লাইব্রেরি, আর্কিওলজি, আর্ট, জে এ টি এ এন, অ্যানথ্রপলজি, এডুকেশন, কনজারভেশন বিভাগে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.indianmuseumkolkata.org প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১৬ মার্চের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

আবেদনের যোগ্যতা ও দরখাস্তের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# হিন্দুস্তান কপারে ১২০ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

১২০জন তরুণ-তরুণীকে বিভিন্ন ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে হিন্দুস্তান কপার লিমিটেড। একটি লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই হবে। লিখিত পরীক্ষা ২৯ মার্চ। প্রশিক্ষণ দেওয়া হবে সংস্থার মালঞ্জখণ্ড কপার প্রোজেক্টে। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট ১৯৬১ অনুসারে প্রশিক্ষণ হবে। ট্রেড অনুসারে আসনসংখ্যা: ইলেক্ট্রিশিয়ান ২০ টি, ইনস্ট্রুমেন্ট মেকানিক ২টি, মেকানিক ডিজেল ১১টি, ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ১৪টি, ফিটার ১৪টি, টার্নার ৬টি, রেফ্রিজারেশন অ্যান্ড এ সি মেকানিক ২টি, ড্রাফটসম্যান (মেকানিক) ৩টি, ড্রাফটসম্যান (সিভিল) ১টি, সার্ভেয়র ৫টি, কার্পেন্টার ৩টি, প্লাম্বার ২টি, ম্যাসন (বিল্ডিং কনস্ট্রাক্টর) ১টি, টেলিকম মেকানিক ২টি, হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট ২টি, শর্টফায়ারার/ব্লাস্টার (মাইনস) ১৪টি, মেট (মাইনস) ১৮টি।

**শিক্ষাগত যোগ্যতা:** হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট, শর্টফায়ারার/ব্লাস্টার (মাইনস) এবং মেট (মাইনস) ট্রেডের ক্ষেত্রে মাধ্যমিক। অন্য সবক'টি ট্রেডের ক্ষেত্রে মাধ্যমিক এবং সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ।

**বয়স:** ৩১-০১-২০২০ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**প্রশিক্ষণের মেয়াদ:** মেট (মাইনস) ট্রেডের ক্ষেত্রে ৩ বছর। হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট এবং শর্টফায়ারার/ব্লাস্টার ট্রেড দু'টির ক্ষেত্রে ২ বছর। অন্য সবক'টি ট্রেডের ক্ষেত্রে ১ বছর।

প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

২০১৬ সালের আগে আই টি আই ট্রেড কোর্স পাশ করে থাকলে প্রার্থী আগে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নেননি অথবা চাকরি করেননি এই মর্মে কোনও নোটারি পাবলিকের কাছ থেকে নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে হলফনামা (এফিডেভিট) জমা দিতে হবে।

দরখাস্ত করার জন্য প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in এরপর এস্টাবলিশমেন্ট মেনুতে গিয়ে 'এস্টাবলিশমেন্ট সার্চ'-এ হিন্দুস্তান কপার লিমিটেড, মালঞ্জখণ্ড কপার প্রোজেক্ট সিলেক্ট করে ক্লিক করতে হবে। রেজিস্ট্রেশন করার পরে একটি নম্বর পাওয়া যাবে। দরখাস্তে এই নম্বরটি উল্লেখ করতে হবে।

দরখাস্ত করবেন এ-ফোর মাপের কাগজে, নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.hindustancopper.com এই ট্রেনিংয়ের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: HCL/MCP/HR/Apprentice/2020.

দরখাস্তের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট বা মার্কশিট, বয়স, তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে যথাক্রমে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, এফিডেভিট (প্রযোজ্য ক্ষেত্রে), আধার কার্ড ইত্যাদির স্বপ্রত্যয়িত প্রতিলিপি এবং ২ কপি ফটো দিতে হবে।

নথিপত্র-সহ দরখাস্ত পৌঁছতে হবে ১২ মার্চের মধ্যে, এই ঠিকানায়: Manager (HR), Hindustan Copper Limited, Malanjkhand Copper Project, Tehsil : Birsa, P.O.: Malanjkhand, District : Balaghat, Madhya Pradesh-481 116.

# কেন্দ্রীয় সরকারে ১৩৫৫ চাকরি

*প্রথম পাতার পর*

সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER11520: **গার্ল ক্যাডেট ইনস্ট্রাক্টর (মহিলা)**: শূন্যপদ ১৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ২০ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে দিল্লির ডিরেক্টোরেট জেনারেল এন সি সি-তে।

পোস্ট কোড ER11620: **সিনিয়র জুলজিক্যাল অ্যাসিস্ট্যান্ট**: শূন্যপদ ৯০টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER11920: **জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ড্রিলিং)**: শূন্যপদ ৩৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER12020: **সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওফিজিক্স)**: শূন্যপদ ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER12120: **লাইব্রেরি ক্লার্ক (বাইন্ডিং)**: শূন্যপদ ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার ন্যাশনাল লাইব্রেরিতে।

পোস্ট কোড ER12220: **ল্যাবরেটরি টেকনিশিয়ান**: শূন্যপদ ১৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। **বয়স:** ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার ইনস্টিটিউট অব সেরোলজিতে।

পোস্ট কোড ER12320: **অফিস অ্যাটেন্ড্যান্ট (এম টি এস)**: শূন্যপদ ১১টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার নিউ আলিপুরের জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER12420: **ফিল্ড অ্যাটেন্ড্যান্ট (মাল্টি টাস্কিং-সহ)**: শূন্যপদ ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার নিউ আলিপুরের জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER12520: **সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (আর পি টি)**: শূন্যপদ ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার সল্ট লেকের ন্যাশনাল টেস্ট হাউসে।

পোস্ট কোড ER12620: **সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল)**: শূন্যপদ ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার সল্ট লেকের ন্যাশনাল টেস্ট হাউসে।

পোস্ট কোড ER12720: **সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিক্যাল)**: শূন্যপদ ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার সল্ট লেকের ন্যাশনাল টেস্ট হাউসে।

পোস্ট কোড ER12820: **সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ফিজিক্যাল সিভিল)**: শূন্যপদ ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার সল্ট লেকের ন্যাশনাল টেস্ট হাউসে।

পোস্ট কোড ER13020: **সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল)**: শূন্যপদ ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার সল্ট লেকের ন্যাশনাল টেস্ট হাউসে।

পোস্ট কোড ER13320: **রিসার্চ অ্যাসোসিয়েট (ফিজিক্যাল অ্যানথ্রপলজি ডিভিশন)**: শূন্যপদ ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার অ্যানথ্রপলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER13420: **রিসার্চ অ্যাসোসিয়েট (কালচারাল অ্যানথ্রপলজি)**: শূন্যপদ ৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা উচ্চতর। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার অ্যানথ্রপলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

পোস্ট কোড ER14120: **সিনিয়র সার্ভেয়র**: শূন্যপদ ২৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে কলকাতার জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

সব ক্ষেত্রেই ১-১-২০২০ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১০ জুন থেকে ১২ জুন। অনলাইন পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স, জেনারেল অ্যাওয়ারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (বেসিক এরিথমেটিক স্কিল), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (বেসিক নলেজ) বিষয়ে। প্রতিটি বিভাগ ৫০ নম্বরের। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে সেন্টার কোড): কলকাতা (৪৪১০), হুগলি (৪৪১৮) এবং শিলিগুড়ি (৪৪১৫)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২০ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। দরখাস্তের সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি টুকে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না। অনলাইনে নেট ব্যাঙ্কিং, ভিসা, মাস্টারকার্ড, মায়েস্ত্রো, রুপে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। এ ছাড়া ভিম অ্যাপের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। পাশাপাশি, এস বি আই চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় অফলাইনেও ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়া যাবে অনলাইনের ক্ষেত্রে ২৩ মার্চ এবং অফলাইনের ক্ষেত্রে ২৫ মার্চ পর্যন্ত। তবে অফলাইনের ক্ষেত্রে ২৩ মার্চের মধ্যে চালানের প্রিন্ট আউট নেবেন।

অনলাইনে যথাযথভাবে দরখাস্ত সাবমিট করে পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। অন্যান্য রিজিয়নের শূন্যপদ-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ন্যাশনাল ইনফর্মেটিক্সে ৪৯৫

*প্রথম পাতার পর*

**সায়েন্টিফিক/টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট-এ:** শূন্যপদ ২০৭ (সাধারণ ৮৬, তফসিলি জাতি ৩১, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৫৫, আর্থিকভাবে অনগ্রসর ২০)। এর মধ্যে ৯টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** নির্দিষ্ট বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখার যে-কোনওটিতে বি ই বা বি টেক বা এম এসসি অথবা এম সি এ। ইঞ্জিনিয়ারিং শাখাগুলি হল: **ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস, কম্পিউটার সায়েন্সেস, কম্পিউটার অ্যান্ড নেটওয়ার্কিং সিকিউরিটি, সফটওয়্যার সিস্টেম, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেটিক্স।**

**বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**বয়স:** ২৬-০৩-২০২০ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ বছরের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.calicut.nielit.in দরখাস্ত করা যাবে ২৬ ফেব্রুয়ারি থেকে ২৬ মার্চ পর্যন্ত। খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

# নর্দার্ন কোলফিল্ডসে ৩০৯

*প্রথম পাতার পর*

ভেহিক্যাল লাইসেন্স থাকতে হবে। ডোজার অপারেটর এবং গ্রেডার অপারেটর ট্রেনি পদের ক্ষেত্রে ট্রাক্টর চালানোর বৈধ অনুমোদন থাকতে হবে।

সব ক্ষেত্রেই মাধ্যমিকে অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ এবং ও বি সিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর থাকতে হবে।

**বয়স:** ৩০-৩-২০২০ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রথমে তিন বছরের প্রশিক্ষণ। প্রশিক্ষণ চলাকালীন ড্র্যাগলাইন অপারেটর ট্রেনি পদের ক্ষেত্রে স্টাইপেন্ড বাবদ দেওয়া হবে ট্রেনিংয়ের প্রথম বছরে দিন প্রতি ১,০৩৪.০৪ টাকা, দ্বিতীয় ও তৃতীয় বছরে দিন প্রতি ১,০৬৫.৫৫ টাকা। অন্যান্য ট্রেনি পদের ক্ষেত্রে স্টাইপেন্ড হিসেবে দেওয়া হবে দিন প্রতি ১,০১১.২৭ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। ড্র্যাগলাইন অপারেটরের ক্ষেত্রে অতিরিক্ত টেকনিক্যাল টেস্ট দিতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nclcil.in দরখাস্ত করা যাবে ১৬ মার্চ থেকে ৩০ মার্চ পর্যন্ত। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা। তফসিলি এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নার্স ও নার্সিং : সেবা ও পেশা

"সেবা যদি হয় তোমার স্বপ্ন
স্বাস্থ্য সেবাই হোক আসল কর্ম"

নার্সিং শব্দের আভিধানিক অর্থ সেবা করা। এই নার্সিং শব্দ থেকেই নার্স শব্দটি এসেছে। যারা নার্সিং বিষয়ে দক্ষ, তাদেরকেই নার্স বা সেবিকা বলা হয়।

সেবিকা মানেই হল মনে - মানে - রঙে ও পোশাকে সাদা। আবার শান্তির প্রতীকও সাদা। তাই এই পেশায় আসতে হলে সাদা ইউনিফর্ম গ্রহন করে অবশ্যই সেবা মনস্ক হতে হবে। এমনই সেবামূলক এক পেশা হল নার্সিং।

এই পেশায় আত্মনিয়োগ করে একদিকে যেমন মানুষের সেবা করা যায়, তেমনি ভবিষ্যৎও উজ্জ্বল। দেশ ও দেশের বাইরে এই নার্সিং পেশার জনপ্রিয়তা অন্যান্য পেশার থেকে বর্তমানে অনেক কদম এগিয়ে। সরকারি ও বেসরকারি হাসপাতালের পাশাপাশি ক্লিনিকগুলিতে অফুরন্ত কাজের সুযোগ। তাই সময় আর সুযোগ নষ্ট না করে আজই সঠিক সিদ্ধান্ত গ্রহণ করুন। আপনার উজ্জ্বল ভবিষ্যৎ কামনায় আমরা দেখাচ্ছি এর সঠিক দিশা..............

# GNM নার্সিং
# B.Sc নার্সিং




**Approved by : Indian Nursing Council (INC)**

যোগ্যতা ঃ H.S. পাশ ও 40% (GNM) এবং 45% (B.Sc Nursing) মার্কস। ছেলে এবং মেয়ে উভয়ের জন্য। বয়স ঃ 17 থেকে 35 বছরের মধ্যে।

**সুখবর! সুখবর! সুখবর!**

মাত্র ৫ দিনের জন্য (২৫-২৯ ফেব্রুয়ারী) পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পুরুলিয়ার ছেলে-মেয়েরা উক্ত সময়ের মধ্যে ভর্তি হলে কোর্স ফি তে (GNM & BSC Nursing) 40,000 টাকা ছাড় এবং সঙ্গে Laptop Free.

**বিশেষ বিজ্ঞপ্তি**

Students Counseling এর জন্য দক্ষ ও অভিজ্ঞ Female Counselor চাই। শিক্ষাগত যোগ্যতা Minimum Post Graduate, MBA Pass হলে অগ্রাধিকার। Salary ₹ 12000-35000। Bio-Data পাঠান 9007697749 এই Whatsapp No. এ। CV পাঠানোর শেষ তারিখ 29.02.2020 পর্যন্ত।

**সরাসরি ভর্তি চলিতেছে 2020-21**

D.Pharm, B.Pharm
B.Ed, D.El.Ed
M.Ed, B.P.Ed
LLB, MBA,
BBA, BCA,
Hotel Management
B.Sc Agriculture

**সিস্টার আলফোনসা একাডেমি**
H.O. : Sonarpur, Missionpally, Kol-150
9836006024

**HALDAR ACADEMY**
সোনারপুর ঃ (Sister Concern)
9007700707

**BANKURA NATIONAL INSTITUTE**
বাঁকুড়া ঃ (Sister Concern)
8348043505

পশ্চিমবঙ্গের সমস্ত জেলাতে Franchisee দেওয়া হচ্ছে। প্রতিষ্ঠিত জ্ঞানীগুনী উৎসাহী ব্যাক্তিগন, বিভিন্ন ছোট-বড় কোচিং সেন্টার, ক্ষুদ্র ও প্রতিষ্ঠিত সৎ ব্যবসায়ী সহ শিক্ষিত ব্যাক্তিগন নিজ এলাকায় নতুন নতুন সেন্টার খুলে স্বনির্ভর হতে সরাসরি যোগাযোগ করুন-"No Franchisee Fees". Call & Whatsapp : 9382475384 (In-Charge) Website : www.sisteralphonsaacademy.com

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১ থেকে মুদ্রিত।
প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in